সালে ভারতের তদানীস্থন প্রধানমন্ত্রী নেহেকজী বলেছিলেন বে ছ'বছরের মধ্যে ভারতবর্ষকে খাছালছে আমি স্বয়ংসম্পূর্ণ করে দেবো। ১৯৫০ সাল পার হয়ে যাবার সময় শ্রীবিনোবা ভাবে, কম্নিট নয়, বলেছিলেন নেহেকর পদভাগে করা উচিত কারণ তিনি যে আধাস দিয়েছিলেন, যে আত্মবিশাস নিয়ে বলেছিলেন, সেটা তিনি করতে পাবেননি। পদভাগে তিনি করেননি, তাঁর সম্বন্ধে আমি আর কিছু বলছি না কিন্তু তারণর পরবতীকালে এই আাসেম্বলী হাউদে শুনেছি, ১৯৫৫ সালের প্রসিণ্ডংস পড়লে দেখতে পাবেন আমাদের বর্তমান যিনি ম্থামন্ত্রী ছিনি তথন খাছ্মমন্ত্রী এবং ছাউক্মন্ত্রী ছিলেন, তিনি বাজেট ডিস কাশনের সময় বলেছিলেন যে খাছে স্বয়ংসম্পূর্ণ নাকি হয়ে গিয়েছি এবং ঠাটা করেছিলেন বিরোধী দলের লোক নাকি বেকার হয়ে যাজে এবং তাঁরা আর থান্ত খাদ্য নিয়ে চিৎকার করতে পারবেন না। আজ '৬৫ সাল, ১০ বছর পরেও শুনছি দেশে ভীষণ খাদ্যসম্বন্ত এবং আমাদের স্বাইকে ত্যাগে স্বীকার করতে হবে। ত্যাগে স্বীকার কি রক্ম, না সপ্তাহে একবেলা খেছে পাবে না। কোটি কোটি লেক তারা ত হবেলা পেট ভরে খেতে পায় না সারা বছর, একবেলা খেছে আছে। তারাতো ত্যাগ স্বীকার করছেই, ত্যাগ স্বীকার তাদের কাছে বলুন যাঁরা এই সংকট স্বৃষ্টি করেছে এবং ঐ কংগ্রেস নেতাদের কাছে। সাধারণ ক্রমক, গ্রামের মধ্যবিত্ত, নিমুমধ্যবিত্ত তাদের কাছে ভাগের কথা বলতে হবে না। মাননীয় সভাপতি মহাশ্য, এই খাদ্যমন্ত্রী গত বছর আমাদের কাছে বলেছিলেন ওজনিনী ভাষায় যে এবার খাদ্যাভাব হবে না কারণ ক্রপ হরেছে।

[3-3-10 p,m.]

১৯৬৪-৬৫ সালে বাম্পার ক্রপ হয়েছে--১৯৬৫ সালের জ্বন্ত থাতে আরু কোন ঘাটডি পাকার কারণ নেই। কারণ বিশেষ করে কলকাতাকে রেসিনিং এরিয়া করে। দিয়েছি। অর্বিন্দ্রাস চলে গেলেন শুধু একথ আমি তাঁকে শুনিয়ে দিছে চেয়েছিলাম যে সেদিন বিরোধী দলের নেতা তিনি এই কথা বার বার বলেছিলেন এবং সেদিন আমরাও বলেছিলাম তার মধ্যে আমি এক শ্বন ছিলাম আপ'ন এই শুধু কলকাতাকে রেসনিং এলাকা করার ফল কি হবে সেটা আনেবালিবাচকে লেখতে পাচ্ছি। যে গ্রামে আপনারা কোটি কোটি লোককে ঐ মনাফাথোর জোভদার, মানিলেণ্ডার ভাদের হাতে ছেড়ে দিছেন এবং ছারা গ্রামে হা শাকার করে বেডাবে পালের জন এবং খাল সমস্ত চোরাকারবারী:দর হাতে চলে যাবে-আপনাদের হাতে আর খাল গাকরে না। আজকে ভারা নির্ভর করছেন ঐ সমস্ত চালকল মালিকদের উপর যাদের কাছ থেকে আশা করছেন যে শতকরা ৫০ ভাগ নেবেন, কিন্তু তা পেয়ে/চন কি? পান নি। দেদিন আমরা বার বার বলেছিলাম যে এইভাবে খান্তসম্ভার সমাধান করতে পারেন না. কাজেই খালসমভার সমাধান হয়নি তিনি বলেছিলেন যে রেসনিং করে দিয়েছি, আর গ্রামাঞ্চল আমি মডিফায়েড রেসনিংলে এক কে জি. চাল এবং এক কে. জি. গম দিয়ে যাবেং কিন্তু কোনটাই রাখতে পারলেন না। এই রেসনের অবস্থা কি দিনের পর দিন রেসনিংয়ের কোরানটিটি কমে কমে আসভে। আভকে শ্রমিকরা যার। ঐ বাউরিয়াচটকলে কাজ করছে ভারা আমাকে জিজ্ঞালা করেছিল যে আমরা একবেলা ছোলা খেয়ে ছটো তাঁত চালাতে পারবো না। বিধানসভার দাঁড়িরে একথা বলছি আমি এটা সেদিন শ্রমমন্ত্রীকে বলেছিলাম এবং ভার সেক্ষেটারীকেও বলে এসেছিলাম যে শ্রমিকরা ছটো তাঁত এক সংগে চালাতে পারবে না। ক:রণ ভাষের ছোলা খেতে হচ্ছে, ছইবেলা ছোলাখোয়ে ছটো তাঁভ চালাবার ক্লাকেউ কি কল্পনা করতে পারেন ? বিধানসভার ঘাঁরে৷ এখানে আছেন তারো কি জানেন না ষে ছোলার কারবার কারা করেন্ এই বিধানসভারই ঘাঁরা ওধারে বসে তাঁদেৱই কিছুলোক ছোলা ৫০ টাকা মণ দরে বিক্রিক করছে এবং তাই কিনে শ্রমিকরা খাচ্ছে এবং খেলে কারবার চালাচ্ছে কাদের জন্ত- ঐ বড়বড় মুনাফাখোর বাঙ্গুর কোং, বার্ড কোং এবং ম্যাক্ষিলন কোং এদের মুনাকা বাড়াবার জন্ম আর এবানে আমাদের বক্ত্তা হচ্ছে উৎপাদন বংড়াও फेरलाइन बाजारव काव कन ? के मुनाकारबाबरकत बन्न बाजारव ? जात जाता निरकता ना

থেরে ছোল। খেরে উৎপাদন বাড়াবে? তাই ভাদের আমি বলতে পারিনি থে ভোমরা ধর্মঘট কোরোনা। ছোলা থেয়ে তুটো তাঁত চালাও, একথা আমি বলবোও না তাদের এটা আমি পরিষ্কার বলে যাচ্ছি। এই ভো আমাদের অবস্থা। এইভাবে আমাদের কোন কণাডেই মুখ্যমন্ত্ৰী এবং কংগ্ৰেস সন্ত্ৰকার কানই দেন না। বার বার আমরা বলেছিলাম কালোবাজারীদের হাত থেকে আপনারা ধানচাল নিয়ে থান্তের পাইকারী ব্যবসাটাকে সরকার নিজের হাতে নিন, ১৯৫১ সালের কণা-মনে নেই, এই দাবি নিয়ে রাইাটাস বিল্ডিংস-এ আসতে গিয়ে ৮০ জন লোককে গুলি করে মারলেন সেকণা আমরা ভূলতে পারিনি, কি দাবি ছিল তাদের? ৰাজকে ভাশনাশাইজ করে। ধাত্তশভের পাইকারী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ব করে।। এই করেছিল ঐ কৃষক শ্রমিক-মবাবৃত্তরা। সেদিন কী অধ্বাব আপনার। দিয়েছিলেন ? তা কি আমাদের স্মরণ নেই? সেদিন ভো আমরা পজেটিভ সাজেমন দিতে এসেছিশাম এবং সেই প্জেটিভ সাঞ্চেস্নের জ্বাব আমরা পেয়েছিলাম। কাজেই অরবিন্দ্বাবু চলে গেলেন ভাঁকে একট স্মারণ করিয়ে দিতে চেয়েছিলাম। স্বতরাং একপাই শুধু আব্দকে ব বে আপনার। কোন একটা আছুগায় যদি সফল হতেন ভাহলে আমরা বলাভাম যে এই জারগায় আপনারা স্ফল হয়েছেন। আত্তক এসে মুখ্যমন্ত্ৰী বলছেন আমরা আংশিকভাবে বার্থ ১য়েছি। টিউবওয়েল দেবেন, জল দেবেন কৃষ্কদের, তা কি পেরেছেন? আপনারা বলেছিলেন রিক্রেম করবো ফ্যালো ল্যাপ্ত তা কতট। করতে পেরেছেন? ৫৬ হাজার একর চাষ করবেন বলে টারগেট করেছিলেন ১৯৬৪ সালে সেখানে কত হাজার করেছেন ২৫%—.৪ হাজার মাত্র এই তো আপনাদের কৃতিত্ব। ভারপরে আপনারা বলেছিলেন যে এবারে আমরা সফল হবো। একদিকে আপনার৷ ভূমিসংস্কার করদেন না আপনারা বলেছিলেন যে জমিদরিপ্রথা উঠিয়ে দিয়ে জমি সরকার হাতে নেবেন, কিন্তু দেই জমি সরকারের হাতে আসলোনা। জমিধে কোথায় গেল সরকার নাকি তার খোঁজ জানেন না। আমর। জানি বেনামী হচ্চে। জমিলারের ছেলে. নাতি, গুরুনাতি, গুরু ছেলে স্বালের নামে বেনামী হলে যাচ্ছে কাজেই ঐ জাম সেই জ্মিদার জোতদারদের হাতেই থাকছে কিন্তু সরকার খুঁজে পাচ্ছেন না, কি করে পাবেন ? এ যে ক্ষেকজ্ঞন জে. এল. আর. ও এবং অফিসারদের যাদের পাঠানো হয় ভারা দেখেন এই ৰাজ্ঞাৱে লুটেপুটে থাও। কাজেই ভারা ঘুষ নিয়ে বেনামী জমি বেনামে রেখে দিচ্ছেন। স্বভরাং এইভাবে আপনার। সমস্ত জিনিস্টাকে পরিচালন। করছেন। এখানে ছুভিক্ষ অবকাস্তাৰী আদৰে—আমরা কানি উপায় নেই কিছু। আজও কি আপনি ভূমিদংস্কার করবেন ? কুষকদের হাতে জ্বমি দেবেন, আপনি কি ঋণ মৃক্বের ব্যবস্থা করবেন কৃষকদের, গ্রামে গ্রা:ম কুষ্করা যাতে এগ্রিকাপচ্যারাল ইম্পীমেন্টদ পায়, ঋণ পায় ভার ব্যবস্থা করবেন? সার গিরে যাতে কৃষকদের হাতে পৌছায় ভার কি ব্যবস্থা করবেন? রাজার মাঝখানে গিয়ে সার ব্লাকমাকেটিয়ারদের হাতে চলে যায়। দেই বাবহা তো কিছুই অংশনারা করেননি ভাৰলে কি করে জিনিসপত্তের আর কট্টোলই বলুন ঠিক রাধবেন কি করে? গতকাল আমরা আলোচনা করেছি একটা বিল নিয়ে সেই সময় বারবার বলেছিলাম যে দেখন আর একটা বিল আমাসছে—আমার একটাষম্ভন্ত-যার মধা থেকে আমাদের কিছু কিছু ৰাজন্তবা একটা সময় গ্রীৰ অনসাধারণ খেতে পেতো দাম কম হোত ব.ল উৎপাদনের সময় ভাও পারবে না. পারা বছর এক রকম দাম যাবে এবং ত। ক্রমশ বেড়ে বেড়ে যাবে। এই হোল কোল্ড होरदे अ विल । এই छार्ट अकिटो दे भेत अकिटो वावश्रा कदरवन शास्त्र करत मिर्नित भन्न मिन क्रिनित्तत्र माम আরও বাড়বে এবং তার ফলে আজকে চাঙ্গের দাম এই হয়েছে। এ বছর বেট। করছেন ঐ ধানকল চালকলের যারা মালিক তা:দর উপর ভরসা করছেন আমাদের মুধ্যমন্ত্রী। কাজেই এর ভবিশ্বৎ যে কি হবে তা আমরা বুরতে পারছি। জ্বোতদারদের কাছ বেকে ধান আদায় করতে পারবেন না এই কারবে যে কংগ্রেসের ঘারা লোক তারাই হচ্ছেন জোভদার গ্রামাঞ্জে—ভোতদারেরাই হচ্ছে কংগ্রেসের খুঁটি তালের কাছে গিল্পে খান আদার করার ক্ষতা আপনাদের নেই। তাঁদের লকে যোগসাজন করবে 🗟

মানিলেপ্রাররা ঐ অফি দারের। যে অফি দারনের সম্পর্কে কাগজে দেখলাম মুখ্যমন্ত্রী বলেছিলেন যে ওরা টাই বেঁখে থাকে-জনসাধাণের সঙ্গে ওলের কোন যোগাযোগ নেই। কিন্তু তাঁলের যোগাযোগ জো লারদের সঙ্গে আছে। ঐ ভাগচারী কৃষকদের পেটাবার অন্ত ঐ সমস্ত অফিসাররা বার। কা জাই জনসাধারণ ৰলভে যদি ঐ জোভদারণের বঝার ভাহলে জোতদারণের সংক অফিসারণের (शाजा शाज च्या ह जाव: शाकरव. रशमन भिलमानिकामत मात्र िष्टिके मान्ति हिंदे मान পুলিশের কর্তা দর তাঁ দর সঙ্গে দহরমমহরম থাকে এবং তাদের খোসামদ করতেই তারা সব সময় ব্যস্ত থাকেন। আমি থালি এথানে একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো কারণ আমার সময় নেই। শ্রীমতী বিজয়পদ্মী পণ্ডিত এবং শ্রীমতী পদ্মকা নাইড আমা দর এখানকার রাজ্যপালিকা তাঁরা চইজনে কলানী বিশ্ববিভালছের প্রথম সমাবর্তন উৎসবে গিমেছি লন ভাষণ দিতে—ভারা ত্রন্ত দেখানে বক্তা দিয়েছেন, আমি তাঁদের বক্তার কিছু সারাংশ এখানে পেশ করে আমার বক্ত তাশেষ করবো। আমা. দর কথা বল লই বলবেন যে কমিউনিট ভো, কা: জাই বিপ্লব দেখাবন, কিন্তু আজ সেই বিপ্লবটা পল্লজা নাইডুৱ মত লোকও দেখতে আরম্ভ করেছেন এটাই হচ্ছে কংগ্রে: সর তর্ভাগ্য। বিজয়লশ্বী পণ্ডিত বলেছিলেন যে দেশের অর্থনৈতিক স্বাধীনতা অর্থহীন হয়ে যাবে যদি না রাজনৈতিক স্বাধীনতার পর সর্থব পী অর্থনৈতিক উন্নতি ঘট ইতাদি। থাতের বাাপার যেখান আছে সেধানে পলুজা নাইড বলেছেন কৃষি অর্থনীতির ভারসাম্য হারায়ে সমাজে যে বিপ্লব দেখা দেবে ভার উদাহরণস্বরূপ তিনি চীনের ইতিহাস উল্লেখ করতে চান। এটা আমাদের কথা নয়, এটা কমিউনিষ্ট বেঞ্চ থেকে বলেনি। এটা এমিতী পল্লজা নাইড বলে এসেছেন। আমামি তাগু একটক বলতে চাই যে রুষকদের যদি ভূমির ব্যবস্থানা করেন, ব্যাক কাশস্থালাই জ করে মুনাফাণোরদের যদি হাত ২ন্ধানা করেন যদি আজও পর্যন্ত চালকল মালিকদের উপর ভরণা করে থাকেন, যদি সেচের এবং অভাত বাবস্থা ক্ষকদের জন্ম না করেন ভাহতে ৩৫ এলো তে, অরবিন্দবাবুর কথা মনে পড়পো—মেরেছো কলদীর কানাভাৰলে কি প্ৰেম দেবোনা।

[3-10-3-20 p.m.]

আমরা প্রেম দিতে প্র সমন্ন রাজি আছি কিন্তু কৃষকদের সহের সীমার এস পৌছেছে। জিনিসপত্তের দামের কপা বলেছেন, এই জিনিসপত্তের দাম কিন্তাবে দিনের পর দিন বেড়ে যাচ্ছে দেখুন। অশোক মেটা বক্তৃতা দিতে গিয়ে আমদানী রপ্তানীর কথা সেদিন Indian Chamber of Commerce and Industries সভান্ন বলে গেলেন, যে নীতির কথা ঘোষণা করে গেলেন, যে কি অতুরপ্রসারী এর পরিনাম হবে জিনিসপত্তের উপর সে বিষয় ভেবে, আছেছিত হল্পে আগামী বংসর এর যে অবস্থা স্পষ্ট হবে তাতে জিনিসপত্তের দাম আরপ্ত ৪ গুণ বেড়ে যাবে। এক একটা বিশ আপনারা বিধানসভান্ন আনছেন যার ফল এইগুলি জিনিষপত্তের উপর গিল্পে পৃত্তে এবং জিনিসপত্তের দাম বাড়ছে। কাজেই এই প্রস্তাব সমর্থন করে শেষ করছি। আম আশা করি আমাদের এ প্রস্তাবে জিভতে পারব।

Shri Apurba Lal Majumdar: চেয়ারম্যান, ভার, গত বংসরের ধাখনীতির বাংশতাই শুধু নম্ন একটা খ্বা এবং নীচ চক্রাপ্ত হা করে মজ্তদার এবং মূনাফাথোরদের পকেট পূর্ণ করা হয়েছে। কিন্তু কোন তুনীতিপরায়ণ দেউলিয়া সরকার দেশের থাখনীতির হারা সমাধান করতে পারেননি গত ১৮ বংসর ধরে। আমরা দেখতে পেয়েছি যে কংগ্রেসী রাজরে ধাখ নিমে এক প্রেমীর মূনাফাথোর এবং অসাধু ব্যবসায়ী তার নিজেদের পকেট পূর্ণ করে চলেছে এবং দেশের অগনিত দরিল মাহুষের প্রতিনিয়ত দারিলের জালা, প্রতিনিয়ত তারা ধুঁকে ধুঁকে মহছে। সেদিক থেকে একটু দরা, মমতা কিছুই এ সরকারের নেই। ভার, আপনি জানেন এই সরকার গত বংসর বে ধাখনীতি ঘোষণা করেছিলেন, শহরের মাহুষের জন্ত Statutory Rationing-এর ব্যব্যা করেছিলেন এবং গ্রামের মাহুষ্টের জন্ত Modified Rationing-এর ব্যব্যা করেছিলেন এবং গ্রামের মাহুষ্টের জন্ত Modified Rationing-এর ব্যব্যা

করেছিলেন। সেই Modified Ration সম্পৃণভাবে ভেলে গেল, গ্রামের মাহুষ একটুও ধাবার ধোগাতে পারেনি। শুধু তাই নয় এই দেউলিয় এবং গুনীতিপরারণ সরকার বিভিন্ন উষ্ত এলাকাগুলিতে কর্ডন করে ফেললেন। বাংলা দেশের বিভিন্ন জারগার আটটা জেলাতে ঘাটতি জেলাগুলিতে দেখানে দ্বিদু মানুষ যাদের তুই ংলা পেট ভরে ধাবার সংস্থান নেই, যাতা একটাকা করেও চাল কিনে খেতে পারে না সেই সমস্ত জায়গার দেড়টাকা, ছইটাকা, আড়াইটাকা কেজি দরে চালের দাম হল এবং তথনও বিধানসভায় কংগ্রেসী সদস্ভারা বা তার মুখ্যমন্ত্রী মান্ত্রের উপর একট্ দয়াবামমতা দেখালেন না। আমিয়া দেখলাম যে হাওড়া জেলায় বিভিন্ন আঞ্লে বাউড়িয়া, পাঁচলা, সাঁকরাইল, জগংবল্লভপুর, ডে:মজুড় ইত্যাদি অঞ্লে গত চারমাস ধর সেধানকার লোকেরা তিনটাকা করে চাল কিনছে। কোন কোন অঞ্লে আড়াই টাকায়, পাঁচলা, বাউড়িয়া, সাঁকরাইল, অঞ্জে তিনটাকা করে কেজি চাল বর্তমানে বিক্রি হচ্ছে আর গভর্নমেণ্ট শাগুনীতি ঘোষণা করছেন। এবং আমাদের বাংলা দেশের এই ভাবেই ধান্তের সমাধান করছি আমি জিজ্ঞাসা করছি কর্ডন করে উদ্তু অঞ্লগুলি উৎপাদিত চাল নিয়ে এসে M. R. Shop বা ঘাটতি অঞ্লগুলির লোকেদেয় চাল সংবরাহ কংতে সরকার কিনা? আমরা দেখছি উদ্ত অঞ্লে তখন বড়বড়মছুতদার এবং চোরাকারবারীদের সেধানে ক্রযোগ করে দেওয়া হচ্ছে। কুত্রিম অভাবের মধ্য দিয়ে এবং কড'নের মধ্য দিয়ে চাল সেখান ণেকে কেউ আনতে পারছে না। সেধানে কর্ডনের পুলিশের সক্ষে আঁতাত করে পাচলা, সাঁকরাইল ইতাাদি এলাকায় আড়াই টাকা, তিনটাকা করে কেছি ঢাল মুনাফাথোর এবং কংগ্রেসের সাখায়ে এবং পুলিশের সাখায়ে মুনাফাণোরের। এভাবে লুঠে খাছে। কিন্তুকেন এরপ ০ম আমরা পরিধারতা ব ুসই কথাটাই সরকারের কাছ থেকে জানতে চাই। এই হচ্ছে একদিকের নাঁতি আর অন্যদিকের কংগ্রেস সরকারের চোরাকারবারীদের এবং মুনাফাগোরদের তোমনের ফলে এই অবস্থা হয়েছে। আমরা দেখতে পাই যে তৃতীয় পঞ্চাধিক পরিকল্পনায় যে target ber food production-এর সে লক্ষ্যে যদি সরকার পৌছতে পারতেন, তাহলে প্রত্যেক মানুষকে মাথা পিছু ২৭ ৫ আউন্স করে চাল দৈনিক আমাদের পশ্চিমবংগ এবং ভারতবর্ষের মানুষ:ক দেওয়া ঘেত। কিন্তু তৃতীয় পঞ্গাধিকী পরিকল্পনায় যে দশ কোটি টন খাতশশু উৎপাদনের target ছিল আজকে তৃতীয় পঞ্চামিকী পরিকল্পনার সে target তারা পৌছতে পারেন্নি, তার জ্বতা আছেকে চালের সরব্রাণের ক্ষেত্রে মজুত্নার এবং চোরাকার্বারীদের স্থোগ করে দেওয়া হচ্ছে এবং অনুদিকে মাতুষকে শোষণের অবস্থা কায়েন করা হচ্ছে। স্মারণ রাখা দ্রকার যে গত সাত বংসরের মধ্যে এই বংসরই খাগ্রশস্ত অধিক উৎপাদন হয়েছিল। ১৯৬৪-৬৫ সালে ভারতবর্ষের সব েয়ে বেনী খাগুশশু উৎপাদন হয়েছিল এবং পশ্চিম বাংলায় তভার প্রধাষিকী পরিকল্পনায় যে কটা বংসর পার হয়ে গেল, চতুর্থ বংসরের মধ্যে ১৯৬৪-৬৫ সালে পশ্চিম বাংলায় সৰু চেয়ে বেশী চাল উৎপাদন হয়েছে। আমরা যদি হিসাব করে দেখি ত:হলে নেপ্র ্য এই পনের বৎসারের হিসাবে তৃতীয় পঞ্চাষিকী পরিকল্পনায় যে চাল উৎপাদন হয়েছে ভা আগগের চেন্নেও বেডেছে এবং শতকরা লোকের সংখ্যা সেধানে রেডেছে 🕞 পারসেট করে। প্রথম বংসর সেখানে গভন্মেটের হিসাব য'দ ধরি দেশের ধাল্পায়ের উৎপাদন শভকরা ৩ 🗦 পার্দেট করে যদি ধরা হল্ল ভাহলে আগের চেয়ে আমাদের থাতশধ্যের উৎপাদন বেছেছে। প্রথম বৎসর ্য লোকসংখা বেড়েছে বা যে জনসংখ্যা বেড়েছে খান্ত ভার চেয়ে আরও অনেক বেশী পরিমান বেড়েছে, এবং সাঞ্চ সঞ্চে যদি হিদাব করে দেখি ভাগলে দেখৰ যে Government হিসাবে যে কথা বলেন তাতে আমাদের দেশে ধাগুণাগুর উংপাদন হয়েছে, সারা ভারতবর্ষেও ৰেশী এবং পশ্চিম বাংলার ভেতিরে ৫০ লক টন বান্তশস্ত আমাদের এবানে উৎপাদন হয়েছে। এই কথা যদি স্বীকার করি ভাগলে কেন এই বংসরে থাগুশয়ের উৎপাদন যা নাকি সব চেয়েও বেশী উৎপাদন হল্লেছে, সে বৎসরে চালের দাম এত বেশী কেন এবং মাহুষকে এতাবে খাজন্যু সংগ্রহ করতে হচ্ছে কেন? আমার মনে হয় কোনদিন এভ বেশী দামে মাহ্রক ৰাভণত্ত কিন:ত হয়নি, কিন্তু আৰুকে এই অধিক দামে ধালুপত্ত কিনতে হচ্ছে। এই কথা

লকলেই জানেন যে পশ্চিম বা'লা এবং ভারতবর্ষে ১৯৬৪-৬৫ সালেই সব চেয়ে ত বেশী খাজশন্ত উংপাদন হয়েছে, Government এর হিসাব এবং প্রকল্প দেন মহাশয় যে হিসাব দিয়েছেন ভাতে ৫৭ লক টন চাল হয়েছে এই কথা বলা হয়েছে। ভার এই হিদাব যদি দেখেন ভাহলে দেখবেন যে গ্রামের এক কোটি চাষী আছে, সেই এক কোটি চাষীকে যদি ১৬ আষ্টেন্স করে থাবর দিভে থাকি ভা হলে ১৬ লক্ষ টন চালের দরকার অগাৰী গ্রামের লোক, এক কোটি মানুষ যদি ১৪ আইন্স করে ভাদের যদি ডেলি দিই ভা হলে ১৪ লক্ষ টন লাগে এবং শহরের যদি ছাই কোটি লোক থাকে ভালের যদি মাথাপিছ ১২ আউন্স করে দিই যা আছেকে ১০ আউল করে দেওয়া হছে ডা হলে মাট ৪ কোটি কোকের জন্ম পশ্চিম বাংলায় লাগে ৫৪ লক্ষ্টন। আমাদের প্রফুল সেন মহাশয়ের হিস্তে ৫৭ লক্ষ্টন চাল উৎপন্ন হল্পেছে এবং আমেরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তিন দক্ষ টন পেয়েছি এবং সাত লক্ষ টন গম পেয়েছি। এই দৰ মিলিয়ে যদি দেখি ভাহলে দেখৰ যে Govt. এর হিসাব বাপ্রফুল্ল সেনের হিসাবে পশ্চিম বাংলার ঘাট্ডি বলতে পারে না। প্রভাকে যদি ১৬ আন্টেন্স করে শাবার দিই তা হলেও ঘাটতি হয় নং, তবে আশ্চর্কের বিষয় আমাদের দেশে কুত্রিম অভাব রম্বে:ছ এবং আমরা দেখছি তিন টাকা থেকে ২॥০ টাকা করে চাল বিক্রি হজে এবং এটা অভাধিক ছঃপের কথা যে এই যে মুনাফাপোর মজ্ভদার এদের কণা আমর। বঙ্বারই বিধানসভার বলেছি ভারা এই কাজ করছে। আমাদের Bank জাতীয়করণের কথা—যে ব্যাহ্বকোটি কোটি টাকা এই সৰ মজুতদার এবং চালকদের মালিকলের দিয়েছে এবং সে টাক। দাদন দিয়ে গ্রীব চাষীর কাছ পেকে ফসল ওঠার আগে দাদন নেয়, আমরা দেখছি ৫০-৫১ সালে Reserve Bank ৫৪ কোটি দাদন দিয়েছেন এবং ১৯৬৪ সালে দেখা যাচ্ছে যে ৫২ কোটি টাকা দিয়েছেন। গভ বংসর আরও ্বেশী টাকা মজ্জনার এবং মুনাফ'থোর যাবা চ,লকলের মালিক ভালের দেওয়া হয়েছে। এইভাবে ভালের দাদন দিয়ে গরীব চাবীর কাছ থেকে ফ্সল ওঠার আগে দেই ফ্সল কিনে নিয়ে ভারা দেশে একটা ক্ষত্রিম অভাব স্ষ্টি করছে। ভাঙাভ রয়েছে গ্রামের বড়বড় জোটদার যে জোটদাররা আজিকে কংগ্রেসের গুল্পরূপ।

[3-20-3-30 p.m.]

মিঃ চেয়ারম্যান, ভার, আপনি জানেন এই নৃতন লাশালাল আ প্লাহেড হিসাচ কমিটি যা বিসার্চ করেছেন, ভাতে দেখা যায় যে গ্রামাঞ্চলে ১০ বংস্ট্রের বেশী জ্মির মালিক চচ্চেন শতকরা ১০ জন লোক। এই যে শতকরা ১৩ জন লোক ভাদের হাতে চাষের জমি শতকরা ৬৬ ভাগ রয়েছে এঁরা এই ছমি ভোগ করে বংস অংকেন। এই যে শতকর। ১৩ জন কোক. যারা দেশের ৬৬ ভাগ চাষের জামি দথল করে বসে আছেন, সেই জোড়দারশ্রেণী, যারা প্রচুর মুনাফা করে এবং বাা. মর সঙ্গে ঐ চালকলের মালিক এবং মক্তভার এই ভিন্ন শক্ষি একতা মিলে বাংলাদেশের গ্রামগুলিতে আংজ হাহাকার ডেকে আনছে। ভার জনুই আমহা ব্যাকগুলিকে জ্বাতীয়করণের কথা বলি। ব্যাক জ্বাতীয়করণ করে, সেই ব্যাক্ষের মাধ্যমে, চাষীর যে খাণের প্রয়োজন, সেই খাণ দিয়ে, দেশের খাভাশশু বাড়ানর বাবস্থা করা হোক। ভূমি-সংস্থারের কথা বলতে চাই না, কারণ, বহু সদত্ত এ সম্পর্কে উল্লেখ করেছেন। ভবে আমি এইটুকু বলবো যে সেই ভ্রিসংস্কার যতক্ষণ প্রয়ন্ত না হছ, আর এই তি-শক্তি, একদিকে ব্যাক এক্দিকে ঐ চালকলের মালিক, আবে এক্দিকে ঐ বড়বড়কোতদার, এদের ক্ষমভাকে থব করা না যায়, ততকণ পর্যন্ত বাংল দেশের ৰাজসম্ভা স্মাধান করা স্ভব নয়। এই ত্রি-শক্তি এক্ত্রিত হয়ে যেভাবে বাংকা দেশের সাধারণ মামুষের শোষণ করব:র চোরাকারবারী করে লক লক টাকা মুনাফা লুঠছে, তাকে আপাত হানবার জন্ম, ব্যাহগুলিকে জাতীয়করণ করা দরকার, ধণের ব্যবস্থা করা দরকার, সংক্ষ সক্ষে প্রচ্যে পরিমানে ঋণ চার্যাদের মধ্যে বিভরণ করা দরকার। বাচি জাতীয়কর:পর সঙ্গে সজে বাবসাও সরকারের হাতে নেওয়া দবকাৰ।

মি: চেলারম্যান, ভার, আমার মনে পড়ে সেই ২১শে আগন্ট ভারিখের ক্থা, যুধন 🗐 সেন এখানে খাল্ম সম্পর্কে স্টেটমেন্ট দেন। তথন চালের দর দেড্টাকা, তার বেশী উঠছে না, সেন্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর এই চার মাসে হাওড়া ছেলার বিভিন্ন জায়গায় এবং নদীয়া. ২৪ প্রগনার বিভিন্ন জ্বারগায় চালের দ্র ত ত করে বাড়ছে, অথচ দেই সময় ২১শে সেপ্টেম্বর ভারিখে 🛍 সেন এখানে যখন সেটামেন্ট দিয়ে থাকেন, ভেমনি করে রাইটার্স বিভিংএ बर्ग जाःवांनिरकत कार्छ बन्दाना, अहे दाच धवात हारानत नत छेर्रह ना, वाष्ट्रह ना, পড়ে যাছে। তিনি বলছেন ২:শে সেপ্টেম্বর তারিথে যে চালের দর পড়ে যাছে, কারণ আনমনধানের ফসল উজ্জ্ল। ২১শে আগেস্ট তিনি বলেছেন, বড়বড় জোতদারবা বাজারে মাল ছাড়তে শুরু করেছে, আর আউসধান কাটা আরম্ভ হয়েছে। এই কথা ঘোষণা করলেন শ্রী সেন ২১শে আগস্ট তারিধে। অথচ লচ্চার কথা, ২.শে আগস্ট ভারিখে ভার এই কণা ঘোষণা করার স্কে স্কে২০শে সেন্টেম্বর ভারিথে কলকাভার শহরে আমরা যে রেশন পেতাম ২ কে. জি. ৪০০ গ্রাম সেধানে ৫০০ গ্রাম কেটে দেওয়। হল, অধাৎ মাত্র ১৯শো গ্রামে গিয়ে পৌছ[্]ল। অথচ তিনি লম্বা বক্তা দিলেন যে জোতদাররা চাল ছাড়তে ওয় করেছে এবং আমনধানের ভবিলং উজ্জল ইত্যাদি ক্যা বলার সঙ্গে সঙ্গে এই অবস্থা শুরু হল। এবং এর ফল কি দাঁড়ালো ? এর ফল এই দাঁড়ালো, মি: চেয়ারম্যান, ভার, আপনার মনে আহছে সেই ব্রিটণ সামাজ্ঞ)বাদের রাজ্ঞ্জকালে এথানে কলকাতা শহরে যথন রেশানিং ছিল, তখন মাধাপিছ তিন কে, জি, করে চাল দেওয়া হত, আর যারা খেটে খায় তাদের পরিমান আবিও বেশী করে দেওয়া হত। এখন এই শংর এশাকায় মাণাপিছু ১৯শো গ্রাম করে চাল দেওরার বাবস্থা হল। কিন্তু কোন স্বাস্থাবান মামুষের পক্ষে এই ১৯শো গ্রাম দিরিয়ালে ক্থনও চলতে পারে না। কাজেই প্রকাখে গেক, বা অপ্রকাখে লোক বিভিন্ন বাজার থেকে ভাদের চাল সংগ্রহ করতে হচ্ছে। সরকারের মাত্র এই ১৯শো গ্রাম চাল দেওয়ার মানে হল, এই কলকাতা শংরের মাতৃষ এবং শিলাঞ্লের প্রায় ২০ লক্ষ লোককে চাল স্রব্রাঃ ক্রা হল না। সাধারণতঃ মাগুষের আছের জন্ম যে পরিমাণ চালের প্রয়োভন ভাসরকার মেটাভে পারলেন না। ভার মানে ≥ল, অঃমাদের এথানে যে ৭৫ লক্ষ লোক আংছে, ভালের মধ্যে ১৫ থেকে ২০ লক লোকের চালের বরাদ কেটে দেওয়া হল। সুভরাং এই লোকগুলি ভারা বাইরে থেকে চাল সংগ্রহ করতে বাধা হল। ভার ফলে, এখানে চালের চাহিদা পড়ে গেল, চাল আসায়। এখনও প্রফুলবাবু বলে বেড়াছেন, যে দরকার হলে আট আউলে নেমে যাবে এবং দরকার হলে কাঁচাকলা বা আলু আমি থাওয়াবো। এই সব কণা তিনি এখন বলতে শুরু করেছেন। কিন্তু তাঁর যে বার্থতার ইণিহাস দীর্ঘ ১০/১৫ বংস্বের কলক্ষের ইতিহাস দেগুলিকে সামনে রাখা দরকার। তিনি এইভাবে রেশনিং কেটে দিয়ে এমন একটা অবস্থা সৃষ্টি করলেন যে গ্রাম থেকে চাল এখা.ন নি.য় আসতে তাঁরা বাধ্য হবেন। হাওড়ার আশপাশে বিভিন্ন জায়গার কথা আমি বলছিলাম। হাওড়া শহরে ঐ পাঁচলা এবং বাউডিয়ার, মি: চেরারম্যান, ভার, আপুনি জানেন যে সেধানে ওধু যে একটা ইন্টার-িট্রিক্ট কর্ডনিং করা হয়েছে তা নয়, ডিট্টিক্টের মধ্যে কর্ডনিং করা হয়েছে। বেমন পাঁচলা থানার ১১টা অঞ্লের মধ্যে চয়টা অঞ্ল এক দিকে, আর পাঁচটা অঞ্ল আর এক দিকে।

সেই কোনের মধ্যে কেউ চাল নিয়ে গেলে পুলিশ তাকে arrest করে 4 P. C. L. Act অমুসারে চালান দিছে। আপনি আনেন এই চাল আনতে গিয়ে বাউড়িয়ার লোক দিনের পর দিন নর, সপ্তাহ্রে পর সপ্তাং নয়, মংসের পর মাস তারা মুগকলাই ছোলা বেয়ে আছে। সেইগব লোক যদি থাবার জন্ম পাঁচ কে, জি, দশ কে, জি, চাল নিয়ে গেই জোনের মধ্যে দিয়ে যায় তাগলে পুলিশ তার উপর অভ্যাচার করে। গভ ৯ই ভারিথে জয়নগর অঞ্লে ১০ কে, জি, চাল সহ একজনকে পুলিশ ধরে নিয়ে গিয়ে বেদম মারধাের করার ফলে সেখানে একটা সন্তাগের ক্টি হয়েছে। পাঁচলা থানার, জসংবর্গভপুর থানায় সেই সন্তাসের

আৰম্বা স্বষ্ট হয়েছে, বাউভিয়াতেও সেই আৰম্বার স্বষ্টি হয়েছে। সেই সমস্ত deficit areas চারিদিকে ঘিরে ফেলা হয়েছে যাতে বাইরে থেকে কেউ সেধানে এক ছটাক না আনতে পারে। দেখানে চালের অভাবে মাত্রকে মেরে ফেলবার একটি ঘুণা বড্যন্ত চলেছে, আমি বলভে চাই এই ড'তিনদিন আবাসে আমি দেধলান পশ্চিম বাংলায় এবং ভারতবর্ষের শতকরা ২০ আনে বয়স্ক লোক আজ্ঞাক কাৰ্যক্ষ নয়। আমরা যে intake করি diet প্রতিদিন তার calorie value এত কম। মি: বি. কে, ফারুস একজ্ঞন Canadian expert in food খিনি বর্তমানে ভারতের Food Adviser হিসেবে এখানে আছেন, তিনি বলেছেন ভ রতবর্ষে এবং বাংলাদেশে শতকরা ২০ জন থেকে ২৫ জন লোক কার্যক্ষম নয়। তার কারণ যে diet আমালের intake করা দরকার তা না করার ফলে সম্ভুতা ও কর্মক্ষমতা পাকছে না। যে সমন্ত deficit অঞ্চল, সেধানে বাইরে থেকে চাল আসতে দিছেন না আমাদের এই সরকার। লোক চালের অভাবে কলাই খেয়ে আছে তিন টাকা কে. জি, চাল কয়ক্ষনে কিনে খেতে পারে ? অবচ সেধানে কোন statutory rationing ও করবেন না গভনমেন্ট, এই statutory rationing যেখানে আছে statutory ration এলাকা নয় দেখানে কর্ডনিং করে এই মাত্রযুগুলিকে হত্যা করবার কি অধিকার আছে এই কংগ্রেস সরকারের ৪ এটা চুনীতিপরায়ন সরকা.রর পক্ষে একটি অমাজ্ঞাীয় অপরাধ। তাদের এই নাভির বিরুদ্ধে তীব্র প্রতিধাদ জানিয়ে আমার বক্তব্য শেষ কর্চি।

Shri Gopal Banerjee: মাননীয় চেয়ারমাান, স্থার, এই যে আমাদের সোমবার এবং মঞ্চলবার সরকারের নূতন থাদানীতি নি:য় আলোচনা আছে-তারই পুগান্তে আঞ্চ নিধিলবাবুর এই প্রকাবের উপর আবালোচনা এটা বুগা সময় কলে মনে হতে পারে। কিন্তু আমি মনে করি এর প্রয়োজন আছে। এইজন্ম প্রয়োজন আছে যে, এই প্রভাবের মধ্যে, সরকারে চলতি বছরের যে থাদানীতি, ভার একটা মূল্যায়ণ আ ছ এবং সাথে সাথে আগামী বছর যে থাদানীতি হবে, ভার লক্ষা নিধ্বিণ করতে এই আকোচনা নিশ্বয়ই সাহায্য করবে। এই প্রভাব যদি আমরা সর্বসম্মতিক্রমে গ্রহণ করতে পারি ভাহলে সর্কারের আগগামীদিনের যে থাদানীভি, ভার লক্ষা কি হওয়া উচিত—কোনদিকে আক্রমণ চালানো উচিত, কোন শ্রেণীকে আঘাত করা উচিত তা সাব্যক্ত হবে। কিন্তু এই সম্পূৰ্কে ম্পষ্টতা নাই একথা মুখ্যমন্ত্ৰীৰ বক্তব্য পেকে বোঝা গাচেছ। তিনি করেকদিন আগে এই কথা বলেছিলেন যে জেলাশাসকরা সরকারের নীতি কার্যে পরিণত করতে পারছেন না। এই নিয়ে বিরাট আন্দোলন শুরু হয়েছে। জেলাশাসকরা যদি এই নীতি ভাল করে না বুঝতে পারেন, ভাহলে সাধারণ মানুষ কি করে তা বুঝবে ? একথা সরকারের সর্বপ্রথম স্বীকার করা উচিত—বাংলা দেশের ৩ কোটি ৯০ লক্ষ লোককে উপযুক্ত মূল্যে হ্যায়া পরিমাণ পাদ্য চলতি বছরে সরকার সরবরাহ করতে পারেননি। আপনি যারা একখা নিশ্চয়ই স্থীকার করবেন যে আগষ্ট সেপ্টেম্বর মাস বেকে আমাদের এথানে যে অবস্থা চলচে, সেই অবস্থা দেখে আছ যে কেউ মনে করতে পারে যে গংলা দেশে কোন সরকার বহাল নাই। কলকাতা ও শিল্লাঞ্লের লোক তাঁরা rationing করে কছ কিছ থাৰার দিয়েছেন ৰলে দাবি করেছেন যে ভাতে তাঁরা আং'নক সাফলাল।ভ করেছেন একথার আছকে সম্পূর্ণভা ব প্রতিবাদ করতে হবে। তাদের স্বীকার করতে হবে যে ভাদের থাদ্যনীতি সম্পূর্ণভাবে ৰার্থ হয়েছে। এর আংশিক সফলতার দাবির মধ্যে যে আত্মসম্ভেটির ভাব আছে, সেই আত্মসম্ভেটির ভাব থাকলে আগামীদিনের থাদানীতি এবং খাদাসং গ্রহনীতি সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে।

[3-30-3-40 p.m.]

সরকারের যুক্তি কি যে কলকাতা এবং শিক্সাঞ্চলের লোকের ক্রন্ত্র ক্ষমতা নেশী, চলতি বছরের আগের বছর তার। বেশী খেয়েছে এবং বেশী কিনেছে তার জ্বন্ত গ্রামনাংলায় লাম ঠিক রাধা যারনি। এই যুক্তিতে এই বছরে ব্লেশনিং করা হয়েছে। পোককে থাওয়াবার জ্বন্ত নম বাধ্য

করে ফোর্গ্ড আপ্তার কন্দ্রামশান করবার ব্রুক্ত। আপনি জানেন ভার, মডিফারেড রেশনে বরাদ্দ ছিল তুই ছাজার গ্রাম, এক হাজার গ্রাম চাল এবং এক হাজার গ্রাম গম। যথন ষ্টাটুটারী রেশন হলো তথন বরাদ্ধ করা হলো ২,২০০ গ্রাম বাধা হয়ে লোককে বাহিরের থেকে চাল কিনে খেতে বাধ্য করা হয়েছিল, তারপর সেই বাহিরের চাল বন্ধ করে দেওয়া হলো পরে ২,৪০০ গ্রাম। গুভ যদ্ধের সময় আমরা দেখেছি রেশনবরান্দ ছিল সাড়ে তিন সের আর যারা কারিক পরিশ্রম করতো ভারা আরও বেশী পেত। সেবা রর রেশনের তুলনার এবারে লোককে অস্তত এক সের কম থেতে বাধ্য করা হচ্ছে। এবং কায়িক পরিশ্রম যারা করে তাদের আরও কম খেতে বাধ্য করা হচ্ছে। এখন ফোস্ড আ গুার কনজামশান করাছেন। যদি একজন মজুর তাকে বেঁচে পাকতে ২য়, তাকে কাজ করে বেঁচে থাকতে হয় তাহলে ভাকে ব্যাকমারকেটিংএ চাল কিনে খেতে বাধা হয় তার শরীর হ্রন্থ রাখবার জ্বন্ত। যদি হিসাব করে দেখা গায় যে যারা কায়িক পরিশ্রম করে তার। এই সের চাল ব। গম পায় কণ্ট্রেল দামে আমার দেড় সের চাল তাকে কিনে খেতে হয় ব্লাকমার্কেট পেকে। কণ্টোলের সঙ্গে স্থাপ একটা বিরাট ব্লাকমার্কেট স্থাষ্ট হয়েছে সরকারের সন্মতি নিয়েই। সরকার জোতদার, মহাজ্বন, মিলমালিক, মুনাফাথোর দের চটাতে চান ন।। তাদের কাছ পেকে সংগ্রহ করতে চান না। তাই আজুকে সরকার—কলকাত। এবং শিল্লাঞ্জ গরীব লোকদের বাধা করিয়েছেন দেড সের করে চাল প্রাক্মার্কেটিং থেকে কিনে থাবার জ্বলা। আবার কলকাতার রেশনিং রাথতে গিয়ে মডিফায়েড রেশনিং এশাকা থেকে ৮০ হাজার মণ চাল সংগ্রহ করেছেন। মডিফায়েড রেশনিং কলাপস হয়ে গিয়েছে সম্পূর্ণক্রপে। এই ফোরস্ড আগুার ক্রজামশন এর আরেকটি দিক দেখি যে কলকাতার লোকদের রেশন কার্ড বিলির কোন বাবস্থা নাই। কলকাতা শহরে বভলোকের রেশন কার্ডনাই বিশেষকরে কলকার্থানায় যারা কাজ করে, মন্ত্র ক্লাশ, রিকশ। যারা টানে, ঠেলা যার। চালায় তারা রেশন কার্ড করেনি, কারণ তারা জানত যে রেশন কার্চ করতে গেলে তাদের একদিন কাজ কামাই করতে হবে তাই তাদের রেশন কার্ড করার উৎসাহ 'চল না তারা খোলাবাজার থেকে খাদাশয় ক্রয় করত কিছু চালের চোরাবাজারের দাম খুব বেডে গেল তাদের ক্রমক্ষমতার বাহিরে চলে গেল তথন তারা রেশন কার্ডের জন্ম দর্থান্ত দিল কিছু সরকার আর নতুন করে রেশন কার্ড তাদের দিল ন । আমি জ্বানি এক বছর আগে দর্থান্ত করেছে তারা রেশন কার্ড পায়নি। সরকার তাদের থাওয়াবার দায়িত্ব নেবে না। সরকার বলবে যে গত আদমস্ক্রমারীর সংখ্যা নিয়ে এবং তার সঙ্গে জাচারাল ইনক্রিক্স যোগ করে যে সংখ্যা হয় সেই অনুযায়ী তার। রেশন কার্ড দিয়েছেন। সেধানে রাম পেল কি মতু পেল ভা সরকার জানে না। বেহেত্ সেই সংখ্যক তার। রেশন কার্ড দিয়ে দিয়েছেন সেইছেতু তাদের আর দায়িত্ব নাই। কি চমংকার যুক্তি! স্থতরাং তারা নতুন রেশন কার্ড আর দিলেন না। আমি জ্বানি কলকাতার জেলপাড়ার একজন লোক তার নাম সমর দাস তিনি মেটাল বক্সে চাকরি করেন তিনি ১০-১২-৬৪ সালে দরখান্ত করেছিলেন আজি পর্যন্ত তিনি রেশন কার্ড পাননি। তিনি মেটাল বক্স থেকে এম সুয়ি সাটি ফিকেট দিয়েছি:লন কিন্তু তিনি রেশন কার্ড পাননি। মাননীয় মুখ্যমন্ত্রী সেই আদম মুমারীর সংখ্যা ধরে বসে আছেন, কিছু বান্তবে তার যে কি পরিবর্তন হল এবং কত সংখ্যক লোক এথানে এগেছে ত। তিনি মানতে রাম্মি নন, আদমসুমারীই হবে ভিত্তি। আমি শ্রানি ব্যারাকপুর মহ্রুমাতে রা।শন অফিসে একথান। রা।শান কার্ডেরও এ্যাপ্লিকেশন নেওয়। হচ্ছে না। এই ভুয়া কার্ড আছে কোখায় ? ভুয়া কার্ড তারাধংতে পারছেন না অথচ তারজন্য তারা শান্তি দেবেন স্থানসাধারণকে এটা কথনই হতে পারে না। আমি একটা ঘটনা দিছি, উত্তর দমদম পৌর-এলাকায় ৩নং এম, আর, সণের মালিক হচ্ছেন রাম নার মণ মণ্ডল, তাঁর লোকানে ৩,২৫০ ইউনিট ছিল, তিনি সেই ইউনিট মাসের পর মাস, বছরের পর বছর ডু করছেন, হঠাৎ একদিন সেটা ধরা পভলে। তাঁর দোকানে কিছু সন্দেহ হওরতে। তারণর তাঁর দোকানটা একটা কো-অপারেটিভকে দিয়ে দেওয়া হল, সেই কো-অণরেটভ তিন সপ্তাহ ধরে চালিলে দেধলো যে সেখানে ১৯ শত ইউনিটের বেশী লোকের র্যাশান সে দোকান থেকে বিলি হচ্ছে না। তাহলে এই ১০'৫০ শত ইউনিট

কোৰায় গেল ? এই ভুয়া কার্ভ বছরের পর বছর চললে। কি করে ? র্যাশানিং ডিপার্টমেন্টের সলে এই লোকানের যাগসাজস যদি না থাকে তাহলে তাঁরা তা বরতে পারে না। অথচ তারজন্ত সাধারণ লোককে রাশান দেওয়া হবে না। আর একটা ঘটনা, ১০ই ডিসেম্বর যুগান্থরে বেরিয়েছে ষে পাইকপাড়া রাশিনের দোকানের এক জন মালিক এসে ১৭ শত ভুয়া ইউনিট জনা দিয়েছে। এই যে লোকগুলি র্যাশান দোকানের মালিক, যারা কংগ্রেস্কে মদত দেয়, কংগ্রেস্কে যারা টাকা যোগান দেয়, কংগ্রেস যাদের লালনপালন করে থাকে, তারা এই সমস্ত কাজ করবে আ র তার জন্স কলকাতার শ্রমিক, মধ্যবিত্ত, রাাশান পাবে না এই হচ্চে এই সরকারের নীতি। এইভাবে তাঁরা কলকাতাকে ধাবার জুগিয়েছেন, ফোর্মড আতার কল্পান্শন করেছেন, এই হচ্ছে তাঁদের নীতি। ন্থার, রাণোন কার্ড নিয়ে কি চমৎকার যুক্তি দিচ্ছেন যে এখানে অবান্ধালী যদি কেউ থাকে আর তার পরিবার যদি বাংলা দেশে আসে তাহলে তাকে রাশোন কার্ড দেওয়া হবে না। ভার। এথানে শ্রম করে সম্পদ স্ষষ্ট করবে আর ভার পরিবারকে বাইরে হবে এ কি রকম কথা? হার, জাতীয় স্হতির বড় বড় কথা কলা হয় কিছা এই রকম উগ্র প্রাদেশিকতা কি ক্থনও চিস্তা কর ত পারেন ? সরকারণক্ষ থেকে এইকথা বলার মধ্যে দিয়ে প্রাদেশিকতাকে প্রস্তায় দেওয়া হচ্ছে। একথা ঠিক যে যদি বাইরের কোনজ য়গা পেকে লোকজন অ'সে ভাহলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাব থা দায় জ্ঞা। যদি কেন্দ্রীয় সরকারের সংগ্র লড়ে না পারি ভাগলে ঐ যে মিলের শ্রমিক তার উপর এমে ভঞ্জি করলো ভাতে যে াক লাভ হয় সেটা আমি বুঝাতে পারি না। স্কুরাং এটা কোন ংগ্রহ হতে পার না। কেন্দ্রীয় সরকারের কাছ পেকে আনার জন্ম যে দেষ্টা করার তা করুন কিন্তু যদি না করতে পারেন ভাষশে প্রতে।ককে রাশন কার্ড দিতে হবে। কলকাতার শিল্লাঞ্লের মান্ত্র্যকে এই ফোর্য্য আগুর কজ্পাল্যন করতে গিয়ে তাঁরা বাইরে যে অবতা কর ছন, বাইরের অবস্থার কথা আমি বলতে চাই না কারণ অপূর্ববাবু এবং হত্তাল বক্তার। যে সব কথা বলছেন, আমি ওপু এইট্রকু বলবো ক্লভিত্ব ভালের এই যে টোয়েণ্টি পার্সেট অব দি মার্কেটে,বল সাত্রপ্লাস সোজ্ছ হিসাব দেখলে দেখা ঘায় যে সরকার নিষ্ট্রিত মূলে। দিতে পে.রছে অংর ৮০ পার্সেট দিয়ে দিয়েছেন চোরাকারবারী, মিল মালিক, মজুতদারদের। তাতে, পারা হিসাব করলে দেখা যাবে আংগের বছরে ১০০/১৫০ কোটি মুনাফা লুঠেছে। একে স্বীকার করে না নেওয়ার মধ্যে যে চরম আত্মসন্তুষ্টির মনোভার ক্রয়েছে তার প্রতিফ্রুন, ভার, অপেনি দেখতে পাবেন নুভন খাদানীভির ছতে ছতে। নুভন খাদানীভির মধো আপনি দেখতে পাৰেন বে সৰকাৰ কোন লক্ষ্য নিৰ্দিষ্ট কৰতে। পাৰেননি যে কাৰ বিৰুদ্ধে এই নীতি প্রয়েজা হলে। সংগ্রহর কথাই প্রান, গভন্মেণ্ট প্রথমে ব্লালন ডিন্টোস সেলের মধা দিয়ে সংগ্রহ করা হবে। ১ সেট্রস সেল কার কাছ থেকে নেওয়া হবে ? কারণ আমরা দেপলাম গত বছরে যারা এই থাদে।র চোর। কারবারের জ্বন্ত দারী, দেশের ভয়ত্বকর অবহার জ্বন্ত দারী, ওংদের বিক্জে কি বাৰক্ষা হল? ভাদের বিক্জে কোন কথা নেই, বলা হল যে ভট্টেস সেল হৰে, লেভির ক্রাহঠাৎ চিৎকার বরে বশা হল কিপ্প তা স্পৃষ্ট করে বলা হল না। কিপ্ত সংগ্রহের জন্ম ডিস্টেস্ সেলের স্বচেয়ে বড় কথা হজে দাম, সেই দাম আছে। ঠিক হল না, দাম নিয়ে এখনও টাল্বাহানা চলছে। আট আনা বাড়াবার কথা হচ্ছে, আমরা বলছি বোনাস দেও। যদি ১০০ কোটি টাকার উপর চোরাকারবারীরা বাংলা দেশের মাগ্র্যের কাছ প্রেকে এইভাবে শোষণ করে নিতে পারে এবং সেটা যথন সৰকার নিজে দাঁড়িয়ে দেখেছেন তথন সরকার তাদের কিছু বোনাস দিতে পারেন না ? ১৪, ১৫, ১৬ টাকা দাম ধরা হয়েছে, ২ টাকা কেন ৪ টাকা বোনাস দিলেও মানুসের যে ক্ষতি করেছে সেই ক্ষতি পূরণ হবে ন। স্কতরাং সেদিক থেকে তাঁরা এখনও দাম ঠিক করতে পারেন নি, ডিস্ট্রেস সেল সংগ্রহ করার জভ যে মেশিনারি দরকার ৮েই মেশিনারী আজে। হয়নি। আমি জ্ঞানি ২৪ পরগনায় গ্রামের ক্বক খান বিক্রি করতে চাহ, কিন্তু কার কাছে বিক্রি করবে, কোথার সেই মিশনারি ? সঞ্চে সভে বলতে চাই এই কেনার জঞ্চ যদি তাঁদের অংগ্রহ থাকভো তাহ ল অভরক্ষ ব্যবস্থা হতো। ২৪ প্রগ্নায় ভাঁয়া কিন্তে পারবেন না, ভাঁরা কি ব্যবস্থা ক্রেছেন,

না আৰুকের বাইরের পাইকার, মজুতদাররা সেধানে গিরে সমস্ত ধান বেশী দামে কিনছেন, কভানের কোন ব্যবস্থা নেই, সেধানে কভান যা করা হয়েছে সেটা মানুষেব্র নয় পুলিশের কভান। পুলিশের কর্ডন অনায়াসে ভেদ করা যায়। স্নতরাং তাতে সাধারণ মানুষ বেন উদ্বুদ্ধ হবে? সাধারণ মাহুদের মনে ভয় আছে গত বছরের র্যাশানের অভিজ্ঞতা নিয়ে, তালের এলাকা থেকে যদি চাল চ.ল যায় ভাহলে সেই চাল আর ফিরে আংস না মডিফায়েড ব্যাশানিং-এর মারফং। স্নতরা ভারা কোন উৎসাহ[্]পাচ্ছে না সরকারী নীতির সঙ্গে সহযোগিত। করবার জ্বন্তা এখনই বাঁচবার আলভাতারায়ে বেশী দাম পাচ্ছে তাতে ভারা ধান বিক্রি ক.র দিচ্ছে। তাদের ভবিয়াৎ আছকার. ভাকে যে আধার তার চেয়েও বেশী দামে কিনতে হ:ব সেটা ভারা বুঝতে পারছে না। আশ্চর্যের কথা কলকাতায় বসে গভর্নমেন্ট এবং কংগ্রেসের অস্তান্ত নেতার। বড় বড় বিবৃতি দেন, তার। যদি গ্রামে গিয়ে প্রচার করতেন তাহলে আমি খুসী হতাম। এখানে দাঁড়িয়ে ক্যানিষ্টলের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে আমিও তো অভিযোগ এখানে দাঁড়িয়ে করছি ওঁরাও তো কোনদিন প্রচার করেননি এই নৃতন খালনীতি সম্পর্কে, এখানে বসে বসে সংবাদপত্তে বড় বড় কথা বলেছেন আর ভলাম ভলাম জোভদারকে উৎসাহ দিছেন যে তুমি এই নীতিকে সাবোটা । ভার, সংগ্রহের পদ্ধতি যদি বলেন তাহলে সেটা আরো মারাত্মক। মাাজিটেটদের ডাকা হল, বলা হল কোটা নিয়ে যাও। কোটা কিভাবে পুরণ হবে? জোতদার: দর কাছ থেকে আনা হবে, না ডিস্টেস সেলের মধ্য দিয়ে আনা হবে তা নয়, ম্যাজিটেটরা করলেন কি, সাবডিভিশ্নাল অফিসারকে কোটা দিলেন, সাবডিভিশনাল অফিসার অঞ্চল পঞ্চায়েতকে কোটা দিলেন। ছোটাদের কাছ থেকে কেনা হবে, না ডিল্টেস সেলের মধ্য দিয়ে কেনা হবে, না আপোলে কিছুটা ধান গ্রাম থেকে এনে জনা দেওয়া হবে এটা কেউ আনে না। স্থতরাং জোতদারদের বিরুদ্ধে কোন আঘাত নেই। গতবছরের যে অভিজ্ঞতা সেই অভিজ্ঞতা রিফ্লকটেড হয়নি এই নৃতন নীতির মধ্যে। জোতদার, মিল মালিক, পাইকারী মজুতদার তোষণনীতি গ্রবারে যাছিল এবারেও সেই নৃতন নীতির ছত্তে ছতে তা আছে। পেভির কথা ধকন, লেভি কিভাবে করা ১ল, না **জোতদার থেকে ছোট ক্ববক স্বাইকে শত্রু বানিয়ে দেওরা হল,** লেভি প্রত্যেকের কাছ থেকে আদায় করতে হবে। কেন ছোট ক্লাকের কাছ থেকে লেভি আদার করা হবে? সেতো স্বাধীনভাবে, স্বতঃপ্রবৃত্ত হয়ে ধান দিতে চায়। কিন্তু এঁদের কাছে ভোট কৃষক আর বড় ক্সকের কোন ভফাত নেই, কারণ এঁরা জোতদারদের দালালি করতে অভান্ত। এঁরা **ভোতদার সৃষ্টি করেছেন ভূমিসংশ্বার আইনের মধ্য দিয়ে, জোতদার সৃষ্টি করেছেন, কো-শ্বপরেটভের** মধ্য দিয়ে, জোতদার স্ষষ্ট করেছেন স্থাশনাল একাটেনশনের মধ্য দিয়ে, ত'দের লালন পালন করেছেন, সুভরাং তাদের সঙ্গে সাধারণ ক্তর্যক্তে একই পর্যায় দাঁড় করি য়ছেন। সেছল লেভি সম্পর্কে এখনই যা বলছেন তাতে লেভির ব্যাপারে একটা অতান্ত বিশৃত্বলা দেখা দিয়েছে। ডিষ্টি ক মাজিটেট নাকি কোথার কি দিয়ছেন, এখানে দাঁড়িয়ে প্রফুলবার বক্তৃতা দিয়ে ছিলেন যে ডিস্টেদ সেল হচ্ছে তোমরা একমাত্র পথ, স্থতরাং ডিষ্টিক্র ম্যাজিই টরা ডিস্ট্স সেল দেখছে যে ছোট ক্বৰত্বা বিক্রি করে দিচ্ছে, ভাদের কাছ থেকে লেভি পাওয়া যাবে না। দাও একটা নোটিশ করে কিছু লেভি আদার করে নেও। এখানে দাঁড়িয়ে ডিষ্টি ক্ট ম্যাজিষ্টে টদের বিরুদ্ধে বলা হচ্ছে নিজের অপদার্থভা, অক্ষমতাকে চেকে অফিসারকে এঁরা চালাতে পারেন না, বোঝাতে পারেন না, এত বড় অপদার্থ আমি কোনদিন দেখিনি। হু'মাসের মধ্যে হবার ডিষ্ট্রীক্ট ম্যাক্সিষ্টেই,দের, সিনিয়ার-মোষ্ট অফিসারদের এইভাবে গালাগালি করার চেরে নিজের পদভ্যাগ করা অনেক আগেই প্রশোজন ছিল। ডিটি টু মাজিস্টেটরা যে পারছেন না, ডিটি টু মাজিস্টেটদের জয়েণ্টলি বলা উচি ভ [3-40 -4-50 p m.]

ষে এই চিক মিনিষ্টারের আগুরে কাৰ করা অসম্ভব, বরং এর চেয়ে উন্নাদের সংগে কাজ করা সহজ, আমরা এই চিক মিনিষ্টারের আগুরে কাজ করতে চাই না। তারপরে কলকাতার রাাশন কমাবার কথা হচ্ছে। কেন না জোতদারদের খুসী করবার জন্ম ওদের টারগেট হচ্ছে ১৫ লক্ষ টন কেন ১৫ লক্ষ টন হবে, এখানে মাননীয় সোমনাথ লাহিড়ী মহাশয়

দেশিয়ে গিয়েছেন যে বড় জোতদারদের কাছ খেকে ১৫ শক্ষ টন চাল পাওয়া যাবে, ভার সংক্
ভিস্ট্রেল সেল হোগ করলে আরো বেশী হয়। কেন সেটা আনা হবে না, কেন কোলকাভার লোককে
কম খাওয়ান হবে ? আপনারা যুক্তি দিছেন খাছ উৎপাদন কমেছে। আপনি যদি নিসাৰ করে দেখেন
ভাহলে দেখতে পাবেন ১৬ পার্সেট উৎপাদন গত বছরের সেরে কমেছে। কিন্তু কলকাভার ফাষ্ট সেন্টেম্বর থেকে ২১শে সেন্টেম্বর পর্যন্ত রাশান কার্ড হয়েছে স্পতরাং কলকাভার লোক রাশান
কমাবার যুক্তি আর মানবে না। শ্রমিকেরা ক্ষ, আমি শুধু এইটুকু সাবধানবাদী করে দিয়ে যাছি যদি
রাখন কমাবার জন্ত চেষ্টা হয় ভাহলে কলকাভার শ্রমিকরা ভার জবাব দেবে ধর্মঘটের মধ্যে দিয়ে।
এটা ছেলেখেলা নয়, থার্গ নিয়ে, সাধারণ মানুষের জীবন নিয়ে ছেলে খেলা করবার অবকাশ নেই,
সেক্ষন্ত এদিক থেকে আমি বলভে চাই এই প্রস্তার আমি সমর্থন করিছ এইক্ষন্ত যে এই প্রস্তাবের
মধ্যে দিয়ে সরকারের অভীত নীতির মূল্যায়ণ হছে এবং সেই মূল্যায়ণ যদি সঠিক হয় ভাহলে
আগামী দিনের যেটা লক্ষ্য সেটাও ঠিক হবে। স্পতরাং এই যে প্রস্তাব নিধিলবাবু ওনেছেন এই
প্রহাব আমি সমর্থন করেছি।

At this stage the House was adjourned for 20 minutes.]

After Adjournment

[4-5-4.15 p. m.]

Shri Apurba Lal Majumder: Mr. Chairman, Sir, I find that there is no quoram in the House.

[At this stage the bell was rung]

Shri Shambhu Gopal Das: মি: (চয়ারম্যান, ভার, যে এস্তাবের উপর আগে একদিন কিছুক্ষণ আলোচনা হয়েছিল সেই প্রস্তাংরে অসমাপ্ত আলোচনা আজকে চরু ংয়েছে এবং সেই প্রভাবের উপর বিরেধীপক্ষের করেকজ্ঞান বক্তা এশ কংগ্রেসপক্ষের একজন ২ক্তা দিয়ে। তুপ থান্তশভোৱ কে ত্র নয়—থাতশস। ছাডাও অক্তাকু যে সমন্ত এংসন্সিয়াল কংডিটিজ রয়েছে সে সন্পর্কেও এই প্রস্তাবে বলা হয়েছে এবং থাগুল্স। এবং অক্সান্স এসেনসিয়াল কমডিটিজ এ সমন্ত ব্যাপারে সর্কারের বিগতকালের দেউলিয়া নীতি দায়ী সে বিষয়ে প্রতাবে অভাস্ত স্পষ্ট করে বলা হয়েছে। আমি একথা স্পষ্টভাবে মনে করি যে পাগুলভার স্বায়ী সমাবানের জ্বভা সর্বপ্রথম প্রয়েজন বৈপ্লবিক ভ্রিসংস্থার ছাড়া কেন মতে ফ্রন্স আশামূরণ পাওয়া যায় না। এবং আমি মনে করি এবং তেবি আশুর্য হয়ে ঘাই সরকার ফাসল বাডাবার কথা বলেন বটে কিন্তু বর্তমান ভূমিব।বস্থার মাধামে ভূমির বর্তমান ভূমির ফ্রাগমেণ্টেসন অব ল্যাওকে তলায় রেপে কি করে বৈজ্ঞানিক শদ্ধতিতে চাষ্ঠ করে ফলল বাড়াবেন লে সম্পর্কে স্পষ্ট কণা বলেননি এবং ভবুও আমি স্থানি যে তারা ফসল বাড়াবার কথা বলেন, খাতে স্বরংসম্পূর্ণ হবার কথা বলেন সে কথা আপাতত থাক. কিন্তু মোটের উপর সামরা যা বাস্তব অভিজ্ঞতা থেকে দেখচি এবং জানি সরকারের অগ্রগতি তাতে আজিকে স্পষ্ট হয়ে উঠেছে দে হচ্ছে এই যে বিগত ১৮ বছরের কুইগ্রেসী শাসনে আছকে খালসমলা একটা উতকট আকার ধারণ করেছে। আমর। জানি গত বংসর এবং ভারও আগে আমাদের মুধ্যমন্ত্রী ভথা ৰাজমন্ত্রী এবং ১৮ বছর ধরে যিনি ৰাজমন্ত্রী ভিনি এই সমস্তা সম্পর্কে বিভিন্ন বক্তাতা দিয়েছেন। আমরা তাঁর কাচ থেকে অনেক সময় নুডন নীতি দাবি করেছি, নুত্র নীতি হরতো তিনি ঘোষণা করেছেন, অনেক কথা বলেছেন, অনেক আশার বাণী তিনি আমানের শুনিয়েছেন এবং আক্রকে তার যা ফল হয়েছে ভাতে আমরা বাস্তবে সহটের মুখোমুৰি দাঁড়িয়ে আছি। আমানের সামনে বলা হরেছিল আগে যে আমানের চালের উৎপাদন কম সেজভ বেশী কম খেতে হবে, হরতো পি. এল. ৪৮০ দিকে তাকিয়ে সে

ৰুধা বলা হৰেছিল। তথন এই রুক্ম ছুঁপীয়ার জানানো হুছেছিল, কোন কোন বি:খাধী সৰভাবের ভরক থেকে সরকারের উদ্দেশ্তে যে ভাগু বিদেশী গমের উপর নিভরশীল হতে বলাটা মারাবাক লবে। আমান্তা সেই জিনিস লক্ষ্য করেছি যে গমের ক্রাইসিস দেখা দিয়েছে এবং পাক-ভারত যুদ্ধের পরে আনেরিকা যখন গম দিতে ইতন্তত-টালবাহনার ভাব দেখিয়েছিল তথন আমাণের কর্তানের মাধার হাত পড়েছে। আমর। জানি চালর বদলে গম ধাও এটা যত ভোরের সঙ্গে ঘোষণা করতেন আমাদের মধ্যমন্ত্রী আজ্ঞাকে একথা তাঁরা বলতে পারেন না। দীৰ্ঘ ১৮ বছর ধরে বিরেণ্ধী পক্ষ থেকে খাতৃশদেনর ব বদা পূর্ণ হাষ্ট্রায়করণ ইংরাভীতে যা∶ক বংল স্টেট টেডিং করার কথ: বলে এসেছেন থব বেলী দিন আবেও নয় এই সব কথাতে তার হাসভো এবং তাঁরা তা করতে চাননি। আদ্ধকে যদিও ঠিক স্টেট টেডিং ভারা করতে । ষাচ্ছেন না ভবে এধরণের কথা মোটাগুটি ভাদেরই মূৰে শুনা সাচ্ছে। আমরা জানি যে বিগভ বংসরে আমাদের প্রসন্ত্রী এখানে দ। ডিয়ে বলে চিলেন যে আগামী বংস র অর্থাৎ বর্তমান বংসরে এই সংকট সমাধ্যের সমস্ত উপায় আমিকা বাওলে ফেলেছি। আমরা জানি যে বাজশসোর দাম তাঁৰা বেঁথে দিয়েছিলেন ১৪/১৫/১৬ টাকা করে হা.নর দাম বে.ধ দিয়েছি লন এবং চালের দামও তাঁরা বেঁথে দিয়েছিলেন। কিন্ধুয়াবাল্ডৰ সভাতা কংগ্রেসপক্ষের অর্থিকবাৰ যভই বলুননা কেন সেই সভাকে অস্থাকার করা যায় না এবং আমরা জানি যে বামপ্রীদের সেটা বেঁধে দেওয়া দর নয়, সরকার যে দর বেঁধে দিয়েছিলেন দেই দরে বাংলা দেশের কোগাও খাল্ডণ্ড পাওয়াযায় না. চাল পাওয়া যায় না এবং ধানও পাওয়া যায় না এবং আমরা জানি মাফুমের কটের দিনে ছু:খের দিনে তথ/৩০ টাকা মণদরে ধান বিক্রি হয়েছে এবং ৫৫।৬০ টাকা মণদরে চাল বিক্রি হয়েছে। **অ।জকে আমাদের সরকারপক্ষ থে**কে আংশিকভাবে স্বীকার করেছেন এবং তাঁর। যদি করেন ভাৰলে এইটা প্রমান হয়ে যার যে একটা সরকার যাদের হাতে আড্মিনিসেন্সন আছে. যাদের হাতে ক্ষমতা আছে এইসব পাকা সংগ্রেও তারা চোরাকারবারীদের কাছ, সমজ্জ-ু শক্রদের কাছে আব্যাসমর্পণ করেছেন। আমারা জ্ঞানি এবং আমারা জ্ঞানি যে গড় বংসর এবং ভার আগেও সরকার গ্রামাঞ্জের চাষীদের কাছ থেকে ধান সংগ্রহের চেষ্টা করেছিলেন বর্ণমান. ৰীন্নভূম, মূর্শিলাবাল এই সমস্ত জ্বায়গায় ধান সংগ্রহের চেটা করেছিলেন, কিন্তু অংমরা জানি যে কিভাবে বড় বড় জোতদারর। সরকাপকে বুদ্ধাঙ্গল্প কেছিল: বেনামে যার। হাজার বিদা আমি আজকে কোশল করে রেখে দিয়েছে তার কিভাবে বুদান্ত দিবিয়েছে। অত, জ শক্তিশালী মাাজিষ্টেট কিভাবে একজন ভদ্রলোকের কাছে আত্মসম্পন কর্ভে বাধা হয়েছেন মুর্শিদাবাদ জেলার, তেমনি ঘটনা আমাদের জানা আছে। এবং সরকারপঞ্জের সেই ঘটন না শানার কথা নয়। এবং সেধানে ধান সংগ্রহ সেইভাবে হয়নি। এবং বর্ষার পরে কিভাবে অতাস্ত উচ্চমূল্যে সেই ধান গরীব চাষীর ক'ছে বিকি হয়েছে। সেই চাষী হয়তো তা অল দাাম বিক্রিক করে দিয়েছিল ফসল উঠার মরত্যে তা আ মরা আনি।

[4-15-4-40 p.m.]

আমরা আনি দোকানে দোকানে সাধারণ মানুষ চাল ও অন্যথান্তশন্য কিনতে সেছে সরকারী নিদৃষ্টদাম চাট আকারে সেথানে দেওয়া আছে বটে কিন্তু সে দামে ৰাজশন্ত বিক্রি হয়নি, Black এ বিক্রি হয়ে হ।

Shri Amrendra Roy Pradhan : ভার, হাউলে কোরাম নেই।

(At this stage quorum bell was rung and some members entered the Chamber)

Shri Sambhu Gopal Das: স্থার, আমি যে কথা বলছিলান ষণিও কংগ্রেসপক্ষ থেকে আক্ষকে অনেক নৃতন কথা বলা হচ্ছে এবং বিগত দিনের যে নীতি ছার যথন আমরা সমালোচনা করতে যাক্সি তথন আমাদের দিকে অন্ত কথা ছুঁছে দেওয়া হচ্ছে কিন্তু আমরা এটা ভূলতে পাচ্ছিনা যে সরকারের একটা নিছক নীতির অন্ত যে খাজন তির ক্ষেত্রে এবং অন্তান্ত প্রসেক্ষরণ কমোডিটির ক্ষেত্রে একটা সঙ্কট এনে দিয়েছে। আমরা আগেই বলেছি কিন্তাবে তারা চোরাকারবারীদের কাছে আঅসমর্পন করেছে। কেবল হু একটা ক্ষেত্রে ক্ষুদ্র ব্যবসায়াদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করেছিলেন। কিন্তু সংগে সংগে আমরা জানি কিভাবে সেই কুখাত মানুষগুলার খুনির জন্ম চেষ্টা হয়েছিল এবং কিন্তার তাদের কাছ থেকে প্রারেণ্ট উইথাইল্ড করা হয়েছিল। স্থার আমি কি বলবো, হাউসে তো কোরাম নেই এটাতো মেছো হাট হয়ে দাঁছিয়েছে, আপনিও চুপচাণ বসে আছেন।

স্থার, আনি বলছি আমার ধানিটা সময় নই গ্রেছে আনি আর বলতে চাই না এর প্র ঘারা আছেন ঠারা বলুন।

[At this stage the House was adjourned for twenty minutes]

After adjournment

[4-40-4-50 p. m.]

Shri Sailendra Nath Adhikary: চেয়ারম্যান, ভার, শস্ত্বাবুর যে বেজুলিউসান তা নিবিল্থার নিয়ে এংস্টেন সে সমল্লে বলবার আংগে একথা অহাত তঃ থর সং**জ**েবণ্ডে *হালে* ডে ফুড ক্রার্হিস সমধ্যে টেজারী বেঞের বিশেষ কোন আগ্রহ নেই। সেটা আপনিও ব্যক্তে পেরে চন কয়েকবার কোরাম ফেল করার ফলে হাইস বন্ধ করতে হল। এ অবস্থায় আমরা ভারতে পারি না কি করে আমরা আমাদের বক্তব্য রাখবো, কার কাছে রাখবো ও এই হাউপের একটা বিরাট সমস্থা সে সমস্থা সমঙ্গে তাঁরো চা খান বাইরে অপ্ত এখানে আস্তে পারেন না। সেখালে আমান্তের বক্তব্য রাখার চেষ্টা করা ভূল হবে। ভ**ূও আমি এই রেঞ্জিউসানের উপর বিজ** বলতে চাই। সুদান তৃতীয় শ্রেণীর কামরায় আমি গানার দেশ পেকে আসেছিলাম। চাক্তম্ম দৌশন থেকে কয়েক ছন ভদুলোক উঠে বসার পর গল্প করছিলেন কিন্তু এক ভদুলোক ভালের মধ্যে চপকরে থাকায় একজন ক্রিজ্ঞাস। করলেন কি ভাই চপ করে আছো কেন ভ্রমিটো রুসিক লোক ? কথা বলছ না কেন তখন তিনি বললেন জান আমার মান বেডেছে. "মান বেডেছে"— ৰললেন হাঁ। দাম বেডেছে তাই মান বেডেছে দংমা জিনিস পাঞ্ছি বলে। আমি জিজাসা কর্মান দামী মানে কি বাদাম প্ৰস্তা এসৰ পাচ্ছেন। তিনি বল্পেন "না মশাই আপনি তোদেৰছি বেঁছো লোক"। চালের দাম সাডে চার টাকা, এখন কপা বলতে গেলে ভেবে কপা বলতে 📭। এটাই হচ্চে স্বার্ণ মানুষের সরকাথের প্রতি বিজ্ঞাপের তীক্ষ্ণ শাণিত ছবি ত। শানাচেন। Chief Minister গতবার এই Assembly क मां किया वाल दिलान का निहे-मार्टक। আমরা যুখন ত্তিকের কথা বলেছিলাম দমদম দাওয়াই—এর পর তখন Chief Minister এবং এই Ministry আমাদের দাবি সমন্ধে কিছুটা চিন্তা করবেন বলেছিলেন। ভারপর এই হাউলে দাঁড়িয়ে Chief Minister ৰলেছিলেন আমনের বাজার ক্রপ্থয়েছে, কাছেই এবার ছভিক হবে না—হতে দেব না, এবং অপজিশান,ক তিনি ভাবতে নিধেৰ করেছিলেন। আমরা সে সময় ৰলেছিলাম এক টাকা চুই টাকা কেজি চাল খেতে হবে। দেখা গেল ৰাম্পার ক্রপ হবার পরেও পশ্চিম ৰাংলায় ৪।৫ কেজি টাকা চাল হয়েছে। কোথার গেল লে বাস্পার ক্রপ্ত, অর্থাৎ এর ছারা ৰোৰা যায় Chief Minister এবং মন্ত্ৰিসভা তাঁৱা নিজেৱাট নিজেদের উপর দেলার করছেন। ষে প্ৰতিজ্ঞতি এখানে দেন সে প্ৰতিজ্ঞতি ৰাইরে রাখতে পারেননা। এটাই হচ্ছে মন্ত্রিসভার চরিতা।

মি: চেয়ারম্যান, স্থার, আপনি শুনে স্বচাইতে আল্চর্য হবেন যে দম্দম্ দাওয়াই এর পর চিফ্ মিনিটার বৃঝপেন যে নিজের হাতে আর ক্ষমতা রাখা সম্ভব হবে না, যদি এই চালের সমস্থার সমাধান ন. করি। তথন তিনি কি করলেন? তিনি চোরা কারবারীদের সঙ্গে একটা gentlemen's agreement করলেন। Gentlemen's agreement মানে ভদ্রলাকের সঙ্গে একটা চুক্তি। এই স্ব ভদ্রলোক কারা? যারা সমাজ্লোহী, যারা সাগারণ মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলেন, তারা হলেন ভদ্রলোক। যে চিফ্ মিনিটার ছাত্রদের deputation গেলে দেখা করতে চান না, শিক্ষকদের deputation গেলে দেখা করতে চান না, শেই চিফ্ মিনিটার, তিনি নিজে—এ সমস্ত চোরাকারবারীদের ডেকে, তালের ভদ্রলোকের আখ্যা দিলেন। এই হক্তে স্বকারের চবিক।

Mr. Chairman: Is this relevant; আপনার resolution এ আছে—food crisis and rise of prices.

Shri Sailendra Nath Adhikarey: সর্কারের এই চরিত্রগুলি যদি বিচার, বিশ্লেষণ না করি, তাহলে থাক্সমন্থা কেন ব্যর্থ হচ্ছে, তার গলদ কোথায়, তা ধরতে পারবো না। (Noise and interruptions) আমি আর একটা জিনিস দেখলান চিফ্ মিনিস্টার সেদিন তাঁর মন্ত্রিসভার তরক থেকে বললেন আপনারা, স্বাই austerity observe করুন, economy করুন। তাঁরা নিজেরা স্ব পোলাও, রোস্ট থাচ্ছেন, আর তিনি বলছেন কোলকাতার থাবুদের কম থাওয়াবো, কলা থাওয়াবো, তভুলজাতীয় ছিনিস নিষিদ্ধ কলকাতার বাবুদের জলা। আমি সেদিক থেকে আর কোন কথা বলবো না। কিন্তু তিনি যা করেছেন, তা হচ্ছে এক অন্তুত জিনিস। মান্ত্র্যকে চাল দিতে পারছেন না, আর বলা হচ্ছে, মুরগার মাংস্ক টাংস থাও। কিন্তু একটা গোটা মুরগার রোষ্ট থেতে গেলে, তারজন্ম কত পয়সা দরকার, সেটা তিনি বিবেচনা করে দেখেছেন? যে এই তভুল জাতীয় জিনিস ছেড়ে, মুরগা থেতে পারবে? বর্জমানে সেদিন চিফ্ মিনিস্টার গিয়েছিলেন, সেথানে একটা সোয়েস্তা গ্রামের পাঁচশো লোক নিমন্ত্রিত হয়ে এসেছিলেন। উনি সেথানে উপস্থিত ছিলেন। আপনি শুনে আপর্য হয়ের বনে, সেথানে পাঁচশো লোককে যথার তি মুরগা থেকে আরম্ভ করে ঢালাওভাবে থাওয়ানো হয়েছে।

(এ ভয়েস—বাজে কথা।)

বাজে কথা যদি না হয়, তাহলে আপনি রেজিগানেশন দেবেন ? মুখামলিমহাশার এইর দমভাবে ঢালাও খাওয়ান, আর বাংলা দেশের লোক না খেরে থাকবে, এহবড় অপরাধ যারা করেন, তাঁদের সম্বন্ধে যদি আমরা কিছুনা বলি, বিচার না করি, তাহলে আমরা নিজেদের বিবেকের কাছে দায়ী খাকবো।

আর একটা কথা হচ্ছে, সেদিন চিফ্ মিনিস্টার বলেছিলেন যে, তিনি একটা বিষয়ে ব্যর্থ হয়েছেন, এবং আর একটি বিষয়ে সার্থক হয়েছেন। Statutory Rationing র ব্যাপারে Calcutta and Industrial এরিয়ায় ও suburbs-এ সার্থক হয়েছেন। আর ব্যর্থ হয়েছেন মকংখলে procurement এর ব্যাপারে। Statutory Rationing এর ব্যাপারে সমস্ত দায়িত্ব হচ্ছে সরকারের, সেধানে তিনি সার্থক হয়েছেন। Statutory Rationing-এ যদি কভকগুলি লোককে ration card দিয়ে খাওয়ান হয়, তাহলে নিশ্বয়, এই সরকার সেধানে সার্থক হয়েছেন। ক্যি ক্ষেক লক্ষ্ণ লোক ration card পায়নি। হাওড়া এবং কলকাভায় গালাগালা ration এর petition পড়ছে। (Interruptions).

[4-50-5 p. m.]

কলকাতায় গাদাগাদি রেশন কাডের petition কয়েকমাস ধরে অফিসে পড়ে আছে, লোকে রেশন কাড পাচ্ছে না। আমরা এজন্ত Complaint করেছি যে অক্টোবর নভেম্বর থেকে

কাডের জ্বন্স দরধান্ত করে আজও তা পাচ্ছেনা। সরকার তাদের বেশন কাড দিজেন ভাদের যারা employer, তাদের সাটি ফিকেট নিঃর দরধান্ত করা সত্ত্বেও সরকার তাদের শিন কার্ট দেন নাই। অমি জানি হাজার হাজার বিক্সাওয়ালাকে রেশন কার্ড দেওয়া হয়নি। ামি জানি বেলওয়ের টোকেন নিয়ে দরখান্ত করেছে ১৯৬৪ সালে, পাঁচ সাভ বার করে আসতে En দেওছা হয়েছে, অবচ এখনো সেই railway employees-রা রেশন পাননি। এইভাবে াবা দাবী করেছেন। আমি বলৰো না-খাইলে রেখে মানুষের অশুক্ষদকে ভারা বংক করেছেন। আসল কথা হচ্চে food policy—যারা সেটা চালাচ্ছে, তাদের চরিত্র কি? এই ফুড পলিসি চালাতে গেলে যে দৃষ্টি থাকা দ্রকার, তা তাদের নাই। আজ পর্যান্ত দেখান নাই যে, মাহুষ না ভাষে আছে, ভাদের এই চীফ্ মিনিস্টার বলেছেন orientation করবেন। ভোমরা গম পাও, আবার PL 480 ত এখন সেই গম না আসাবার ফলো তনি এখন তাদের বলছেন—ভোমরা কম শিও। তাহলে বুঝুন এই cordon ও corruption কত rampant হলে গেছে। আজিকে মাগ্রেজ দেখলাম মেচেদা স্টেশনে ভূকেজি চালের জন্ম টেন থেকে টেনে ফেলে দেবার **জন্ম একজন** শীলোক মরেছে। এই গছে সরকারের food policy। হাওড়া, মুশিদাবাদ, নদীয়া প্রভু ত tern হচ্ছে deficit জেলা। আমাদের এইণৰ জেলা কেন deficit আছে? ভারত সাধীন ছিওয়ার ফলে যথন বাংলা দেশ ভাগ হলো—ভারপর যে সব area.ত ধান হতো আগে. নদীয়া ম্মূর্লিদাবাদে দেই সমস্ত এবিরাতে এখন পাট অন্মাচ্ছে। তারফলে ভারতবর্ষের পাট শিল্পজগতের অনুস্তু দেশে প্রাধান্তলাভ করে আছে। তার থেকে Central Government কোট কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন করছে। আমি জিজ্ঞাদা করছি—Central গভর্নমেন্টের লায়িত্ব কি নেই—এই Jute Growing Areaেকে তাদের তহবিশ থেকে মফুড **শাগুভাণ্ডা**র থেকে খাওয়ান? আমি বলংবা কলকাতাকে কেন্দ্রের আওতায় আনতে হবে। এখানে ৬০ লক্ষ লোক বাহির থেকে আসছে, ভাদের সেই দায়িত্ব কেন্দ্রকে নিতে হবে। যে jute growing এশাকা, ভারা jute grow করে ভারতবর্ষের Foreign Exchange বাড়িয়ে দিচ্ছে তারা কি এখন না খেয়ে পাকাে ? সেপানে statutory rationing-এর দায়িত নিতে হবে।

ভারপর আমার কথা হচ্ছে আজকে সমস্ত food policyটা হচ্ছে এই কংগ্রেস সরকারের একটা হ্নীতির চিত্র। এই ফুড ডিপাটমেন্ট এমন একটা ডিপাট মেন্ট হরে টাড়িয়েছে এই দীর্ঘ ১৮ বছর ধরে তারা এদেশে হৃতিক ডেকে নিয়ে আসছে। এই মুখ্যমন্ত্রী যুতদিন ৰাজ্যন্ত্রী ছিলেন, তিনি হৃতিক নিয়ে এসেছেন। আজকেও তিনি আমাদের সকলকে হৃতিক্ষের মূপে ঠেলে দিছেন। ভিনি আজ যত কথাই বলুন না কেন জনশাকে হৃতিক্ষের মূপে ঠেলে দিলে—জনশার যে বাবা ও দৃঢ়ত। আসাবে তার হারা ছুও পলিসির ব্যর্থতা বিচার হুবে। এই কথা কয়টি বলে নিশিলবারর এই প্রভাব আমি সমর্থন করছি।

Dr. Narayan Chandra Roy: মাননীর চেরারম্যান, স্থার, এথানে বর্তমানে একটা বড় ডেপুটেশান বাগুইহাট দেশবন্ধুনগর থেকে এসেছে তার দাবিগুলি আমানের থান্তমন্ত্রীর সামনে দিতে আজ্ কে এবং তানের এই গণসাক্ষর এই কাগজ্ঞানি তার হাতে দিছে আপনার মাধ্যমে আমি দিছি এবং তাদের প্রধান দাবি হচ্ছে ওখানে পূর্ণ রেশন করা হউক এবং কতকভাল আয়গা সংযুক্ত করে দেওয়। হউক। এই কয়েটি দাবি তারা বিস্তারিতভাবে এখানে লিখেছে এবং এই দর্ধান্তটা আশুনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশ্রের কাছে দিছিছে।

Shri Narayan Choubey: ভার, এই দাবিওলি যাতে অধিলত্বে পূর্ণ করার বাবস্থা করা হয় ভারজক আমরা দাবি কানাছি।

Shri Girish Mahato: ভার, আজ্:ক খান্তব্যবস্থার উপর যে প্রভাব এসেছে সেই প্রস্তাবকে আমি সমর্থন করছি। থাগুব।বন্ধ। বিষয়ে শুণু যে পশ্চিমবক্ষ সরকার অসামর্থ হয়েছেন ত। নয়—-ভারতে ক গ্রেদ সরক।রও আজ অসমর্থ হয়েছেন। এটা তথু আমণদের কথানয় আমাদর সরকারী বল্লরাও এটা সমর্থন করেছেন। স্তার, য ছদিন পর্যন্ত এই কংগ্রেস সরকার ৩৭ পশ্চিমবঙ্গে কেন ভারতবার পাকবে তত্তিন এই অশ্লার্থ কংগ্রেস সরকার থ ভ ব্যৰস্থার কোন সমাধান করতে পারবে না। তার কারণ হচ্ছে এই সরকারের কোন ক্ষমত। নাই ভার। যজের মত চালিত হয়। স্থার, আপনি আধানেন গত শরৎকালের অধিবেশনে আমাদের সরকার এখানে ধান্তমূপ্য নির্দারণ করেছিলেন ১৪ টাকা মণ। কিন্তু তারপরে কাতিক, অগ্রহায়ণ মাসে চোরাকারবারীরা মন্থুতদারেরা ১ টাকা মণ দরে ধান কিনেছিল। মন্ত্রীরা সরকারী দর একরক্ম প্রচার কর্তেন, কিন্তু সরকারের কোন ক্ষমতা নাই যে সেই চোরা-কার্থারীদের এবং মজুতদাৎদের ধ্রবার বা ১ টাকা দরে ধান কেনা বন্ধ করবার। ত:রপর সুরকার থেকে ধান requisition করা আরম্ভ করা হল আমরা দেখলাম যাদের হাজার মণ ধান আমাছে ভাদের ধান requisition করা হল না কারণ ভারা B. D. O. এবং কন্ট্রোলার দরে দক্ষে ঘুষের বন্দোবস্ত করে নিয়েছিল। আমি কতৃপিক্ষরে কাছে বলেছি যে এই B.D O. এং কট্টোপাররা হ জার হাজার টাকা ঘুষ নিজে কিন্তু কতৃপক কিছু কর্তেন না। তাই অংমি প্রিকার করে বলতে চাই যে, কংগ্রেস সরকার যে স্থাজভন্তবাদের ক্ষা ৰলেন সেটা হচ্ছে চোরাকারবারীতন্ত্র আজ্ঞাকে কংগ্রেস সরকার না পারভে চোরাকার-ৰারীদের শারেন্তা করতে না পারছে লোককে খাত দিতে। অংক পগন্ত সরকার গ্রামে বা শহরে rationএর ব্যবস্থা করতে পারেনি। আজ পর্যন্ত পুরুলিয়া শহরে চাহিদ্মত আদৌ ration supply করতে পারেনি আমরা বভ মাবেদন করেছি কিন্তু এই বধির কংগ্রেস সরকার কুৰ্পাত ক্রেনি। গ্তবারের খালুনীভিতে মানুষ না থেয়ে মারা গিয়াছে। অথচ এখানে মুখ্নমন্ত্রী বলেছিলেন যে, মামুষ নাংখতে পেয়ে মরবে না। আজকে কংগ্রেস সরকার নিংজই স্বীকার করছে যে গ্রামের লোকদের ৩ টাকা ৪ টাকা করে চাল কিনতে হয়েছে। আমি স্থানি দেশে হাজার হাজার লোক না খেংই মরেছে। একথা ভারাও প্রকান্তরে স্বীকার করেছে। তাই আঞ্চকে বল:ছ শাখব।বস্থার একটা প্রতিকার করতে হবে। কিন্তু আমরা জ্বানি এদের মুৰের কথার কোন দাম নাই। ১৮ বছর ধরে এই অপদার্থ কংগ্রেস সরকার পাভসমস্তার সমাধান ু করতে পারেনি এবং পারবেও না। ভার কারণ এদের কোন নীতি নেই, ব্যবস্থানেই, কোনো বাঙৰ জ্ঞান নেই। এদের পিছনে আছে সেই চোরাকারবারীরদল যারা তালের চালায়। তালের কণায় এরা নীতি ঠিক করে।

[5—5-10 p. m.]

যদি ৰাস্তব অবস্থা এঁ বা অমুভৰ কর:তন ভাহ:ল আমরা যে প্রস্তাব দিয়েছি সেটা গ্রহণ করভেন। আমরা বহু প্রস্তাব দিয়েছি কিন্তু কংগ্রেস সরকার আমাদের কথা শোনেন না, আ।মা:দর সৃংযে গিত। চান না। অ মরা বশ্ছি কৃষির জন্ম এই যে লক্ষ লক্ষ টাকাধরচ হচ্ছে এটা অধু কাগজেকলমে খরচ দেখান হচ্ছে, কৃষির যে মূল উদ্দেশ্য তার জাত খরচ হয়নি, এটাই হতে ৰাখ্য সভা। কৃষিউৎপাদন বৃদ্ধি করতে হলে চাই সেচের ব্যবস্থা, চাই উন্নত ধ্রণের বীক, চাই সার। মাননীয় অধ্যক মহাশই, আমি কল্যাণী গিরেছিশাম সারের বাবস্থা দেখতে ৰ্যাপার কি চলছে চাকুষ উপলব্ধি করতে কিন্তু এই কংগ্রেস সরকারের থালি বোর্ড থেকে বেনামীতে কংগ্রেদের কোকের দারা পরিচালিত কল্যাণীতে সারের কেন্দ্র আছে। ৰোনমিলের যে সার সেটা এই কংগ্রসী রাজতে কোখাও পাবেন না। আমাদের গরুর হাড় বিদে.শ চলে যাছে। কলাণীতে হাড়ের সাৰের একটা কেন্দ্র রম্বেছে সেটা কংগ্রেসের পাঞালের

ধারা পরিচাশিত। সেখানে দেখবেন বোনমিলের সার প্রস্তুতের আয়োজন রয়েছে কিন্তু সেধানে বোনমিলের চিহ্ন নেই। আপনারা যে-কোন লোক কলাণীতে যেতে পারেন। অনুমি নি: বিষয়িছ, সেধানে বোনমিকের সার আমি পেলাম না। সেধানে হাড়ের গালা পেলাম আর দেশলাম বোনমিলের যন্ত্র মাকড্শার জ্ঞা.ল ভতি হয়ে রয়েছে। দেশের হাজার হাজার হাড় বিদেশে চলে যাভে অথঃ আমাদের এখানে বোনমিলের সার নেই। তাই বলছি আমাদের বোনমিলের সারের ব্যবস্থা করতে হাব। এর পরে আমি আমাদের পুরুলিয়া জেলার সেচের কথা বলছি। এই ১৮ বছরে ধরে আমাদের পুরুলিয়া জেলাতে আপনারা এক বিঘা জ্ঞমিতেও সেচের বাবস্থ। করতে পারেননি। ভারপর চাই উন্নত ধ্রনের বীজ্ঞ কিছু কুধি-বিভাগ থেকে দেই বীজ আদে কথন, না ভাদু মাসে। ১৯:শ অক্টোবর তারি:ৰ ডি, সি, আমাদের ডেকেছিলেন এই ইমার্জেন্সি অবস্থায় র্বিশস্যের উৎপাদন বাড়াবার জ্বনা। সেখানে সমস্ত বি. ডি. ও. অফিলাবরা উপস্থিত ছিলেন; আমিও সেধানে পিয়েছিলাম কিছু কি দেখল ম সেখানে বি, ডি, ও-দের টি, এ, বিলের যে টাকা হয় সেই টাকার মত রবিশস্তও উৎপদ্ধ হয় না। আপনার। প্রতে।কেই জানবেন এরা সমস্ত কারবার করছে। যারা ক্লষককে বাঁচাতে চায় না, যারা মাতুষের মুখে অন্ন দিতে পারে না, যারা মাতুষের জাবন নিম্নে খেলা করছে, ভারাই আরু লক্ষ্য লক্ষ্য টাক। ভুছরণ করছে। আমি তাই বলচি এই কুইবাৰশ্বা, খাগুৰাবস্থা কাহ্যকরী করতে এই সরকার অসমর্থ। এই ব্যবস্থার যদি পরিবর্তন না করেন ভাহলে পশ্চিমবঞ্জ । শ্ব হু য় যাবে।

Shri Monoranjau Bakei: মি: চেয়ারমানি, স্থার, আঞ্ক এট খাল বিতর্কে আল গ্রহণ করে প্রথমেই আমাণনার কাছে নিবেদন করছি যে গত বছর মাননীয় মুখামন্ত্রী যথন খাছাবিতক উঘোধন করেন তথন িনি বলেন যে দেশে প্রচুর থান্ত এবং কেন্দ্রায় সরকার আমাদের প্ৰচর থাবার দেনে কাজে কাজেই আগামী মরন্তমে আমাদের আর কোন ভাবনা নাই। কিন্তু অতাত ডঃথের বিষয় এই মর্ভম আসার সংক সকে দেখা যাজে দে≟শ অ∙াক্ত থালাভাৰ। মি: চেয়ার্ম্যান, স্থার, আপুনি জ্ঞানেন গত বছর খাগু-পুলিসিতে যুখন মুল্য নিয়ুল্প করা হল তথ্য সুই সমস্ত মিল্মালিককে ধান কিনবার ভার দেওরা হয়। আমরা দেখেছি সেই সমস্ত মিলমালিকগণ কারচ্পি করেন, সরকার তালের নিষ্ণুণ করতে পারেননি, ফলে সরকারের ঘোষিত যে মলানীতি তা সম্পূৰ্ণ ব্যৰ্থ হয়। স্থার, আপেনি কানেন, আমরাক জ্ঞানি এবং সরকারও স্বীকার করেছেন বারবার করে যে গভ বছরের যে মূল্যনীতি ভা ফেল করেছে। আমি মনে করি এই মূল্যনীতি ফেল করার মানে সরকারের বাগ্যনীতি পুরাপুরি ব্যথ হয়েছে। মি: চেয়ারম্যান, স্যার, আঞ্জে আগামী মর্ভমের জ্ঞা সর্কার যে খাখনীতি গ্রহণ করতে যাচ্ছেন এই সন্ধিক্ষণে দাঁড়িয়ে গভবারের যে খায়নীতি আলোচনা কর্চি সেই সমস্ত আলোচনা করার কালে আপনার কাছ আমি এই কথা রাখছি যে খালুনাভিকে যদি সামগ্রিকভাবে সব ভারতীয় নীতি হিসাবে গ্রহণ ন: করা যায় ভাহলে আমার মনে হল্প খাদ্যনীতির ষে বার্থতা সেটা শুধু এ বছরের অভ্য বা আগামী বছরের জ্বন্স নয় প্রতি বছরই লেগে থাকবে। মিঃ চেম্বারম্যান, স্যার, সেজন্য আমি সাজেশন দিচ্ছি আজকের এই খাগুনীতিকে শুণু পশ্চিম বাংলার নয় সর্ব ভারতীয় একটা নীতিকাপে এছণ করা উচিত। যে সমস্ত টেবেশ ফুড আছে। সে জোয়ারই হোক, ভুটাই হোক আমার ধানগমই থোক তার একট। দাম নিধারণ করে স্বভারতীয় ভিত্তিতে যদি এই নীতি নিধারণ করা যায় তবেই আমার মনে হয় এবটা কণ্ঠ ব্যবভা হবে, ভা না হলে কোন দিনই এর ফুব্যবস্থাহবে না। আজকে কিছুক্ষণ পূর্বে কংগ্রেস দলের একজন মাননীয় সদস্য বহু কথা বলঙ্গেন, আমি তাঁকে শ্বরণ করিয়ে দিচ্ছি যে তিনি প্রভাকশনের কথা বলেননি। আমরা আনি এই পশ্চিম বাংলার বিভিন্ন জেলাতে যে নদীয়া জেলার মন চুর্ণীতে. মেদিনীপুর কেলার শিলাই মদীতে, বর্ধমানের অভয় এবং দাগেদর মদীতে, বহু একর ভাষি সেচের অভাবে অনাবাদী হয়ে পড়ে আছে, সেধানে যদি ওয়াটার পাম্প ফিট করে দেওয়া হয়,

লিফট ইবিগেশন করে দেওয়া হয় ভাহলে সেখানে বহু একর জমি সেচ পাবার হুযোগ পাবে। মি: চেয়ারমাান, সাার, আপুনি জানেন পশ্চিমবঞ্চের বত আনশাইসেক্ষড হাস্কিং মেদিন আছে, আমি সাজেশন দিছি এট সমস্ত আনলাইসেক্ষড হাস্তিং মেদিনগুলিকে সরকার সিজ করুন কিছ কিছ কম্পেন্সেশন দিয়ে এবং এই সমস্ত সিজ্ত হাস্কিং মেশিনগুলি নিয়ে ভালের যে প্রাইম মভার আনছে দেওলি অবল ফিট করে যে সমস্ত জায়গার জল-সেচের ব্যবস্থা নেই দেধানে জ্বলুসেটের বাবস্থ। কর্মন। তা যদি করা হয় ভাহতে আমার মনে হয় পশ্চিমবঙ্কে কোণায়ও অসেচ এলাকা থাকাব না, সমস্ত সেচ এলাকা হয়ে যাবে। আছকে সরকার থেকে বভাবত সেচের কথাবলা হয় কিন্তু চেয়ার্মান মহাশয়, আপুনি জানন যখন কোন গ্রামে আন্তন লাগে তথন ফায়ার বিগেছের গাড়ি রাস্থায় ঘণ্টা বাজিয়ে যায় আগুন নেভাবার জ্বল, আমহা দেখি ফায়ার ব্রিগেডের তৎপরতা, যথন কোন গ্রামের চাষী কৃষি বিভাগকে ইবিগেশন ব্যাপারে খবর দেয় যে আমার গ্রামে সেচ হতে না, জল নেই ঠিক সেইভাবে ঐ ওয়াটার পত্প মেশিনগুলে ঘটা বাজিয়ে জল সেটের জগ যদি যায় তাহলে আজকে সরকারকে গ্রামের লোককে বলতে হবে না যে তুমি আমাদের সাহায় করে। তুপন গ্রামের লোক এমনিই স্বতঃক্ত হয়ে সাহায়্য করবে। কি**ত্ত** আমরা জানি সরকার কথা বলেন এক কাজ করেন আলাদা। কাজে কাজেই কথা এবং কাজে মিলা থাকা দরকার। মিঃ চেয়ারমানি, ভারে, কয়েকদিন আাগ কাগভে দেখলাম আমান্দর মুখ্যমন্ত্রী বলৈছেন যে আনাদের অভিসারেরা কোটপান্ট পরে পাকে মাঠের প্রৱ রাশ্বেন ন। বিশ্বাস করি ভিনি ঠিক কণ্ট ব্লছেন, দেছত আমি তঁকে বল্লে ভিনি এগ্রিকালচ্বাল ভিপার্টমেন্ট, ইরিগেশন ডিপার্টমেন্ট, কো-অপারটিভ ডিপার্টমেন্টের ফাঁরা রাইটাসা বিল্তিংস-এ আছেন তাদের নির্দেশ দিন যে অক্টোবর থেকে ফেব্রুয়ারী, জুন জুলাই মাস পর্যন্ত এই ১ মাস প্রামে গ্রামে থাকুন, গ্রামের চাষীর সঙ্গে মেলামেশা করুন। ভা যদি না বরতে পারেন তাহলে ভাষ এখানে থেকে খানের দাম নির্ধারণ করে দিলে হবে না চাষ্ট রোদে প্রাচ্চ কলে ভিজে নিজের জীবন বিপন্ন করে সারাবছর ধরে চাষ করে এসেছে, তাদের খোরাকা নিয়ে এই যে ছিল্মিনি বেলছেন তাতে গ্রামের লোক ভয় থাছে, অন্মরা ধান চায় কর ছ. না আফিং চাষ করছে, না গাঁজা চাষ কর্ভি ৪ মি: ১১ য়ারমাান, স্থার, এই ভয় আজেকে গ্রামের সর্বত্র ভঙ্গিয়ে পড়েছে। কাজে কাজেই অভান্ত ৰাজুৰ বৃদ্ধি নিয়ে যদি এই কাজ করেন ভাহণে সমস্ত কাজ সুৰ্থক হবে, ভানা হলে সমস্ত বার্থতায় পর্যাসিত হবে। সেজন্ম আমি সাজেশন দিচ্চি প্রভাক জেলাতে ডিস্ট্রীই প্রোচাকশন কাউন্সিল ৰোলা হোক, সেখানে সমস্ত চাষ্ঠাদের নিয়ে আসা হোক, সেই কাউন্সিলে তানের মতামত নেওয়া গোক, এই যদি করা হয় ভাহদে থাল্লমীতি সাভাকারের ছার্থক হবে, ভা না হলে বার্থ হবে। সরকার যে ১৪ ১৫ ১৬ টাকা ধানের দর ঠিক করেছেন চাষী সেই দামে ধান দি.ত রাজী আছে যদি ভারা কন্ট্রোল রেটে থোল পায়, আলু পায়, অনাক্ত নিভাপ্রয়োজনীয় জিনিস পায় যে জিনিসগুলি বাঁচাবার জক্ম প্রয়োজন, ভাংলে নিশ্চয়ই ভারা সরকারের সঙ্গে সংযোগিতা করতে প্রস্তুত। কেন্তু তা যদি না পায় তাহুলে ৪০ টাকাকেন ৫০-৬০ টাকাদর হবে। আমি জানি বর্ধমান জেল। উদ্বন্ত জেলা, কিন্তু আসানসোল মহকুমাতে প্রচর পাগাভাব, ঐ গুর্গাপুরে যে শিল্পাঞ্চলে হয়েছে, শিল্লাঞ্ল হক সেটা আমর। চাই, সেখানেও প্রচুর ধালাভাব। আত্মকে আমি সাজেশন দিছিছ পশ্চিম ংগ সরকারের কত বা ঃছেছ আস নসোল মহকুমার জন্ম একটা দেপারেট জোন করে পশ্চিমবন্ধ থেকে থাবার পাঠান উচিত, তা যদি না পাঠান ভাইলে আমার মনে হয় সেখানে ভাইবেত ব্যাপক তভিক্ষ দেখা দেবে এবং সেই তভিক্ষ স্বষ্টি করবে ঐ মুনাফাখোরী মিল মালিকরা। কাজে কা জই এই সমত দিক বেকে নীতিটাকে পুংৰাত্মপুংখভাবে ৰিচার করে এগিয়ে চলুন, এইকথা বলে আমি আমার বক্তবা শেষ করছি।

[5-10-5-20 p. m.]

Shri Anadi Das: মাননীয় চেরারম্যান, ভার, মাননীয় সদক্ত নিধিলধাবু যে প্রস্তাব এনেছেন ভা সমর্থন করে আমি করেকটি কথা বলতে চাই মাত্র। এথমত সরক র উৎপাদন কাজে

আগ্রহ দেখাতে এবং এটা ৰাড়াতে বার্থ হয়েছেন। গত করেক বছর ধরে যে অবস্থা চলেছে ডার অভিজ্ঞতা ভারা নিতে পারেননি। এই অভিজ্ঞতার ছারা এটা হচিত হয় গত কয়েক বছরের ঘটনা নিয়ে যে, সাহসের সঙ্গে নৃতন কৃষিব।বস্থা প্রবর্তন করবার জন্ম চেটা করা উচিত। কিন্ত সেই অভিজ্ঞত। তারা কাজে না লাগিয়ে গভাগুগতিক পথে চলেছে। একথা পরিদার বলতে পার। যায় ষে আজকে সাহপের সঙ্গে নুজন কৃষিৰ।বন্ধা প্রবর্তন করা দরকার। চাষীয়া কেনে ভার দর বাঁধবার চেষ্টা না করে যা বিক্রি করে ভার দর বাঁধবার চেষ্টাতে উৎপাদন কথনও বাড়বে না। শিল্পের ক্ষেত্রে লাভের হার নির্দিষ্ট না করে যদি চাষীর জিনিসের দর বেঁধে তাকে মেরে ফেলবার c ছা হয় ছাহলেও উৎপাদন বাড়বে না ফলে একটা মারাত্মক জিনিদ হবে যে ক্রবিক্ষেত্রে জামিতে এখন যে মুলধন খাটছে সেই মুলধন চাষ পেকে অন্য জারগায় চলে যাবার চেটা করবে এবং চাষ আরও বিপন্ন হবে। আমাদের চেটা করতে হবে চাষকে এমন আয়গায় নিয়ে যাওয়া উচিত যাতে আরেও মূলখন চাষে প্রযুক্ত হতে পারে। কিন্তু ভার কোনই বাবস্থানেই। আবার এই যে কৃষি-বিপ্লব যেটা হওয়া দৰকাৰ না হলে উৎপাদন বাড়তে পাৰে না—সেটা শিল্লবিপ্লব ছাড়া হতে পারে না। শিল্পে একটা নুত্র ব্যবস্থা ছাড়া হতে পারে না। শিল্পবার্স্থা, ব্যবসাব্যবস্থা সমস্ত দিক থেকে সামজ্ঞিক, অর্থনীতিক, দার্শনিক সমস্ত দিক থেকে একটা নুতন দৃষ্টিভঙ্গি নিয়ে নুতন পদক্ষেণ ছাড়া আজ্ঞকে একে আর পরিবভূনি করাযায় না। এটাই আমি বলি। ধান সংগ্রহে সরকার বার্থ হবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কারণ তারা সেটে ট্রেডিং চালু করলেন না-স্টেট টেডিংএর নামে যেটা করেছেন সেট। স্টেট ট্রেডিং নয় ফলে ধান সংগ্রহত পারে না। জোতদার, চালকল মালিক অভানা মুনাফাখোর ভাদের হাতে চলে যাবার এবং লুকিয়ে রাখবার অনেক বাবস্থা আছে। স্বপরি গরীব জনসাধারণ যার। এই খাখ্য নিয়ে ছিনিমিনি হোক এটা চার না—তাদের সহযোগিত। ছাডা কিছতেই আপনারা এট খাগুবাবস্থার সভোষজনকভাবে সংশোধন করতে পারেন না। আবার গ্রীবদের সহযোগিতা আপনারা পেতে পারেন না ডভক্ষণ যতক্ষণ বড় বড় মালিক, শিল্পতি, (ক্ষাতদারদের আপনারা সম্ভূট করতে চাচ্ছেন। কাকেট আপনাদের একটা দিকে পা রাধতে হবে-হয় জোভদার ইত্যাদিদের ছাড়ভে হবে মার না হয় ষা অবস্থা চলছে তা আরও ভয়াবহ হবে। সমস্ত লোককে ৰ ওয়াবার জোগাবার কথা সরকার ব:শছেন বটে কিন্তু সেটা সম্ভব নয়, গ্রামের লোক আবস্ত হতে পারছে না যা আমরা দেখতে পাচ্ছি ভাতে হওয়াসভাৰ নয়। ভাই আসেল হচ্ছে গ্রামের লোককে মেরে শহরের লোককে খাওয়ানো। আমি এখানে আপন র কাছে তু-একটি কথা বলতে চাচ্ছিয়ে তুনীতি কি চরুয়ে উঠেছে। আমাদের ওখনে আমরা ৩০০ করে চাল পাছিছ রেশন এলাকার বাইরে জ্বলাচা থানা অঞ্লে—অথচ দেটা হাওড়া কর পারেদনের অন্তভুক্তি। আর দেখানে এম, আর, দণ যেওলি আছে সেগুলি সৰ জনীতিতে ভৱা। ইন্সাপেক্টার ভেকে এনে ধরিয়ে দিলেও ভারা ধরে না এবং তারা বলে আমরা যা দেখেছি তাই ঠিক। ওজন কম দিরেছে, १०० করে দিয়েছে—ক্যাসমেমাতে লিথে রেখেছে—ইন্সপেক্টার এলো বল্লো ঠিক আছে—এই সৰ চলছে। আমি সর্বশেষ বলতে চাই--- আমি প্রফুল্লবাবুকে ধন্তবাদ দিই তিনি একটা মন্তব্ড বৈপ্লবিক কাজ করেছেন। বাংলা দেশে বিপ্লব অনেক দিন ধরেই ওভারডিউ হয়ে আছে, কিন্তু বাঞ্চালী শান্তিপ্রিন্ন বলেই বিপ্লব করছে না— পেছতা প্রকুলবংবু স্থির করণেন যে বিপ্লাধ ভোমরা করবে না আমি অভ্যাচার কি রক্ষভাবে চালাই একবার দেশে নাও—এবং দেই অভ্যাচারের ঠেলায় ভোমাকে বিপ্লব করতে হবে। এদিক থেকে আমি প্রফুলবাবুকে ধন্তবাদ জানাই। স্থার, গান্ধিকা বলেছিলেন রামরাজত করতে রামরাজবের ইতিহাস তিনি উপ্টে দিতে চেরেছিদেন। আগে রাবনরাজঃ হয় ভারপর রামরাজঃ হয়—রাবন এসে অভ্যাচার করে, জুলুম করে নানারকম করে তথন দেবভালের টনক নড়ে তারপর রামের জন্ম হয় তারপর রাবনের নিধন হয়—এটাই আজ চলচে এর ভিতর দিয়ে। এর ভিতর দিয়ে গরীব জনতা জাগবে এবং তার ভিতর খেকে রামের জন্ম হবে এবং ভার ভিতর দিয়ে এই রাজত্বের অবসান হবে।

Shri Jaharlal Banerjee : মাননীয় সভাপাল মহাশয়, আছেকে বিরোধীপক্ষ পেকে ষে প্রস্থাৰ আনা হয়েছে সেই প্রস্থাবের আমরা ছীত্র বিরোধিতা করছি ভার কারণ এই য ভারা জ্বগতের কিছু ভালে দেখতে পান কিনা জানি না—কিন্তু সরকার যা করেন তার কোন কিছুভাল তাঁরাদেথতে পান না এটাই তাঁদের স্বভাব। অৰুএব স্বভাব বাঁদের এমন তাঁদের বলবার আমার কিছু নেই। আমি এখানে সংক্ষেপে ত'একটা কথা বলবো। আমি একথা দাবি করি না যে আমাদের সরকার গতবংর যে খাভানীতি নিয়েছিলেন সেটা সম্পূর্ণ সাথক হয়েছে, তবে আমি একথা বলি যে সম্পূর্ণ সার্থক না হলেও বেশীরভাগই সার্থক হয়ছে এ বিষয়ে আমার কোন সংশৃত নাই। মাননীয় সভাপাল মহাশয়, আপুনি জানেন যে গতবার ষে খাগুনীতি গ্রহণ কর। হয়েছিল সেটাকে চুইভাগে ভাগ করা যায়। কলক ত। এবং শিল্পাঞ্চলকে ইনাট্টারী রেসনিংয়ের আভিত্ত র আনা গ্রেছিল এবং গ্রামগুলির ভত্ত কিছু করা হয় নি। এই ছেল গ্ৰুণারের ৰাজনীতি এাং পরে দেখা গেল এই নীতি নেওয়া হয়েছিল যে যেথানে খাবার নেই খাবারের অভাব, সেগা.ন সরকার মতদূর সম্ভব এম, আরি, সপের মাধামে আ শিক রেসন দিয়ভেন। এই ছিল গভগারের থালনীতি। এই পরিপ্রেক্ষিতে আমাদের বিচার করতে হবে যে আমিরা কংটা সাক্সেস্কুল হয়েছি, কছেট হট নি। একটা দিক যদি আমরা আলোচনা করি ষ্টাট্টার রেসনিং এতিয়ায় সম্পূর্ণ সাথক হয়েছে আমাদের নীতি এ সম্বন্ধে কোন সন্দেহ নেই এবং আমি মনে করি নিরোবীপক্ষের গাত্রদাহের কারণ হচ্ছে সরকারের এই নীতি সাথক হয়েছে তাই। কারণ কলকাতার বুকে থালনীতি বিরোধিত। করার নামে যে অসংযমের পরিচয় ভার আংগের আংগের বংর তারা দিয়েছেন, সরকারের এই বশিষ্ঠ খাত্তনীহির জন্ম এ বছর তারা সেদিকে পা দি:ত পারেন নি, সেইজ্লাই তালের হু হাশার কারণ এবং এই ১তাশার জন্ম তাদের মধ্যে যে একটা বিক্ষোভের স্প্তি হয়েছে তাঁদের নিজেদের মধ্যে একটা যে অবিবাদের ভাব এপেছে দেই অবিবাদের ভাবই আজ্ঞ ফুটে উঠেছে তাঁদের বক্তৃতার মধ্যে। সেজগ আমি মনে করি সরকারের নীতি যদি সাথক না হোত তাহলে আংগেকার দিনের মত আমরা দেখতাম যে কলকাভার রাভার তাঁ৷৷ শুধু প্লাকাটেই দিতেন নং, নান। রক্ম শোভাষা হা নিয়ে বিধানসভা ঘেরাও কর.ব: এইসা করতেন। (শ্রীনারায়ণ চো ব: কালকের মিছিল দেখেন নি ?) কালকের যে মিছিল হয়েছিল সেটা খাছর ময়, এই রক্ম রাফ আ।মাদের দেওয়া যাব না কালকের মিছিল যেটা ছিল সেটা কেঞ্চীয় সন্তকারী ক্মচার দের মিছিল। কাজেই ওটা কোন প্রশ্ন হয়। আর একদিক থেকে আমরা দেখছি, গ্রামের দিক থেকে সভিজ্ঞারের আনমরা সম্পূর্ণ সফল্ভা আর্জন করি নি একগা আসংকোচে আন্মান্তর স্থীকার করতে ২বে, তবে সরকার যথেষ্ট চেটা করেছেন, যুখন দেখা গেছে গ্রামাঞ্জ অসাধু ব্রসায় ১ দ্র বাভিয়ে চলেছেন তথ্ন সরকার যতনূর সম্ভব এম, আর, সংপের মাণ্টম সেই স্ব অঞ্চল চাল দিয়েছেন।

[5-20-5-30 p. m.]

আপনি কানেন যে বাংলা দেশ চিরদিন ডফিসিট ওরিয়া এবং পশ্চিম বাংলা যে ডেফিসিট সেটা আক্ষকের কথা নয়। স্বাধীনভার আগে যথন পূর্ব: লা আমাদের মধ্যে ছিল যথন প্রনারী আফ বেকল আমাদের মধ্যে ছিল তথন বর্মা প্রভৃতি দেশ থেকে চাল এনে আমাদের ঘাটতি পূবন হত। আজকে জনসংখ্যা থেড়ে গেছে ভার উপর উদ্ব স্ত ভাইবোনের: আমাদের মধ্যে এসে গেছে। এসব ব্যাপারে আমাদের খাগ্য পরিহিতি দারুল সংকটের মধ্যে আছে। তব্ আমি সরকারকে ধন্ধনাদ দেবো যে সংকটজনক পরিস্থিতির মধ্যেও সরকারী নীতির ফলে বিরোধীদল বিশেস স্থযোগ কর'তে পারেনি। আপনারা আনুনন যে সমস্ত ঘুনীতিপরায়ণ বাবসাদার অতি লোভের মে হে সমস্ত মাহুবের খাবার নি.য় ছিনিমিনি খেলে আমি গথের সঙ্গে বলছি সরকার ভাদের ক্ষমা করেননি। এবং বা'লা দেশের ইতিগাস যেদিন রংলা হ'ব সেদিন স্বর্গাক্ষরে পশ্চিম বাংলা

সরকার এবং তার মুধ মন্ত্রী প্রকুলচক্ষের সেনের নাম লেখা থাকবে। তিনি অকুকোভয়ে ঐ স্ব वावशानावानत (शक्षात करताइन। य D.I.R. जानवात कथा छाता वानन (शह D.I.R.-এ আছেও অনেক ব্যবসায়ী কারাবন্ধ হয়ে আছে। যদি তা না করা হত ভাইলে বাংলা দেশের খাত্মপরিস্থিতি আরো ধারাপ হত। তা ঃয়নি বলেই বিরোধীদকের এত ক্ষোভ। আমরা জনসাধারণকে বিশ্বাস করেছি, বাংসারদের বিশ্বাস করেছি, এবং অভীভের অভিজ্ঞতায় ১৯৪৬ সালের অভিজ্ঞতায় তারা ব্ঝতে পারবে মাফুষের খাল নিয়ে তারা ছিনিমিনি থেলবে না। এখানেই আমর। ভুল করেছি। মালুষের ভুভবৃদ্ধিকে বির'স কর[ু] ভুল হয় তাহলে অ'মাদের সরকার ভুল করেছেন। কি**ত্ত** সরকার কোনদিনই কোন অসাধু বাবসায়ীর সঙ্গে কল্পোমাইজ করে নি। আমাদের সরকার দুচ্চত্তে ঐ সব চোরাকারবারীদের শান্তি দিয়েছেন, আমরা দেখেছি এই সরকার আছেও তাদের D.I.R -এ ধার রেখে দিয়ে:ছন। আপেনি হয়ত জানেন ঐ সব চোরাকারবারীদের ছাড়াবার জ্ঞা আমালের অনেক ঐ পক্ষের বন্ধু Writers' Buildingsএ ধণা দিয়েছেন। উপদের নাম প্রকাশিত হলে তাঁরা লক্ষা পাবেন কিনা জানি না. আমরা পাবো। আছ্,ক ধ্বরে কাগজে দেখলাম যে জানৈক রাজবন্দ যখন জেল থেকে বের্ছিলেন তখন তার কাছ থেকে কিছ থাবার এবং অন্স কতকণ্ডলি জিনিস পাত্যা গেছে যেগুলো জেল গেট থেকে কেছে নেত্রা স্যোছে। যে থবরের কাগজ ওঁরা প্রায় কোট করেন আমি ,স থবরের কাগজের কথা বল্ছি। আগগমী দিনের জন্ত যে পাত্তনীতি হতে চলেছে আছে ছৈ আভিজ্ঞভার উপর ভিত্তি করে সে থালন ছি প্রস্তুত কর্জি। অভীত অভিজ্ঞতায় আম্রা ব্যবসাদার কন্ত্যালাদের যে বিশাস করেছিলাম এবার ভা করিনি। তাই গতবার 50 per cent কলে শেভি করা হয়েছিল এবার আমারা 100 per cent করবো। পাইক'রি বাবদা সমন্ধে পশ্চিমবঞ্চ কংগ্রেস সরকার স্ব্তথ্য এ নীশি গ্রুণ করে জনস্বার্ণের শুধ প্রবাদার্থ হন নি তাঁরা সম্ভ ভারতবর্ষের পারনীতিতে একটা নেতুর দিয়েছেন। সেজত আমি নিজেকে গ্র্ব অনুভ্রক্রিকার্ণ আমি ্সই সরকারের সংস্কৃ সংশ্লিষ্ট যে সরকার একপ বশিষ্ঠ নীতি গ্রহণ করতে পাছেন। হাট প্রাইসের বথা বলা হয়েছে। যার। অর্থনীতির ছাত্র ভারা ভানেন হাই এইস স্ব সময় একটা জল'ক্ষণ নয় প্রাটেকিং পাওয়ার বেডেছে। মাতুষ আছেকে কিন্তে পাচেত মাথবের standard of living বেড়েছে মেজস ছিলি সুর দামত নেডেছে এটা একটা ভাৰবার বিষয়। সেদিক থেকে অন্মরাস্ফলতা লাভ করেছি। স্বশেষে বিরোধীপুলকে বল্লো ভারা ময়লানে যে বজ্জা দিলেন সে বজ্জা দেবার জ্যোগ হারিয়ে বিধানসভার মাঝখানে তারা वकाका मिट्ड धाना विद्यानीलरकात भर्षा अस्तरक आहिन भीता समामार्वाधी सम्बद्धा श्रीक বিশ্বাস্থাভকতা করেছেন ভাঁদের জ্বনস্থারণের কাছে কিছু বলধ্যে নেই ভাই ভারা আপুনার নিরাপদ আশ্রামে বজ্ঞা দিছেল। আমি স্বশেষে বল্ডি আমরা আপ্রিক স্ফল্ডা লাভ করেছি তব্ও আমি সরকারকে অন্তুলোধ করবে অভীতের যে ভ্লাদ্রান্তি করেছি ভাতীতে হয়ত মাত্রসংক বিরাদ করে ১নেক ঠকেছি দে সমস্ত ছেডে দিয় আমরা বলিষ্ট নীতি যা গ্রহণ করেছি তাতেই অচল থাকবে এবং স্মাশ। করবে। বিরোধীপথের সদস্থাপ দেশের জন্দানারণের স্বার্থে সহযে গিড়া করে ্দ নীতিতে সফলতা লাভ করবেন।

Shrimati Purabi Mukhopadhyay: মাননিয় সভাপাল মহাশন্ধ, আমরা দীর্গ সমন্ত্র ধরে যে বেদরকারী প্রজাব নিয়ে আন্টোচনা করছি, গাভ বৎসারের পাছনীতি নিয়ে ছা মূলতঃ পোনট মটেমি করা হজে। বোধহর সেজত স্বান্ত মান্ত্রী হিসাবে দেই পোনট মটেমি-এর জবাব আমি দিতে উঠেছি। আমাদের এপানে যথন থাতা বিতর্কের হচনা করতে যান তপন মূল্যমান্ত্রী করেছিলেন এবং স্বীকার করতে কৃতিত হন নিয়ে আমাদের খাতানীতি আন্শিকভাবে সফল হয়েছে—যতথানি সকল হবে বলে ভেবেছিলাম ভতটা হয়নি। আমাদের গাতা ঘাটতি নৃত্ন কথা নয় পশ্চিম বংগোয়ে ও কোটি ৯০ লক্ষ অধিনাদী দেখানে রয়েছে সেখানে আমাদের

১৬ আ: করে খেতে দিতে হলে আমাদের দরকার হয় ৬৫ কক্ষ টন। ৬৫ কক্ষ টন স্থানে আমাদের প্রাজন সেখানে আমাদের প্রাভাকসান কোন দিনই ৬৫ কক্ষ টন হয় নি। বাল্পার ক্রপ্থ বংসর হল তাঁরা বললেন এত যে বাল্পার ক্রপ্থ হল আর একদিকে সে বংসরে কেন খাদ্যে এরূপ অবস্থা হল। মূলকথা ভূলে গেলেন বাল্পার ক্রপ্থ যে বংসর হয় সে বংসর পশ্চিম বাংলায় ঘাটতি থেকে যায়, ঘাটতি পূরণ হয় না। এই ঘাটতি পূরণ হবার জন্ম কেন্দ্রীয় সরকারের পূল থেকে আমাদের যা পাবার কথা ছিল কেন্দ্রীয় সরকারে আমাদের পুরাটা দিতে পারেন নি। অর্থাং ৩ কক্ষ টন চাল যেটা দেবার কথা ছিল তা দিতে পারেন নি – ২ কক্ষ ৮০ হাজার টন দিয়েছেন এবং গম দিরেছেন ৭ কক্ষ টন। একথা বিধানসভার আগোচরেই থেকে গেল। বিধানসভার বিভিন্ন বক্তা তাঁর বক্তভায় যাল্পার ক্রপ্থ যে বংসর হল সে বংসর খাতোর এ অবস্থা কেন, একথা যথন বললেন, তথন এমন ভাব দেখালেন যে বাল্পার ক্রপ্থ আমরা সেটা ঘাটতি পূরণ হয়ে গিয়ে উঘ্ত ছিল। আমাদের সরকারের অপদার্থতার আমরা সেটা ঘাটতিতে পরিণত করেছে। আসল কথা যেটা যে বংসর আমাদের ঘাটতি যেটা থেকে গেল সেটা ভারা এখানে উত্থাপিত করতে পারেন নি।

[5-30—5-40 p.m.]

আমরা পশ্চিমবন্ধ সরকার গত বছর যে খাদ্যনীতি নিয়েছিলাম, তার মূলকথা ছিল, যে আমরা ক্ষকের গারে হাত দেবো না, অর্থাৎ যারা সতি।কার মাণার ঘাম পরে ফেলে চাষ করে, তাদের গায়ে যাতে বেলী হাত না পড়ে, সেদিকে লক্ষ্য রেথে আমরা প্রথম দিকে চলেছিলাম একথা সতা যে, প্রথম দিক থেকেই এবারে আমরা যে বাড়াবাড়ি নীতি গ্রাংণ করতে যাচ্ছি, ভাতে উত্ত চাষীর গায়ে থানিকটা হাত পড়ছে এবং জ্যোভদারের গায়ে এবং বড় চাষী, এদের আমরা থানিকটা Marketable surplus যেটা, সেটা বাজারে আসবে বলে ধরে নিয়েছিলাম বলে, প্রথম পেকে আমরা লেভি করে, procurement-এর জলু বাড়াবাড়ি বাবস্থা করে, আদায় করতে হয় নি। আপনার অরণ আছে ১৯৬৪ সালে ২৫ পারসেন্ট মাজ লেভি করা হায়ছিল। কিন্ত যথন দেখা গেল যে শতকরা ২৫ পারসেন্ট রাইস মিলের কাছে থেকে লেভি নিয়ে আমাদের বাদবাকি উদ্তে খানের হিসাব থাকছে না, চালের হিসাব থাকছে না, তথন আমরা ১০ per cent levy করলাম, এবং বাদবাকি যেটা লেভিভুক্ত নয় অর্থাৎ 50 per cent দেবার পরে বাদবাকি 50 per cent রাইস মিলের কাছে স্থাক্তে আমরা কন্ট্রোল করলাম, যে আমাদের সরকারী কর্মচারী বা ডিট্টিক্ট মাাজিস্ট্রের বিনা আদেশে বা ত'দের জ্ঞাতসারে ছাড়া ঐ যে মাল রাইস মিলের হতে রয়ে গেলো, তা ফেন free trade or free channel move করতে না পারে।

আপনি জানেন যে একট ডিট্রিক্ট এ 50 per cent levy যা আমরঃ নিয়ে চলে আসছি modified rationing এর দোকান থেকে বিলি করবার জন্ত statutory ratoning এর এরিয়ার, বাদবাকি 50 per cent, ডিট্রেক্ট মাজিট্রেট দেছে দেবার পরে, যেটা 50 per cent রইলো সেটাকে এখন থেকে যখন পাঠিয়েছেন, তখন যে জেলায় trade channel দেটা গেলো, সেই জেলার এস, ডি, ও কে সংবাদ দিয়ে, লেভি order-এর নোটিশ পাঠিয়ে দিয়ে, তিনি দেটা করেছেন। অত এব আমরা একেবারে পুরো বিনিয়ন্ত্রিত অবস্থায় ধানচালগুলিকে কোন জারগার কাজ করতে দেইনি। আমরা এবারে ঐ 50 per cent levy নয়, আরও বাড়াবাড়ি করেছি, তাদের কাছ থেকে 100 per cent লেভি করেছি এবং রাইস মিলগুলি আমাদেরই procurement, direct agent হিসাবে কাজ করবে। আমরা এইভাবে যেমন procurement করেছিলাম, ভেমনি সেই দলে সলে Paddy and Rice Control, 1965, দিয়ে আমরা যে সমস্ত বড় চারী একশো মণের বেশী ধান রাখতে চান, তাদেরও আমরা কঁকৌল

ক্ষেছিলাম, এবং যাঁৱা লাইসেন্স নেই নি. সেই সমস্ত আৱগার শান্তিমনক ব্যবস্থা হিসাবে, আমরা ভালের ধান seize করেছি, এবং order नित्र ধান requisition করেছি। এই शिभारि আমরা পেরেছিলাম, এই Paddy and Rice Control Order, যারা violate করেছিল, সেধানে requisition করে ১'২৩ লক্ষ মেট্রিক টনএর মত ধান এবং ২.৮২ লক্ষ মেট্রিক টনএর মত চাল, আমরা ভালের কাচ থেকে সংগ্রই করেচিলাম শান্তিমলক ব্যবস্থা হিসাবে। অভএৰ এই বেসরকারী প্রস্তাবে যে, hoarding বন্ধ করা হয় নি, profiteering বন্ধ করা হয় নি বলে, সরকারের বিরুদ্ধে যে নিলাস্ট্রক কথা বলা হয়েছে. আমি তার প্রতিবাদ आमाष्टि । এই requisition order शानित एंशव कवा शाहित शामित धामान seize করা হয়েছে, ভারা সব বড় জোতদার, producer—এই সব জেনেওনেও আপনাধা, একমুৰে সকলে বলছেন, যে জোতদারের ভার্থ সরকার দেখছেন। এবারে যথন আমরা একটা বৈপ্লবিক খালনীতি গ্রহণ করেছি দেখতে পাচ্ছি, এই বৈপ্লবিক শক্টা, তাঁদের জনেকের গায়ে অত্যন্ত লাগছে। সেই সমন্ত বিবোধীদলের আমি নাম ধরে বলতে পারি, কোন কোন পার্টি ঐ জোতদারদের সপক্ষে। বামপ্রী যাঁবা রয়েছেন এপানে, যাঁদেব আমরা ক্যানিই left block বলি, তাঁরা সকলেট ঐ জোতদারদের পক্ষে। বর্দ্ধমান, বাঁকুড়া, বীর্ডুম প্রভৃতি surplus district-গুলিতে এঁর। গিয়ে দেখানে জোতদারদের স্পক্ষে মিটিং বরে ছন। এই স্পর্কে তাঁদের সংক ওঁদের কোন লেনদেন হয়েছে কিনা জানি না।

আমরা seize করেছি, requisition করেছি ভার সক্তে ৫০টি rice millকে D.I, Rules a এখন পর্যন্ত আটক করে রেখে আমরা এই শুধু এমান করতে পেরেছি যে পশ্চিমবন্ধ সরকার কিংবা পশ্চিমবঙ্গ সরকারকে যাঁব। পরিচালিত কারন কংগ্রেস পাটি বা ruling party তাঁর। জোতদারের শত্রু না হলে সপক্ষে নয়। বর্তমানে শত্রু কথাটাবাবহার করা আমি প্রদ করিনা। আমাদের দেশের অধিবাদীকে আমি শত্রু বলবো এটা আমি বলতে চাইনা। তাদের প্রতি যে মর্মভাব দেখান হয়েছে তা পশ্চিমবঙ্গ সরকারের কার্যাকলাপ দেখে কেট বলতে পারবেন না। জাধ এই ধরনের শক্ত কাছ করা হয়েছে বলে, এত লোককে এথানে conviction কর। হৃষ্টের বাল আমাদের পশ্চিমবঙ্গ সর্কারকৈ অন্যান্ত রাজ্য সরকার থেকে অভিনন্দন জ্ঞানিয়ে পাঠান হয়েছে। পশ্চিমবুঙ্ক প্রথম State যেগানে আমরা statutory rationing introduced করেছি, বেপান আমরা Rice and Paddy Movement Control Order প্রথমে এখানে দেই। এই পশ্চিমবঞ্চ সরকারের দেখাদেখি বিভিন্ন রাজ্য সরকারও এখন এটা করতে হুরু করেছেন। সেভাবে আমর। বার্থ হয়েছি বলে বলছেন, কেন খালশন্তের এখন পর্যান্ত ঘাটতি রয়েছে বলছেন, এর উত্তরে আমি বলবে। এটা ভাতকণই পাকবে যতকণ আমবা প্রিমবঙ্গের আম্বাদ্যোগ্য জ্মিতে দেচপরিকল্পনা স্থষ্টভাবে ঐ জ্মিতে পৌছে দিতে পারবেন, যতক্ষণ না চাষের মন্ত্রপাতি ঠিকমত চারীর দর জায় পৌছে দিতে পারবে। ততক্ষণ উৎপাদন যা কম হচ্ছে তা বাড়ানো সম্ভব নয়। আমরা যা নদীপরিকল্পনা করেছি ভার বেশীর ভাগ নদীই বৃষ্টিজল ছারা পুষ্ট হয় বলবো। এই বছর বৃষ্টির জল গিয়ে তেমন দাঁড়ালো না। প্রথম দিকে যে figure বলেছিলাম production হর, sowing-এর সময় যে figure বলেছিলাম crop-cutting-এর সময় যে figure বং • ছিলাম সে ফিগার খাটেনি। যাঁরা গ্রামের থবর রাখেন তাঁরা কলকাতা থেকে গ্রামাঞ্চলে গিয়ে ঘুরে এলে বলবেন যে বৃষ্টি তেমন ন। হ্বার দক্ষন ভাল লক্ষকে ধানগাছ গুকিয়ে হলদে হয়ে গেছে। সেইজন্স সেই সমস্ত পরিকল্পনা পাকা সত্ত্বেও বৃষ্টি না হওয়ার জন্ম droughtera জ্ঞায়ে পরিমাণ ফসল জল পেলে হতো, তা হয়নি। তারজ্ঞাপশ্চিমবক্ষ সরকার কেন্দারী হবেন ? আকাশের বৃষ্টি হল না ভারজ্ঞ পশ্চিমবঞ্চ সরকারকে দায়ী করতে চান ? আপনাদের যুক্তি কতথানি যুক্তি সহ এটা আপনারা বুঝনেন।

মাননীয় চেরারম্যান, ভার, আমি শ্পষ্ট ভাষায় দেখিয়ে দিতে চাই ওঁরা profiteering and haoarding স্পার্ক যে প্রস্তাব এনেছেন যে আমরা বার্থ হয়েছি—hoarding বন্ধ বরতে

পারিনি, profiteering বন্ধ করাত পারিনি। কত কেস আজ পর্যান্ত আমরা যাগের ধরেছি এবং এখনো কত জেলে আছে এবং এখনো আলালতে রয়েছে এই সম্পর্কে আমি মোটামৃটি একটা হিসাব এখানে দেব। ১৯৬৫ সালের October, 31 প্রান্ত rice and paddy: Prosecution 3,719, persons involved—4,227, conviction cases—1,558, persons convicted—1,750; Wheat and wheat products: Prosecutions—271, persons involved—313, conviction cases—131; Sugar: prosecution—114, persons involved—130, cases convicted—54, convicted persons—54; Mustard oil: 542 prosecution cases, persons involved—559, conviction cases—291, persons involved and convicted—301; Fish: prosecution—462, persons involved—480, conviction cases—249, persons convicted—258; Pulses: prosecution—319, persons convicted—327; Vegetable oil: prosecution—52, persons involved—55, convicted cases—36, persons involved—58.

[5-40-5-50 p.m.]

These are the cases যেটা আমি এক্নি আপনাদের কাছ বলছিলাম। এছাড়া • জন rice miller এখন D I Ruled arrest হয়ে আছে। আমগ্ৰ statutory rationing করেছিলাম জামুমারী ৫ ভারিখ থেকে, আমানের statutory rationing আমাদের consumption লাগে ৩ এক ১৭ হাজার টন। এছাছা modified rationing আমরা করেছিলাম এটি উল্লেখ্য-একটি গ্রামঞ্চলে যেখানে div হয়ে গ্রেছ সেই সমস্ত জায়গার modified rationing দেওয়া আর গ্রামাঞ্লে শহর অঞ্লের বাহিরে কিয়া আধা শহর অঞ্জে যেগানে statutory rationing নেই সেই রুক্ম শৃত্রগুলিতে যালের ক্রয়ক্ষতে। থব বেশী তারা ধানচালেয় দর বাড়িয়ে না দিতে পারে এই উদ্দেশ্যে নিলিগুড়ি, আসানসোল, ছুর্যাপুর এই রক্ম ধরনের জারগায় আমরা modified rationing করেছিশান। তাৎজন্ম requirment আমানের হয়েছে modified rationing ২ লক্ষ্ ২২ গছর টন। এখানে হাওড়া নিয়ে অনেক কথা হয়েছে যে হাওড়ায় ৩ টকা সেরে চাল বিক্রিংহেছে সেথানে কি অভ্যাচার হয়েছে। কিন্তু আমি দেখছি হাওড়াতে modified rationing এর মারহুৎ আমরা ৮ লক্ষ ৭১ হাজার ১৭শ জন লোককে আমর। modified rationing দিয়েছি। Modified rationing এর দোকান থেকে 1.1.65 থেকে 22.11.65 প্রান্ত ২২ হাজার ৬২৭ টন চাল এবং ১৯ হাজর ১৫০ টন সম দিয়েছি। কথা হচ্ছে আমরায়ে ১৬ আউন্স কিয়া ১০ আউন্স থাই দিই না কেন ঘাটতি যথন আছে ভতিপেট সকলকে ১৬ আউন্স করে ঘাটতির সময় দওয়া স**ন্ত**র হয়নি। যাদের হাতে পয়দা রঞ্জে তার চোরাব জারের রাস্তায় চাল কিনে খেয়ে চোরাবাজারকে প্রশ্র দিয়েছেন এবং যু অসু ধু ব্যুবসাদারকে আমর বন্ধ করতে চাই, শান্তি দিতে চাই ভাদেরই শুধু ভার। বাবস্থা করেছেন সাহায়। কম্বেছেন। একটু আংগ বামপন্থী কমিউনিষ্ট বন্ধু বলদেন যে সোনারপুরে যখন আন্দোলন হ য়ছিল তথন D. I Rule প্রয়োগ कत श्राह म. Writers' Buildings यवन (एता ७ कता कता श्राह म एवन छाल कता श्राह म। Writers' Buildings যথন ঘেড়াও করা হয়েছিল ঐ M.L.A. ভানছিলাম উনিই নিঃয় এসেছিলেন ভা আমি বলি গুল তো ওনার পিঠে লাগে নি। লাগলো গিয়ে ঐ চাষীদের যা দর মুখপাত হয়ে কথা বলে পেছ নর দরজ। দিয়ে সরে পড়েছিলেন। ভাদের ভূলিয়ে নিয়ে এসেছিলেন – কুধার্ত মানুষকে তারা ভূলিয়ে নিয়ে এসেছিলেন যে Writers' Buildingsএ গেলেই ভিন্সের করে চাল আচলে দেওয়া হবে। Writers' Buildingsএর কাছে :আজকাল ধানচাষ হচ্ছে কিনা তাই কথনিষ্ট M.L.A. ভাদের সঙ্গে করে ঐ ধান এবং চাল দেবার লোভ দেখিখে ভারা নিয়ে এ:সচিলেন। একে গণজাগরণ বলে না। আজকে গণজাগরণ ওঁরা বলেন

একটা জায়গায় ফুড সম্পর্কে মিটিং করতে গেলে আত্রকে থিরোধীদর্গের সঞ্জে কোন লে আংসে না। কেন না এদের মুখোসগুলি তাঁদের সামনে খুলে গেছে। বামপতী কম্নিই—অ ৰিভিন্ন গ্ৰাম অঞ্চল যাচ্ছি এই food policy নিন্নে যখন আমরা মন্ত্রীসভার পক্ষ থেকে হ তথন জনসাধারণ আমাদের প্রশ্ন করে আমহা চেষ্টা করি উত্তর দিতে। ব মণ্ডী কমনি জোতদারের সঙ্গে সভা করে এক কণা বলেন আর ক্ষুদ্র চাষীর সভে আরেক কণা বলে এবং ঐ সভাতে দৃঁভিয়ে স্থন জে'ত্দারকে আমর্ণ ব্লুছি ধানর দ্রু অভিবিক্ত মান্তায় আফ বাড়াতে পারব না, বাংলা দেশে ১ কোটি ৭৫ লক্ষ লোক চাষ্ট ব্রেন, এই ১ কোটি ৭৫ স লোকের মধ্যে লাত্ত ২০ লক্ষ লোক surplus দার্য আর ১ কোটি ৫৫ লক্ষ লোক হচ্ছে defic চাষী। যদি ধানের দর বেশী বাডাই যারা কিনে থয় এ ১ কোটি এ লক্ষ চাষী কোন না বে সমরে বছরে বাজার থেকে চাল কি:ন খেতে বাধা হন—এচাডা ২ কোটি ২০ লক্ষ লোক আ যারা non-producer অভাবে তিন কোটি ৯৫ লক্ষ্য প'শ্চমব্রের অধিবাসীর মধে।২০ ল লোক ছাড়া বাদবাকি সকলে হচ্ছে বাজার থেকে ধান্তাল কিনলে কিন্তা সরকার থে দিলে তবে ছারা থেতে পান। আজকে কিনে খাওয়ার লোকের সংখ্যা বেশী। আজকে কি খাবার লোকের সংখ্যা যেখানে বেশী ধানের দুর যদি এত অতিরিক্ত মাত্রায় বাডান যায় তাহা সেটা ক্ষোতদ রের সাথে ব ভান হবে। কারণ ঐ ক্ষ্দ্র চামী যে ১ কোটি ৫৫ জক যেছে চাষী আছে যে সংবা বছরের কোন নাকোন সময়ে বাজার পেকে চাল কিনকে বালা হয় ভ কিনে থাভয়ার দাম বভে বাবে।

[5-50-6 p. m]

আমি গ্রুরবিধার মিটিং করতে গিয়েভিলাম, যে সভায় জোডদাররা বলুং যে আমাকে ধানের দাম বেশী দিতে হবে সেই সভায় ভাট চাষা বলছে যে এমন দা দেবেন না যাতে কিনে ধেতে আংমাদের বেশী লংগে। এবং অংমাদের **এট** কথা সাধার মান্ত্রম গ্রহণ করেছে এবং পশ্চিমবংগ সরকারের পাক থেকে আগগামী খাল্ডনীভিকে বৈপ্লবি এই জ্বল বলা হচ্ছে যে তার মূলক্ষ। হচ্ছে যাদের আর কম, যার। ভোট চার্য ভালের স্বংগ্রই রুপেনীতি পরিণালিত ইচ্ছে এবং সমাজ বিপ্লব, অণ্ট্রতিক বিপ্লব্ঞর ভিত দিয়েই আসাধৰে। যাঁৱি বিপ্লাবের নামে এতদিন চিৎকার করণ্ডন তাঁরা আজকে স্ভিকোরে বিপ্লব দেখে ভয় পাছেন, তারা মনে করছেন ঐ বিপ্লবের চাপে তারা নিশিচ্ছ হয়ে যাবেন ব আ জকে পশ্চিম্বণ্গ স্বকণ বর থাগুলীভিত্ত দিপ্পবের কথায় মুখ তুলে তাদছেন। তাঁরা জানেন মান্তুষে পেটের কুধার আগন্তন নিয়ে পশ্চিমবংগে যে আগন জালিয়ে ভুলে ছন শাকে পেশের মান্ত্র তাঁদে ভুলবে না, বিবোধীদল যথন সাধাৰণ মাজুষের কাছে গিয়ে এই খাগুনীভির বিপক্ষে বলতে যাং ভথন ঐ ক্ষ্দু চাষী, ঐ কিনে খাভয়া মানুষ তাঁদেরকে ঐ আগুনে পুড্রেমারবে। আজ্ এখানে লাড়িয়ে প্রস্তাধার বলতে চাই গত বছর যে খাজনীত আমরা নিষেছিলাম ভার আংশি সাফলা পশ্চিমবংগের মুখামন্ত্রী মহাশায় স্বীকার করেছেন, পুরো সাফলোর ভিনি দাবি করেননি স্কুতরাং গতবারে আমানের যে অভিজ্ঞতা হয়েছিল দেই অভিজ্ঞার বশবতী হয়ে এ বছরে জন যে খালনীতি নিতে যাচিছ সেই খালনীতি পুরানো অভিজ্ঞার ভিত্তিতে সর্বদিকে লক্ষা রে স্বীয়ক, ব্যাপকভাবে এই প্রিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়েছ। এখানে বর্তমান নীতি এব মত ত নীতি ছ'টা আপন রা ঘুলিয়ে ফেলেছেন, বত্মান নীতি সম্প্রে আমি বিশেষ কিছু বল্ধে। ই কারণ এখানে খান্ত নিয়ে সোমবার পেকে বিভর্ক হবে এবং পি, এল, ৪৮০র রেজলিউশন যা আংসে ভাতেও আমাকে বশতে হবে। অতএৰ আমি অতীত নীতি সুস্পৰ্কে এই কথা ৰশবে ষে গভ বছরে যে নীতি ছিল ভাতে আমরা চেষ্টা করেছিলাম মদ্ভিকায়েড রাশান মারুম্ গ্রামাঞ্জে এবং দ্র্যাট্টটারি র্যাশান মার্ফ্ড শহরাঞ্জে যতটা সম্ভব আমরা দিয়ে যাবো। কিং আউন্স স্কেন কোন একটা করা সম্ভব নয়, সেটা আ।ভেনেবিনিটির উপর নির্ভর করবে। আম্ব ষা সংগ্রহ করতে পারবো সেটাই ভাগ করে দেবো। একদল ভুগু পাবে আর একদল উপস দে

পশ্চিমবংগ সরকার সে নীতি গ্রহণ করতে পারেন না, তিনি শহরের বাবুই হোন আর গ্রামের ক্ষুত্র চাষীই ংগন। এ দিক থেকে আমরা কেন্দ্রীর সরকারের কাছ থেকে যাপাবো বলে আৰা। করেছিলাম তা না পাওৱাতে আমাদের অসুবিধা হয়েছে, যে আউল আমর। দেৰো বলেছিশাম সেটা ১৬ আউন্সত দরের কথা ১০ আউন্সে ক্মিয়েছি, প্রয়োজন হলে আরো ক্মান হতে পারে। আপনারাই রেজেলিউনন করবেন পি. এল, ৪৮০ নেওয়া ঘাবে না আর আপনারাই বৰ্ণবেন ১৬ আউন্স থেতে দাও, আস্তে কোথা থেকে ? অহতাৰ যা প্ৰডাকশন হৰে, যা আমরা ইনটারনালি প্রকিয়োর করতে পারবো এবং এক্সটারনালি যা পাবে। তারই উপর নির্ভর করবে স্কেশ অব রাশান কি হবে। সে দিক পেকে আমর। ভবিয়তে যে খালুনীতি করেছি সেই পাগনীতির স্কেল কি হবে ত। অভেকে বলা সম্ভব নয়। কেন বলা সম্ভব নয় ? যে ১৫ লক্ষ টন ধান আছে তার থেকে আনমর। নিচ্ছি মাত্র ১৫ লক্ষ টন এবং কেন্দ্রীয় সরকার থেকে যা পাবো এবং পি. এন. ৪৮০ থেকে যা পাবে। ভাবছি তা ষতক্ষণ প্রস্তুনা সম্পূর্ণভাবে আমাদের হাতে আসবে বাফার্ম কমিটমেন্ট যভক্ষণ না পাৰে। ভভক্ষণ পর্যন্ত ডিট্রিবিউশনের পলিসি ঠিক করা যাব না এবং কভ আইন্স করে দেবে। তা নির্ভর করবে সেই আাভেলেবিলিটির উপর। আমি এইটক ৰলে আৰু বিশেষ কিছু বলতে চাই না, আমি শুধু বলতে চাই যে এখানে তাঁৰা বলছেন যে আমেরিকার গম চাই না, আর গ্রামে গিরে মামুষকে উন্ধানি দেবেন যে এই সুরকার পেট ভরে থেতে দিতে পারছে না, এর পিছনে যে রাজনীতি আছে সেই রাজনীতি পশ্চিমবংগের অধিবাসী সহ জই বুঝবে। সেইজন্ত আমি এই প্রস্তাবের পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে বিরোধিতা কর্মছি।

Shri Nikhil Das: মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় স্বাস্থামন্ত্রী বক্তা দিতে উঠে বদলেন যে, তিনি পোট মটেম করেছেন। কিন্তু ভার বক্তা শুনে মনে হল যেভাবে আঞান আপোলেন তিনি তাতে ফারার সাভিস এর মন্ত্রী হিসাবে ফজরুল রহমান সাহেবের বক্তৃতা দিনেই ভাল হতো। মরা মানুবের গা থেকে আর রক্ত বেরুবে না, সে রক্ত শুকিয়ে গিয়েছে। তিনি যে কথা বলেছেন গতবারের খাগুনীতি সম্বন্ধে তার সব কথাই অসত্য এবং জেনেশুনেই সেটা বলেছেন এবং জ্ঞানপাপী যেহতু সেহেতু বাড়তি বিতর্ক করে মনের যে পাপ সেটাকে ঢাকা দিতে চেরেছেন। প্রথম কথা হচ্ছে, উনি ঘাটতিতথা আম দের শুনিয়েছেন, ০ কোটি ৯৫ লক্ষ লোক আমাদের বাংলা দেশে, ত দের যদি ১৬ আউন্স করে দিই তাহলে আমাদের ৬৫ লক্ষ টন লাগে। আমি ওঁকে একটা কথা জিজ্ঞাস। করি ১৯৬১ সালের যে সেজাস তাতে ছিল ও কাটি ৫০ লক্ষ শোক, আর এই চার বছরে যারা বেড়েছে ৪০ লক্ষ তাদের বয়স এক গেকে পাঁচ বছরের মধ্যে। এই এক থেকে পাঁচ বছরের মধ্যে যাদের বয়স ভাদের ধরে কিন্তু ও কোটি ৯৫ লক্ষ। এরমধ্যে এক মাসের যে শিশু, তুমাসের যে শিশু তাকেও ১৬ আউন্স বেতে দিতে হয় এই তথা কোধা থেকে পেলেন আমি জানি না। মাননীয় সভাপাল মহাশয়, আমরা দেখছি এই ০ কোটি ৫০ লক্ষ লোককে পুরা ১৬ আউন্স করে যদি চিই ভাহলে আমাদের ৫৬ লক্ষ টন চাল লাগে।

Shri Ananda Gopal Mukhopadhyay: নিখিল বাবুকে একটা কণা বলি কিছু মনে করবেন না, একটা গক্ষকে প্রভোক দিন এক সের করে ধান খাওয়াতে হয় সেটা যেন ভিনি মনে রাখেন।

(এ ভরেষ ফ্রম দি অপজিশন বেঞ্চ: ভার, জ্বোড়া বলদরা দিনে কত করে খার?)

Shri Nikhil Das: ১৯৬১ সালের সেলাসে এক বছর য'লের বরস ছিল তালের গোনা হয়েছে। সেই গ্রুপের মধ্যে পাঁচ থেকে আট বছরের মধ্যে এসে যারা দাঁড়িয়েছে ভারা ঐ পুরো ১৬ আউল খায় নি, তাই আমালের ৫৬ লক টন প্ররোজন হর ১৬ আউল করে দিলে। গত বছরে ৫৭ লক টন আমালের প্রোডাকশন হয়েছে, কেন্দ্র থেকে

আমরা গম পেরেছি ৷ লক্ষ টন এবং ২ লক্ষ ৮০ হাজার টন চাল পেয়েছি, মোট ৩৬'৮০ হাজার টন খান্তশন্ত অংমরা পেরেছি। তাহলে আমালের ঘাটতি কি করে হয় ১৬ আউন করে নিলে ? তাছাড়া কলকাতা এবং শিল্লাঞ্লে যে ৫১ লক্ষ্য লোক আছে ডাদের ১২ আউন্স করে প্রথম দিয়েছি, পরে ১০ আউন্স করে দিয়েছি। ১৬ আউন্স করে হিসাব ধরলে ওথান থেকে আড়াই লক টন খান্ত বেরিয়ে আসতে। সেই হেল'বে দেখা যায় ৫৪ লক্ষ টন খান্তশুভ যদি প্রপারলি ডিটি বিউটেড হয় ত হলে স্বাইকে ১৬ আন উপ করে দেওয়া যায়। মাননীয় সভাপাল মহাশয়, তাই তিনি যে লাবে ঘাট তিত্থা দিচ্ছেন সেই ঘাটতিত্থ। খাটেনা। কিন্ধ এটা ঠিকই ১৬ আছেন যথেষ্ট নয় বাংলা দেশের সাধারণ মানুষের পক্ষে। কারণ গ্রামের যারা মজর, কারখানার যারা মন্ত্র তাদের বাড়তি সিরিয়াল ফুড দেওয়া দুরকার। দেদিক থেকে আমরা বলি যে বাংলা দেশে ঘাটতি আছে। তাদের যদি পুরো থাতা দিতে হয়, তাগলে যদি চার কিলো স্ভে চার কিলো করে সপ্তাহে দিতে হয় ভাগলে সেই অর্থ ঘাটতি আছে। কিন্তু যে অর্থে ওঁরা থাওরাছেন, যে হিসাব ওঁর। দিচ্ছেন সেই হিসাবে বাংল। দেশে যে থান্তশস্য হয়েছিল এবং যে থান্তশন্ত কেন্দ্র থেকে পেয়েছি ভাতে আমর অভুত: ঘাট্ডি বলতে পার না এটা জোর গলায় বলতে পারি। ২নং কথা হচ্ছে. আমরা নাকি চাষীদের কাছে গিয়ে বলি যে বাড়তি দাম নেবে এবং যার। কিনে খান্ন ভাদের গিন্ধে বলি ভোমরা কম দাম দেবে। ভার, একথা ভুনলে হাসি পায়। আমাদের ধারণা ছিল যে মিলেদ মুখান্দ্রী একট প্রভান্তনা করে বক্ততা দেন, কিন্ধু উনি আন্দেশনীতে এইভাবে মেঠো বক্ততা দেবেন এটা আমরা আশা করিনি। কারণ ফুড্গ্রেন এনকোয়ারি কমিশনের রিপোট ডিনি নিশ্চয়ই পড়েছেন, হয়ত স্থবিধামত ভলে গিয়েছেন, তাঁরা বলেছেন যাঁবো গ্রোয়ার তাদের ইনসেন্টিভ প্রাইদ দিতে হবে এবং দার। কনজি দুমার তাদের কাছে ফেয়ার প্রাইদে জিনিস পৌছে দিতে হবে। এই হচ্ছে খাত্ত উৎপাদন এবং বউনের মূলকণা। তিনি কি করে যে এই খাত উৎপাদন এবং ে শটননীতির মূলকণা ভূলে গেলেন সেটা আমি বুঝতে পারছিনা। তনং কণা হচ্ছে, তিনি সোজা-কণা বলেছেন আমাদের ৬৬ পার্দেট জমি ১৩ পার্দেট লোকের হাতে আছে অতএব ধানের দাম যদি বাজে তাহলে তারাই লাভবান হবে। মাননীয় অধ্যক্ষ মধাশয়, এই যুক্তি শুনাল ধাসি পায়, কারণ আমরা বার বার জেবের সঞ্চে বল্ছি যে, উপরে স্তরের জোতদার যারা তাদের উপর এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স করুন, ইন্টিগ্রেটেড ইনকাম ট্যাক্স করুন এবং খাজনা ভূলে দিন।

তাই জেপেদারদের যদি বাড্ডি ধান হয় এবং তারা যদি ধানের দাম বাড্ডি হবার পরে বাড্ডি টাকা পার ভাহলে ইনকাম ট্যাক্স করে সেই টাকা নিয়ে নেওয়া যায় এবং সেপানে ইনটিয়েটেড যে ট্যাক্স—সেই ট্যাক্সের কথা আমহা বার বার বলেছি এবং ইনকাম ট্যাক্সের মাধ্যমে সেই টাকা বড় চার্যার হাত থেকে আমরা আনতে বলেছি। কিন্তু সরকার সেটা করতে সাহস করেন নি। কারণ ঐ তর্কের বহু মানুষ আছে যাদের গায়ে হাত পড়ে যাবে। কাজেই এই ধরণের ইনকাম ট্যাক্স যদি এগ্রিকালগারাল প্রডিওসের উপর করা যায় তাহলে কাজ হতে পারে—কিন্তু সরকার সেটা করতে পারেন নি। তাই মাননীয় স্পীকার মহাশয়, আমি মনে করি যে, যে যুক্তি তিনি লিয়েছেন বড় বড় জোতলাররা দাম বাড়ালে লাভবান হবেন সেই যুক্তি টেকে না।

Shri Ananda Gopal Mukhopadhyay : তার, বর্ধমান জেলার মধ্যে স্বচেয়ে বৃশী জমির মালিক হচ্ছে ঐ তর্কে ৰসে আছেন শ্রীমনপুর হাবিবুলা।

Shri Nikhil Das: স্যার, আর একটা কথা আমাদের মন্ত্রিমহানয়া বলেছেন, আমি আশা করিনি তিনি এইভাবে কথা বলবেন—উনি বলেছেন লোকে নাকি খুব স্থাৰ আছে, লোকের পেটে নাকি খিদে নেই।

Shri Aswini Roy: স্তার, আনন্দগোপালবারু বোধহর জানেন না যে মনস্তর হাবির্রার গোটা কেমেলিতে মাত্র ৩০ বিঘা জমি আছে। তারা জমিদার ছিলেন জমিদারি আইনে সরকার সব নিবেছেন। Shri Nikhil Das: মাননীয় সভাপাল মহাশয়, বিতীয় কথা বলেছেন যে, কুধার আঞ্জন লোকের পেটে ভেমন নাই, লোকে বামপছীদের কথা শুনছে না—ভাই ভারা অ্যাদেখলীভে চীৎকার করে যায়। বিজয়বাবু এখানে আছেন নাকি—ভিনি কিছুদিন আগে বংরমপুর বিয়েছিলেন……

Shrimati Purabi Mukhopadhyay: মি: চেয়ারম্যান, ন্থার, আমার কক্তব। বলে ধে তিনটি পয়েন্ট উনি তুপলেন—তিনটিই উনি হ্ন আসতর্বত।বশত কিম্বা ইচ্ছে করে ডিন্টুটি করে উনি বলচেন। আমি প্রেট ক্ষ্বার আগুন নেই বলি নি, আমি মানুষ মূৰে আ চুন বলি নি এবং ৬৬ পার্সেন্ট জমিরও কোন কথা বলি নি।

Shri Nikhil Das: মাননীয় সভ পাল মহ শয়, বিজয় সিংছ নাগার মহাশয় এখানে নেই—কিছুদিন আগে তিনি বছরমপুরে গিয়েছিলেন; সেখান তাঁর কি অবস্থা হয়েছিল তা তিনি জগনেন। শেইজ্ঞ উনি যা বলেছেন মন্ত্রীয়া নিরাপদে প্রচার করেছেন, লোকে আমাদের কথা শুনে খুলী হজ্জেন—ভা হজ্জেন না। লোকে তাদের ঘেরাও করছে, ধরছে এবং ছাদের দাবি পেল করছে। খণেন দাশশুর মহালয় যদি থাকভেন ভাহলে তিনি তাঁর জলপাইগুড়ির অভিজ্ঞভার বথা বলতেন যে করেক হাজার লোক ঘেরাও করে খান্ত সম্বন্ধে কি বক্তব। বলাত চেয়েছিল। এবং বিজয়বাব্ যদি থাকভেন বলতে পারতেন যে বছরমপুরে কয়েক হাজার লোক তাঁকে কিভাবে খান্তের কথা বলেছিলেন। তৃতীয় কথা হচ্ছে মিছিলে নাকি লোক হয় না। ১৪ই ভাবিধে কলিকাতার বৃক্ষে রাষ্ট্রীয় সংগ্রাম সমিভির ডাকে ২৫ থেকে ২০ হাজার লোক কলকাতার রাস্তায় মিছিল করে বেরিয়েগেছে। সেখানে খান্তের দাবি ছিল, সভা এবং শোভাযাত্রা নিয়ন্ত্রণ বিল ছিল এবং বিনা বিচারে [6—614 p.m.]

যাঁদের আটক করে রেখেছেন তাঁ দের বিচার অথবা মক্তি-এই তিনটৈ দাবির ভিত্তিতে সেই সমাবেশ হয়েছিল এবং সেটা যদি দেখতেন এবং পুলিশের বিপোট নিলে দেখতে পাবেন যে করেক **হাছার লোক সেখা**নে হয়েছিল। আমি এখন আমল ভায়গাতে আস্ছি—আমি এই প্রতাবটাতে বংশছি যে ৰাজসংকট যেটা এ বছর দেখা দিংছছে এই ৰাজসংকটের জ্ঞা সরকারের দেউলিয়া নীতিই লায়ী, ২নং বলছি যে মূল। নিয়ন্ত্রনীতি সরকারর পুরোপুরি বার্থ হয়ে গেছ, তাঁরা মূল। নিয়ন্ত্রণ করতে পারেন নি। এটা হত্য বিনা যদি বিচার করে দেখি তাহলে দেখবো যে ৰাখনীতি ত তিনটি কথা ছিল—গভবার মুখ্যমন্ত্রী এখানে দাড়িয়ে বলেচিলেন খাগনীতি তিনটি বিষ্ঠের উপর দ। ডিয়ে আছে। কলকাত, এবং শিল্লাঞ্জের লোক তাদের ক্রয়ক্ষত: বেশী, ভাদের যদি কর্ডন করে ইণাটটারী বেসনিংয়ের মধ্যে এনে দিই বাইরের চাল যদি তাদের কাছে আসতে নাপার ভাহলে ৰাম্পার ক্রপ যেটা আমাদের হয়েছে সেই বাম্পার ক্রপে গ্রামাঞ্চল ভেদে যাবে— গ্রামাঞ্ল বাড়তি থাত থাকেশে, গ্রামাঞ্লে মূলা ঠিক জায়গায় থাকবে, দাপ্লাই এও ডিমাও পিওরি অনুসার। গভবারের বক্ততা যদি ওঁর মনে থাকে তাহ:ল দেখবেন যে তিনি সাপ্লাই এও ডিমাও থিওরির কথা বলছিলেন—উনি বলেছিলেন যোগান যদি বেশী থাকে ষা আমাদের প্রয়েজন ভার তিয়ে, ভাহলে দাম বাড়তে পারে না ভাহলে সাপ্লাই এও ডিমাও বিওরির উপর দাঁভিয়ে কলকাতা এবং শিল্পাঞ্চলের লোককে ষ্টাটেটারী রেসনিংয়ের কেলখানার ভিতর আটকে রেখে যাদের পার্চেঞ্জিং ক্যাপাসিটি সব চেয়ে বেশী, সেই করে মূল্য নিয়ন্ত্ৰ করবেন, হাতে গ্রাম দর না বাড়ে তার চেষ্টা করবেন এই হাল মৃত্তথা। আর একটা কথা তি ন বলেছিলেত বেৰানে ডাই হয়ে যাবে সেৰানে মডিফাছেড বেসনিং দেবো। এগুলি যদি কিছ কিছ বিচাৰ কৰে দেখি ভাগলে দেখবো ট্যাট্টারী রেসনিং এলাকার ২,৪০০ গ্রাম বলেছিলেন, আমরা তথন আপত্তি করেছিলাম—কিন্তু আজ দেটা নামিয়ে এনেছেন ১৯শত গ্রামে। কায়িকশ্রম যারা করে তালের বাড়তি রেশন দেবার কথা ছিল ২০০ গ্রাম করে, গ্মের কথা-- কাগজে কলমে বলেছিলেন-কিন্তু সেই ২০০ গ্রাম কলকাতা এবং শিল্লাঞ্চল এলাকার পাঁচটা শ্রমিকও পেয়েছি কিনা সন্দেহ। ভাই ষ্টাট্টারী রেদনিং এলাকায় কলকাতা শহরের বুকে চালের

চোরা কারবার চলছে এবং আড়াই তিন টাকা কিলোতে কলকাতায় স্থানবিশেষে চাল বিক্লি হচ্ছে এটা সবাই আনেন। দ্বিতীয় নং কথা ষেটা বলতে চাই সেটা হচ্ছে প্রামাঞ্জনে কি হয়ে ছু? এব'নে ভিনন্ধন কংগ্রেস্পাল্ডর সদস্ত যে বক্ত ভা করলেন তাঁদের যদি লফ্জা থাকতো তাহলে তাঁরা একথা স্ব'কার করে নিচেন যে আমাদের মূল্য নিয়ন্ত্রণনীতি, খায়্মনীতি ব্যর্থ হয়েছে—কাজেই তার ভিতরের ফাঁকগুলি বৃদ্ধিয়ে দিতে হবে। এই কথা না ব.ল তাঁরা আংশিক সাফ্লার কথা বলেন। জহরবাবু বর্ধমান জেলা থেকে এসে ছন, অরবিন্দবাবু বা মিসেস মুখাজী যা বললেন তাঁদের কাছ শেকে শুনলাম—এটা লক্জার কথা যেবার মাল্পার ক্রপ হোল সেবার আড়াই জিন টাকাকে, জি, চালের দাম কি করে হয় ? এইজন্মই হয় যে যারা জোতদার তারা ওঁদের বন্ধু। উনি একটা লিট দিলেন যে এথানে আড়াই হাজার ওথানে এক হাজার ওথানে হই হাজার হরেছি। কত ধার ছন আমরা তাতে ইন্ট রেইটেড নই। সাধারণ মান্ত্রে ইন্টারেইড একটা জ্বান্ধায় যে এই ধ্রার ফলে তাদের ঘরে যে চাল ছিল সেই চাল এনে বাজারে ছেড়ে দিয়ে চালের দাম কমাতে পেরেছেন কিনা, তা লোকর কাছে পৌছে দিলে পেরেছেন কিনা, তা লোকর কাছে পিনে বড়ে গেল। তাই হাপ্রার বা স্ব্রেরার এটা সাধারণ মান্ত্রের কাছে এক জারগায় এনে দান চাল ব বড়ে গেল। তাই হাপ্রার বা স্ব্রেরার এটা সাধারণ মান্ত্রের কাছে এক জারগায় এনে দান চাল ব বড়ে দেরে চালের দান কমাতে পারেন।

Mr. Chairman: মি: দাস, আপনার এটা রিপ্লাই হচ্ছে, কাজেই Please do not repeat your original speech.

Shri Nikhil Das: স্থার, উনি ্য পরেণ্ট রেফার করেছেন আমি দেই প্রেণ্টের উপর বলছি। জোতশার, মজুতদারদের ঘ∶রর ধান উনি নিজেই বলেছেন ধরেছেন, ভাদের ঘরে বেলী ধান নেই। কিন্তু এপন পুঞানো ধান বেরিয়ে বাজারে আস্ছে কি করে? চেয়ারুম্যান, ভার, ওঁর। স্বীকার করেছেন . য বাজারে পুরানো ধান এখনও বিক্রি হচ্ছে। ভাহলে এটা হজে কি করে যদি মজুতদারদের গরে ধান না থেকে থাকে? আমার যা কক্তব্য প্রস্তাবে ছিল সেই বক্তবা অ হাত সোঙা এবং সহজ যে গছবারের পালনীতি বার্থ হয়েছে, দেউলিয়া থালনীতি হয়েছে, মূল। নিয়ন্ত্রণ কারতে পারেন নি এবং এটা সংক্ষ ও সোজা কথা, সরকারের খাগু-নীভির প্রতি আমাদের যে অনায়৷ সেই অনাতা এই প্রস্তাবের ভিতর দিয়ে আমি ছুলে ধ্রেচি এবং ভারই পাশাবাশি বলতে চেয়েছি যে আমহা এবারে যে খাজনীতি **গ্রহণ করবো দেই খা**জ-নী হিতে ঐ ধরণের ফাঁক এবং ফাঁকি যেন না খা.ক। কারণ ঐ ধরণের ফাঁক এবং ফাঁকি যদি থাকে ভাহলে সামনের বছর অবস্থা আরও সাংঘাতিকভাবে দেখা দেবে। মাননীয় চেয়ারম্যান, স্থার, স্মার হ' একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। সেই কথাটা হচ্ছে— অরবিশ্ববাৰু বলেছেন সহযোগিতার কণা। উনি বলেছেন ধানপছীরা আফুন, আমরা স্বাই সংযোগিতা করে এগিয়ে চলি। কিন্তু কোথায় সহ্যাগিতা করবো? মাননীয় সভাপাল মহাশয়, আড়াই টাকা কে, স্থি, দরে চাল বিক্রিকেরে সেই যে ন'তি তার সহযোগিতা করবো. জোতদারদের ঘরে হাজার হাজার মণ ধান থাকবে ভার স্থ্যোগিতা করবো, একচেটিয়া পুঁজিপতি যার। ±ই খরণের বাবসা করে সাধারণ মাহুষকে মেরে ফেন্সবে তার সহযোগিতা করবে ; চাল কলের মালিক যারা তালের ঘরে ধান লুকিয়ে রেখে তালের মুনাকণ লুঠবার যে সহজ ব্যবস্থা করে দেবেন ভার সংযোগিতা করবো ? গতবারের যে তিকু অভিজ্ঞতা সেই অভিজ্ঞতার ফলে বিরোধীপঞ্চের লোকদের নিয়ে বংস এ বছর খাপ্তনীতি কি ধরণের হওরাউচিত ভার জাস্ত ছো কোন চেইা করলেন না।

একটা ভাঙা ধান্তনীতি জামাদের সামনে এনে হাজির করলেন, এবং তা করে আমাদের ভাতে সংযোগিতা করতে বলছেন। লোক না থেতে পেরে মার। যাবে আর সেই লোকগুলির দারিত আমরা নেব এবং দেখানে আমরা সহযোগিতা করব ? আমরা চাই না খাল নিরে রাক্ষনীতি হোক। মানুষ পেটভরে খেভে পাক এটা আমর। চাই। এই কথা বারবার বিধানসভার দাঁডিরে আমাদের বিরোধীপক্ষের হেমন্তদা থেকে শুরু করে স্বাই বলেচেন। কিন্তু এবারে আমাদের অভিজ্ঞতা তিক্ত। বাস্পার ক্রপ হওয়া সংখ্য চোরাকারবারী, মৃদ্তদারী, পুঁজিপতিদের আপনার। নিষম্ভণ করতে পারেন নি। যার ফলে চরম থাতস্কট দেখা দিয়েছে। এই তিক্ক অভিজ্ঞতার ভিত্তিতে দাঁড়িয়ে অঃমরা স্কলে মিলে একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করব এটাই হওয়া উচিত ছিল। আপনারা একটা বৈপ্লবিক থালন তি রাইটার্স বিলডিংস-এ বলে এলেম্বলীতে গ্রহণ করেছেন। ক্ষধার্ত পোকের কাছে চাল পৌছে দিতে পারেন নি। অতএব বিপ্লবের কথা, সহযোগিতার কথা বলবেন না-মানুষ মারার সহযোগিতার কথা বলবেন না। এখানে বলে যাচ্ছি আগামী বছরে যে খান্তনীতি নিচে যাচ্ছেন তাতে আরও চরম খালুস্কট দেখা দেবে। চাপকলগুণিকে যে ক্ষমতা দিক্ষেন ভাদের হাতে লেভির নামে ভাদের হাতে যে ধান রাখার স্বযোগ দিচ্ছেন, রিটেলের নমে যে গোরাকারবারীর স্বযোগ দিচ্ছেন ভাতে এই ফাঁকগুলি যদি বন্ধ না করেন তাহলে সন্ধট তীব্র থেকে তীব্রতরভাবে দেখা দেৱে। এই সন্ধটের হাত থেকে পরিত্রাণ পাবার জন্ম ক্ষুধার্ত মানুষ যে আগুন জালাবে সেই আগুনে বামপঞ্চীরা কোনদিন মারা পড়েনি সেই আগুনে পুরে মারা গেছে যার। ক্ষমতায় অধিষ্ঠিত আছেন এবং সেই আগুনে ষদি কাউকে মারা যেতে হল তাহলে সে আপুনারাই মারা যাবেন-এই সাব্ধান্বাণী উচ্চারণ করে আমি শেষ করছি।

Shri Bijoy Singh Nahar: স্থার, নিধিলবাবু বললেন আমি যথন বহরমপুরে গিয়েছিলাম তথন আমাকে ৪।৫ হাজার লোক ঘিরেছিল। কিন্তু আমি জ্ঞানতে চাই যে, আর, এস, পি-র ৭।৮ জ্ঞান লোক চিৎকার করছিলেন। এবিষয়ে শ্রীসনত কুমার রাহা সব বলতে পারবেন, কারণ তিনি সেসময় উপস্থিত ছিলেন।

Shri Nikhil Das: পাঁচ্বাৰু এবং অপূৰ্ববাৰু যে ছট। এমেগুমেণ্ট করে:ছন সেগুলি অংমরা গ্রহণ করছি।

The motion of Shri Panchu Gopal Bhaduri that in lines 3-5, for the words beginning with "in that it has failed" and ending with the words "black-marketing", the following be substituted:—

'in that it has pursued the capitalist path of development which fosters profiteering, hoarding and monopolising which at the same time defies ordinary efforts of price-control and which on occasions surrenders important economic positions to foreign capital',

was then put and lost.

The motion of Shri Nikhil Das "That this Assembly is of opinion that the present food crisis and the rise of price of essential commodities are the result of the bankrupt policy of the Government in that it has failed to give effect to price-control, and to check hoarding, profiteering and black-marketing," was then put and a division taken with the following result:

Noes-48

Abdul Bari Moktar, Shri Abdul Latif. Shri Abdullah, Shri S. M. Abdul Hossain, Shri Sved Ahamed Ali Mufti, Shri Bandyopadhyay, Shri Smarajit Banerjee, Shri Baidyanath Banerjee, Shri Jaharlal Basu, Shri Abani Kumar Beri, Shri Daya Ram Bhowmik, Shri Barendra Krishna Chakravartty, Shri Inantosh Chattopadhyay, Shri Brindabon Chattopadhyay, Dr. Susil Ranjan Das, Shri Radhanath Das Gupta, Dr. Susil Dhar, Shrimati Charushila Dutta, Shrimati Sudha Rani Gayen, Shri Brindaban Haldar Shri Haralal Hemram, Shri Kamala Kanta Ishaque, Shri A. K. M. Jehangir Kabir, Shri Karam Hossain, Shri Kazem Ali Meerza, Shri Syed

Kolay, Shri Jagannath Moitra, Shri Arun Kumar Mondal. Shrimati Santilata Mondal, Shri Sishuram Mookeriee. Shri Naresh Nath Mukherjee, Shri Pijush Kanti Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, Shrimati Purabi Nahar, Shri Bijoy Singh Naskar, Shri Ardhendu Shekhar Pandit, Shri Krishna Pada Pramanik, Shri Puranjoy Raikut, Shri Bhupendra Deb Rav. Shri Kamal Krishna Ray, Shri Kamini Mohan Roy, Shri Gonesh Prosad Santra, Shri Jugal Charan Shakila Khatun, Shrimati Sharma, Shri Jaynarayan Singha, Shri Hiralal Singhadeo, Shri Raj Rajeswari Prasad Sinha, Shri Phanis Chandra Ziaul Haque, Shri Md.

Ayes-19

Adhikary, Shri Sailendra Nath Baksi, Shri Monoranjan Banerjee, Shri Gopal Basu, Shri Amarendra Nath Basu, Shri Hemanta Kumar Bhattacharya, Dr. Kanai Lal Choubey, Shri Narayan Das, Shri Nikhil Dey, Shri Jiban Krishna Ghosh, Shri Deb Saran Hamal, Shri Bhadra Bahadur Lahiri, Shri Somnath Mahato, Shri Girish Murmu, Shri Nathaniel Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad Ray, Shri Birendra Narayan Roy, Shri Aswini Roy, Dr. Narayan Chandra Saha, Shri Abhoy Pada

The Ayes being 19 and the Noes 48 the motion was lost.

Adjournment

The House was adjourned at 6.14 p.m. till 1 p.m. on Monday, the 20th December, 1965, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Legislative Building, Calcutta, on Monday, the 20th December, 1965; at 1 p.m.

Present

Mr. Chairman (Shri NARENDRA NATH SEN) in the Chair, 9 Ministers, 1 Minister of State and 165 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

Dismissal and suspension of State Government employees

- *414. (Admitted question No. *2093.) Shri Sailendra Nath Adhikari : অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
 - (ক) ১৯৬২ সালের ১লা আর্মারি হইতে বর্তমান সময় পর্যন্ত কতজন সরকারী কর্মচারী ব্রধান্ত ও সাসপেশু হইয়াছে; এবং
 - (খ) তাঁহার৷ কোন্ শ্রেণীর কর্মচারী এবং তাঁহাদের অপরাধ কি ?

Shri Saila Kumar Mukherjee: (ক) ১-১২-৬৫ তারিথ পর্যান্ত প্রাপ্ত সংবাদ অনুসারে ১৯৬২ সালের ১লা আনুয়ারী হইতে বর্তনান সমন্ত্র পর্যান্ত ২,০৮৮ জন সরকারী কর্মচারী বরধান্ত ও সাসপেণ্ড হইয়াছে। ইহাদের মধ্যে ১,৫০৮ জন কর্মচারীকে সাসপেণ্ড ও ৮১০ জন কর্মচারীকে বরধান্ত করা হইয়াছে।

(খ) ইহারা দিহীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণীভূক কর্মচারী। উপযুক্ত কারণ না জানাইরা দীর্ঘদিনের অনুপস্থিতি, সরকারী কার্যে অবহেলা, উধ্ভিন বতুপক্ষের আদেশ অমাক্সকরণ, ঔদ্ধৃত্য, সরকারী সম্পত্তির অপণ্যবহার, ত্নিতী এবং অপরাণ্যুলক কার্যের জক্ত পুলিশ কর্ত্ক ধ্ত, প্রভৃতি কারণের জন্ত ইহাদের বর্ধান্ত বা সাসপেশু করা হইয়াছে।

Shri Sailendra Nath Adhikary: মাননীয় মন্ত্রিমহাশন্ন যে ফিগার দিলেন সেটা আমাদের কাছে খুব একটা অ্যানামিং ফিগার বলে মনে হচ্ছে। আপনি বললেন যে তুর্নীতি ইত্যাদির জন্ত তু'হালারের উপর কর্মচারীকে চ্'াটাই করা হয়েছে, সাসপেও করা হয়েছে বা ভিসমিস করা হয়েছে। এরমধ্যে আপনি বলতে পারবেন কি তুর্নীতির জন্ত কতজ্বনকে সাসপেও করেছেন এবং চার্জসিট দিয়েছেন?

Shri Saila Kumar Mukherjee: এটা বলা অসম্ভব। কারণ আপনার প্রশ্নের উত্তর পাওয়ার জন্ত সরকারের যতগুলি বিভাগ আছে প্রত্যেকটি বিভাগকে পত্র লিংখ বিভাগ অফুলারে এটা করা হরেছে। আজকে যদি শুধু ঘুর্নীতির জন্ত বলেন ভাহলে আবার আমাকে এই ২০-৩০টি বিভাগের সঙ্গে যোগাযোগ করে বলতে হবে। আপনি যদি আমার কাছে আসেন ভাহলে আমি বেঁশি করে আপনাকে বলতে পারবো।

Shri Sailendra Nath Adhikary: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আপনার ডিপার্টমেন্ট থেকে একটা সাকুলার ইম্ন ছারছিল, সাকুলারটা হচ্ছে 4085F, dated 30-9-65. Economy measure during the present emergency. সেই সাকুলার অহুসারে যে ব্যবহা করেছিলেন ফাইভ পার্দেট প্রাক্তকে সারেণ্ডার করাবার অন্ত বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে, ভারপর raising of the yardstick of assessment of Staff by $7\frac{1}{2}$ % in the Secretariat and 5 per cent in other offices এবং কাট অব 5 per cent in contingent expenditure. এইভাবে চিঠি দিয়েছিলেন সেই অমুসারে কছজনকে ছাটাই করা হয়েছে।

Shri Saila Kumar Mukherjee: আমি প্রশ্নটা ব্রক্ষাম না। প্রশ্নটা করেছিলেন তুর্নীতির জন্ম সরকারী কর্মচারী কভজনকে সাসপেও এবং ডিসমিস করেছেন কিন্তু এখন আব র প্রশ্ন করছেন—আপনি ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত প্রশ্ন চেয়েছেন, এখন এই তিন মাস আগে সেপ্টেম্বের সাকুলারের কথা উল্লেখ করে ইকনমি মেজাপের কথা বলছেন। তবুও আমি বলছি যে ইকনমি মেজাপের জন্ম কোন কর্মচারী সাসপেও বা ডিসমিস হয় না।

Shri Sailendra Nath Adhikary: মাননীর মন্ত্রিমহাশয় বল্পেন যে ইকন্মি মেঞ্চার্সের জন্ম কোনর কম সাস্পেন্শন বা ভিস্মিস্যাল হয়নি। তিনি কি একথা জানাবেন যে সেন্টেশ্বরের পর থেকে ক্তপ্তলি সাস্পেও হরেছে ?

Shri Saila Kumar Mukherjee: আপনি যদি আবার প্রশ্ন করেন নিশ্চয়ই জানাবো।

Shri Sailendra Nath Adhikary: আপনি কি এটা জানেন যে আৰ একটা সাকু শার ১৯-১১-৬৪ তারিখে, সাকু শার নং ৪৫৬ এফ, আই, আপনার। তাতে একজিসটিং ইনকামবেগু-এর উপন্ন ওয়ার্কলোভ চাপিয়ে কিছু চাটাই ক'ৰেছিলেন ?

Shri Saila Kumar Mukherjee: আমার জ্ঞানা নেই, আপনি যদি আমাকে সাগায় করেন তাহলে নিশ্চয়ই অঞুসন্ধান করে অপেনাকে বিশদভাবে জানাবে।

Shri Nani Bhattacharyya: মাননীয় মন্ত্রিমহাশন্ধ কি জানাবেন এই যে ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত ভিসমিস্থাল ও সাসপেনশন করা হয়েছে প্রায় ২.৪৩৮ জ্বনকে, এরমধ্যে চার্জসিট কভজনকে দেওয়। হ্রেছে এবং কভ লোককে কারণনা দশিরে ভিসমিস বা সাসপেও করা হয়েছে?

Shri Saila Kumar Mukherjee: গভর্মেট সার্ভেন্ট কথাকু রুল অমুসারে চার্জসিট না দিয়ে একজনকেও ডিসমিস করা যায় না। এটা ২২৬ অব দি কনষ্টিটিউশনে আছে। স্কুছরাং প্রতি কেস অমুসন্ধান করে এবং চার্ক্সসিট দিয়ে সাসপেও বা ডিসমিস্থাল হয় এবং সাসপেও করার পর ভাকে অপারচনেটি দিয়ে ডিসমিস করা হয়। এই হচ্ছে প্রচলিভ নীতি।

Shri Nani Bhattacharyya: মাননীয় মন্ত্ৰিমহাশন্ত্ৰ কি বলবেন কত লোককে কারণ না দলিয়ে উইদাউট আাসাইনিং এনি রিঞ্চিন ডিসমিস করা হয়েছে ?

Shri Saila Kumar Mukherjee : কাউকে নয়।

Shri Nani Bhattacharyya: এটা বোধহয় ঠিক কথা বলেছেন না, আমাদের কাছে এইরকম খবর আছে এবং তার নাম্বার শ্রুম নয় যাদেরকে ডিসমিস করা হরেছে উইনাউট জ্যাসাইনিং এনি রিজিন, সেই সমস্ত কেস যদি আপনার কাছে দিই তাংলে কি আপনি তাদের ভাজের ব্যবস্থা করতে রাজি আছেন ? Shri Saila Kumar Mukherjee: আপনার। যদি আপনাদের কর্তব্য না করেন তাহলে আমি কি করতে পারি। আমার কাছে যদি দেন তাহলে নিশ্চয়ই এই বিষয় অনুসন্ধান করবো, কিন্তু আপনারাত দেননি।

Shri Nani Bhattacharyya: পশ্চিমবঞ্চ সরকারী কর্মচারী সমিভির পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রী এবং ম্থ্যমন্ত্রীর কাছে কি যালের কোন কারণ না দশিয়ে ভিসমিস করা হয়েছে ভালের পিট দেওয়া হয়নি ? সে বিধয় কিছু ৰশতে পারেন ?

[1-10—1-20 p. m.]

Shri Saila Kumar Mukherjee: এটা বৃত্দিনের পুরাতন ইতিহাস—ডা: রায়ের টাইমে চারবার অভুসন্ধান করে মাত্র ১৫/২০ অনকে পুনর্ণিয়োগ করা যায় নি এটা বহুবার বলা হয়েছে।

Shri Aswini Roy: আপনি এই যে ডিসচাজের ফিগার দিলেন—এর মণ্যে পুলিশ বিপোটে পলেটিক্যাল গ্রাউত্তে ডিসচাজ করা হয়েছে এই রকম কত কমী আছেন ?

Shri Saila Kumar Mukherjee: আমার যতদ্র জানা আছে, তা নেই। আমি গোড়াতেই বলেছি অপরাধে অভিযুক্ত।

Shri Sanath Kumar Raha: মন্ত্রিমহাশয় জানালেন যে সাসপেনসন বা ডিসমিছাল কোন ক্লেত্রেই রিজনস আাগাইন না করে ২য় নি। আমি জানি অনেক কেস আছে যে পুলিশ রিপোটের ভিত্তিতে কোন কারণ না দেখিয়ে—নো লঙ্গার রিবয়ার্ড বলে জানানো ৽য়—-এই রকম কেস আছে—দেইসব কেসগুলি ঢ্কানো হয় ?

Shri Saila Kumar Mukherjee: এ রকম ভেগ না বলে আপনার। যদি কেসগুলি দেন ভাহলে সরকারের পক্ষে জানতে সংজ হয়। কাজেই এই রকম ভেগ কে:য়েল্ডেন না করাই ভাল।

Shri Sudhir Chandra Das: মাজমহাশয় জানাবেন কি—তিনি সাসপেনসন এবং বর্ধান্তের যে তালিকা দিলেন ভার মধ্যে কোন্কোন্বিভাগে কভজন কর্মচারীকে করা হয়েছে এবং কি কি অভিযোগে করা হয়েছে এবং কি বিষয়ে ?

Shri Saila Kumar Mukherjoe : আমি তো বললাম যে আমার কাছে যে বিরাট লিস্ট আছে তা পড়তে গেলে এক ঘনার উপর কেটে যাবে তাহলে আর কোন কোয়েশ্চেনই হবেনা।

Shri Sailendra Nath Adhikary: মন্ত্রিমংশিয় বে উত্তর দিলেন ভার থেকে একটা জিনিস বোঝা যাচ্ছে যে অর্থ দপ্তর এখনও পর্যন্ত ওয়াকিবহাল নয় যে কিভাবে কি ৽য়েছে—ভার কারণ তিনি প্রত্যেক বিষয়ে উত্তর দিলেন যে আমার ঘরে আসবেন জেনে যাবেন। আশ্নার ঘরে গারে জানতে হলে ভো এখানে প্রশ্ন করভাম না—সেইজন্ত আমি আশ্নাকে সাপ্লিমেটারা করছি যে গত ২০শে অক্টোবর ভারেখে বিভিন্ন নন-গেজেটেড এমপ্লয়ী অ এগাংসাসিরেসনের ভরফ থেকে মুখ্যমন্ত্রী এবং আশ্নার কাছে এই ধরণের সাসপেনসন এবং ভিসমিন্তালের এগেনেটে একটা মেমোরেভাম পেশ করা হয়েছিল কিনা এবং আশ্নি সেই মেমোরেভাম সম্বন্ধ কিছু জানেন কিনা ?

Shri Saila Kumar Mukherjee: আমি তো বলেছি বে নিশ্চর হয়েছিল এবং তার সঙ্গে আরৈ ছাড়া আরও ১০ দকা ছিল—সমস্তগুলি বিবেচন। করে ভার উত্তর জানিয়ে দেওয়া হয়েছে, তাদের সংগে আলোচনা হয়েছে এবং এই সাসপেনসন ব্যাপারটা বহু পুরাতন ব্যাপার। ডাঃ রায়ের টাইম থেকে বারে বারে বারে হাউসে বলে দেওয়া হয়েছে যে কিছু করা যাবে না।

Shri Sailendra Nath Adhikary: আমি বলছি রিসেন্টলি ষেভাবে ডিসমিকাল এবং সাস্পেত্র হয়েছে এবং স্পেত্রালি অ্যাংসাসিয়েল্নের টপ র্যাংকিং এবং বিভিন্ন ওয়ারকারদের করা হরেছে বিভিন্ন এমপ্লইজ অ্যাসোসিয়েসনের সঙ্গে যারা আয়াকচ্ছেলি ঘনিইভাবে আছেন—সে বিষয়ে আপনার সংগে ওরা কথা বলেছিলেন এবং আপনি কি একথা বলেছিলেন যে আপনাদের কথাটা খুবই যুক্তিসংগত I shall see it এটা কি ঠিক ?

Shri Nikhil Das: ভার, আমরা একথা বলতে চাই যে হাওডার ধর্মঘট সম্পর্কে যে এ্যাড়কোর্নমেন্ট মোশন দেওয়া হয়েছে সেটা পড়তে এবং বলতে দিয়েছেন সেজক আমরা আপনার কাছে কুড্জ। আমরা অপজিশনের তরক থেকে কংগ্রেসের দিকে যাঁৱা আছেন, মন্ত্রীদের দিকে যাঁরা আছেন, তাঁদের কাছে অপঞ্জিশনের তরফ পেকে সন্মিলিভভাবে এই কথা ৰলতে চাই তাঁরা এই হাওড়া ধর্মঘট সম্পর্কে কিছ বলন। সেখানে ধর্মঘটের কলে যে ডেডলকের স্পষ্ট হয়েছে ভার ফলে জনসাধারণ যে অস্থবিধায় পড়েছে সেই ব্যাপারে সরকারের যা করণীয় আচে সেটা যদি সুৰুকার না করেন ভাহলে খব অক্সায় হবে। হাউদ চলছে, এই চলাকালীন অবস্থায় শ্রমিকদের দাবি সম্পর্কে মিউনিসিপাল অথবিটি যে আটিচিউড নিরেছেন, ইউনিয়নের নেতালের গ্রেহার করে নিয়ে গেলেন, ভার ফলে হাওচার লোকেরা তুর্গমের ভিতরে আছে, সেখানে জ্ঞাল জনা চল্লে এবং সেখানে নানা অন্তবিধার স্ষ্টি হচ্ছে, আরু আমরা সি. এম. পি. ও. বিল সম্প্রে আক্রোনোচনা করচি এটা কিছতেই সম্ভব নর। সরকারের যদি আটিচিউড পাকে এবং সেই আটিচিউড গদি এই হয় যে ক্রায়সংগত দাবি তাঁরা ওন্বেন না তাগলে জ্ঞাল পরিপার হবে না। আপনারা ফদি **জেদ** করে বলে পাকেন, তাঁদের মানবতাবোধ আছে কিনা জানি না, তাঁদের মানবভাবোধের কাছে হাওড বাসীর পক্ষ থেকে, শ্রমিকদের পঞ্চ থেকে এবং বামপন্থী দলের পঞ্চ থেকে এট আবেদন **ভরচি** যে তাঁরা তাড়াতাড়ি এর একটা স্লমীমাংসা করুন। যদি মীমাংসা না করেন তাহলে ভার ফল যদি অন্স জায়গার চলে যার তাহলে তার দায় এবং দায়িত্ব সর্কারের উপর বর্তাবে। দেশে জরুরী অবস্থা চলছে সেটা যেন আপনাদের খেয়াল থাকে। আপনাদের কাজের জন্ম যদি দেশের নিরাপন্তা বিশ্নিত হয় তাকলে তার দায় দায়িও আপনাদেরই হবে। সেদিক থেকে মাননীয় ম্পীকার মহাশায়, আপনার মাধামে যে কথ। জোর দিয়ে বলতে চাই সেটা হচ্ছে এই ব্যাপারে একটা মীমাংসা অনভিবিশকে হওয়া দরকার এবং শৈলবাবু বসে আছেন, হাওড়ার অঞ্জাল যাতে মুক্ত ৰয় এবং শ্ৰমিকদের দাবি যাতে যাতে ঠিক ভাবে আদায় হয় সেই বাবস্থা করুন। এই হচ্চে व्याभारमञ्जूषावि ।

Shei Anadi Das: ভার, আমার কাছে প্রভিদিন বচ লোক আসছে এবং বলছে যে এই বাপারে হওকেপ করে কি কিছু করভে পারছেন না? সমস্ত শহর তুর্গন্ধে ভার যাছে লোকে আমার কাছে আলছে। আমি বিজয় বা রুর সংগে দেখা করেছিলাম কিছু চিনি বললেন যে আগে ধর্মবট প্রক্রাকার করে নিন ভারপরে ইউনিয়নের কথা শুনবো। ভাদের ইউনিয়নের সেক্রেটারীকে প্রেছার করা হয়েছে, ট্রেড ইউনিয়ন নেভাদের প্রেছার করা হয়েছে। ইপ্রান্ধীয়াল ভিস্পিউট আছের

সেকশন ২৯ প্রভাইত করে যে অথরিটি কর্তৃপক্ষ যদি এগ্রিমেন্ট না মানে ভাহলে ভার এপেনেষ্টে প্রসিকিউশন করা যাবে। গভর্নফেট সেদিকে গেলেম না কিন্তু যারা বার বার আবেদন নিবেদন করে ব্যর্থ হরে শেষ পর্যন্ত ধর্মঘটের পথে নেবেছেন তাঁদের গ্রেপ্তার করছেন। ভার, তাদের দাবি হচ্ছে রাাশানের, রাাশান না হলে শহরে চলতে পারে না। এই মাাথরগুলি এবং মিউনিসিপ্যাল কর্মচারী আাসোসিয়েশনের লোকেদের র্যাশন কার্ড নেই, সেই জন্ম র্যাশন অফিলে দাবি করতে সিরেছে, তারা সংগ্রাম করছে, দাবি করছে, যে কর্তৃপক্ষ মিউনিসিপ্যালিটির একটা রাাশন সপ করুক। সেই র্যাশন সপ হলে কাউকে অস্বীকার করতে পারবে না, কর্মচারী হিদাবে সে র্যাশন পাবে। এই রকম দাবিগুলি ক্রমাগত দিনের পর দিন পিছিয়ে পিছিয়ে যাছে আর মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ ঘুমাছেন। তাদের কাজের ফলে ম্যাখরদের এই ইউনিয়নকে হয় এই অন্যান্ত নেনে নিতে হয়, না হয় ভার প্রক্রিবাদ করতে হয়। প্রতিবাদ করতে হলে হাওড়াবাসীদের কট হছে। এই অবস্থায় জেদ না করে মানবভার দিক পেকে যা কিছু ন্যায়সংগভ সেক্রণ মনে বেশে এই ধর্মঘট মিটান হোক। সাধারণ লোকের যাতে অস্থ্রিখা না হয়, যাতে এপিডেমিক না হয়, কলের বসন্থ বসন্থ যাতে না হয়, তার বাবস্থা অন্তিবিগ্র কর্কন।

Shri Manoranian Roy: প্রার, আমি এই কথা বলতে চাই সরকারের যে দায়িত্ব সেটা আমরা চালের ব্যাপার থেকে আরম্ভ করে সব ব্যাপারেই দেখেছি। এই ধর্মঘটের ব্যাপারে একটা লায়িত্ব তাঁতা পালন করেছেন সেই লায়িত্বটা হচ্ছে ধর্মঘটিলের গ্রেগুর করেছেন, ভাদের নে ছাদের ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করে জেলে আটকে রেপেচেন। দ্বিতীয়ত: আর একটা দায়িত্ব আচে সেটা হজে গু-গুলি পরিষ্কার না করার জন্ত সেধানে যথন মহামারী আরক্ষ হতে তথন কি তার উপর ভারত রক্ষা আইন প্রয়োগ করে তা বন্ধ করবেন, গু-গুলি কি নিজে পেকেট প্রিজার হয়ে যাবে ৭ এই অবস্থায় কোন জায়গার কার্থানার শ্রমিকরা মাদের পর মাস, বছরের পর বছর যদি লেবার কমিশনারস অফিসে ধর্ণা দেয় তথন শোনেন না তারপর যথন ধর্মঘটের প্রে পা বাণ্ডায় তথন ভারতবর্ষ আর রক্ষা পার না, ভারতবর্ষকে রক্ষা করার জ্ঞা তাদের গ্রেপ্তার করে জেলে বাধা হয়। এই অবস্থা হাওড়া মিউনিসিপ।ালিটিছে চলছে। এইজন্ম আমি বলচি সরকারকে তাঁর দায়িত্ব পালন করতে হবে। আমি জানি আপনি দয়া করে পড়তে দিয়েচেন কিন্তু ওঁদের কানে জল যাবে না। শৈশবাব বসে আছেন, তিনি হাওড়ার লোক, তার যথেষ্ট ইনফুট্রেক আছে. তিনি এককালে মিউনিসিপ্যালিটির কর্তা ছিলেন, তিনি একটা কিছু করতে পারতেন। কিছু জাঁরা কেট কিছু করছেন না, ভাঁদের কানে জল যাছেছে না, সেইজন্ম আমাদের একজনের প্র একজন উঠে বার বার এই কথা বলভে হচ্ছে। হাওড়াবাসীদের অবস্থা আমাদের ব্রভে হবে এবং শ্রমিকরা ধারা ধর্মঘট করতে বাধা হয়েছে, আমি বলবো দারা লাযাভাবে ধর্মঘট করেছে সে≱ শ্রমিকদের যদি দায়ির না নেন তাহলে আমাদের এই দারিত নিতে হবে। আপনারা ঐ শ্রমিক দর দায়িত্ব না নিয়ে ভারত রক্ষা সাইনে তালের এবং তালের নেতালের আটক করে রেখেচেন। আমবা ভানি সরকারের কোন যুক্তি ছিল না কিন্তু ভবও বিরোধী দলের নেভা থেকে আরম্ভ করে চাল্লার হাজার লোককে ভারত রক্ষা আইনে গ্রেপ্তার করে রেপে দিয়েছেন। ঠিক সেইভাবে আমরা দেৰ'ছ এথানেও ভারত রক্ষা মাইন কিভাবে চলছে। এইভাবে দিন চিরকাল যাবে না। লৈলবাৰ বলে আছেন, আমাদের শ্রমমন্ত্রী বিনি আছেন খিনি হিটপারী মেজাজ দেখালে সেই গু-গুলি প্রিপ্তার তবে না। সেইজন্ম ময়লাঞ্জিল যাতে প্রিপার হয় এবং শ্রমিকদের ব্যাপারে যাতে একটা মীমাংসা ছত ভার বাবভা কজন। আনমন্ত্রীর মালিক মন্ত্রী হয়ে বলে পাকলে চলবে না। সেইজন্য আমি আবেদন কর্তি এর একটা ব্যবস্থা কর্মন।

[2.20-2-30 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: যতকণ মন্নিমগালয়র। বলবেন না ভ্রমণ আমানের স্কলকেই বলতে হবে— Mr. Speaker: তা যদি বলেন ইফ ইউ দ্যাও ইন দি ওয়ে যে যজকণ মন্ত্রিমহাশয়রা বলবেন ভভকণ আমাদের বলতে হবে আ্যাব্দ এ মেম্বার ডোক গে লাইক ছাট।

Dr. Abu Asad Mohmmad Otaidul Ghapi: উনি বললেই ভো সব চুকে যায়—
আমাদের আর বং ার দরকার হয় না। আমরা সি. এম, পি. ও. বিল আলোচনা করছি, মেট্রোপলিটন এরিয়া পরিকার হবে—অথচ ছাওড়া পচে যাছে গভর্গমেন্টের ক্যালাসনেসের ভন্ন। উনি
ধর্মঘটকে ইল্লিগ্যাস বলে বসে আহেন, কিছু অ্যারেস্ট করে আছেন—সমাধানের কোন চেইা হচ্ছে—
কন্ত দিন এটা চলবে এটা যদি দরা করে বলেন তাগলে ভাল হয়—আপনারা একটা না হয় বলুন
বে আমরা চেইা করছি—হু'একদিনের মধ্য চুকে যাবে।

Shri Saila Kumar Mukherjee: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপুনি নিৰ্দ্ধেল দিয়েছেন-নিশ্চয় এটা মূলত্বী প্রস্তাবের বিষয় নয়, তথাপি আপুনি আনেক বিরোধী সুক্তদের এটা উত্থাপন করতে দিরে:চন। স্থতবাং যেতেও তাঁরা এটা উত্থাপন করে:চন এবং যেত্তে আমি ছাওডার থাকি সেইহেত আমার কর্ত্বা হিসাবে আমি ও দৈর অবগতির জন্য এবং ও দের সাহায়্য ভিক্রা এবং সহযোগিতা চাই বলে চটো কথা বলচি। প্রথম হচ্চে এটা শ্রমমন্ত্রীর বিষয়, শ্রমমন্ত্রী এবং শ্রম বিভাগ তারের সংগে আলোচনা করছেন এই করদিন ধরে—কিছু কোন দিয়ান্তে ভারা উপনীত হতে পারেন নি। দিলীয়ত: এখানে যারা অংশ গ্রহণ করলেন আমি যতদুর জানি তাঁরা সকলেই শ্রমিক নেভা—ট্রেড ইউনিয়নের মধ্যে কাব্দ করেন—ট্রেড ইউনিয়ন আইন সম্বন্ধে তাঁরা আমার চেয়ে ঢের বেশী অভিজ্ঞ এবং কিভাবে ফুর্চ ট্রেড ইউনিয়ন দেশে পরিচাসন। করা উচিত দেশের কল্যাণের জন্ম শ্রমিকদের কল্যাণের জন্ম সেই বিষয়ে তারা আমার চেয়ে চেয়ে বেলী অবগত আছেন এটা আমি বিশাস করি। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আমি তাঁদের সনিবন্ধ অনুরোধ জানাবে। যে একবার হাওড়ায় এই শ্রমিক নেড়া যারা ধর্মঘট করেছেন তালের সঙ্গে বসে জামুন যে যে মৌলিক কাণ্ডামেনটাল নীতি আছে নোটল দিতে হয় দাবি জানানো হয়—এথানে তারা কোন নোটিশ কোন দাৰি না জানিয়ে হঠাৎ স্টাইক করা সেটা ট্রেড ইউনিয়ন নীতির পক্ষে মঞ্চলদায়ক কিনা-তা যদি না হয় তাহলে ভাঁরা দয়া করে তাঁদের সংক্ষ সহযোগিতা করে এ বিষয়ে আবেশাচনা করুন। দিহীয়ত: হাওড়া শহরের যে ধর্ম্মঘটের কথা বলা হয়েছে আমি মাননীয় সম্ভাদের অবগতির জ্বন্স বলছি এবং প্রভোকেই বলেছেন যে সরকার এ বিষয়ে নীরব নিরপেক নিশ্চিম্ত হয়ে বসে আছেন—কিছ তানেই। এথান থেকে দিনের পর দিন এই সূটাইকের মধ্যে চেষ্টা করা হয়েছে। যার ফলে শ্রমিকদের মধ্যে আনেক জয়েন করেছে এবং ব্যইরের থেকেও শ্রমিক আসতে।

(ভুমুল হটগোলের মধ্যে মন্ত্রিমহাশন্ত্র বসিয়া পড়েন)

Shri Sailendra Nath Adhikary: আমরা ভার, চেয়েছিলাম একটা ভাল আটিমোস-ক্ষেমার ক্রিয়েট করতে—

Shri Saila Kumar Mukherjee: I wanted to help but they have given me kick.

Shri Balai Lal Das Mahapatra: স্তার, আমি জানতে চাচ্ছি আপনার মাধামে যে ২২শে ডিসেম্বর যেথানে অবস্থান ধর্মঘট হরেছিল ভারপর সেদিন জ্বেলা ম্যাজিট্টের ম্যাস্থভায় ঠিক হোল যে ২৭শে ডিসেম্বর উভয় পক্ষ বসে মীমাংসার কথাবার্তা হবে – কিন্তু ২৩শে ডিসেম্বর কেন ইউনিয়নের সেক্রেটারীকে প্রেপ্তার করা হোল এবং কেন সরকারের পক্ষ থেকে, মিউনিসিপ্যাল অধরিটির পক্ষ থেকে উত্তেজনার সৃষ্টি করা হোল। উনি বলভে চাচ্ছেন যে ভারা নোটিশ দেয়নি, বিধিসংগভভাবে ভারা কালা করেনি। কিন্তু আমি বলি এই উত্তেজনা সৃষ্টি কর্নেন কারাং

সরকারের পক্ষ থেকে করেছেন কিনা? কেন সেই কর্মচারীকে গ্রেপ্তার করা ছোল ? ২৭শে ভারিথে মীমাংসার জন্ত বসবার কথা ছিল—সেই বসার পূর্বে কেন তাঁকে গ্রেপ্তার করা ছোল সেই অবাঘটা আপনি দিন।

Shri Saila Kumar Makhorjoe: আমি ওঁদের অবগতির অন্ত আমাজি বে বেশনে ভবল শিক্টে কাজ হচ্ছে এবং মিউনিসিশালিটির যভগুলি নাইট সরেল লরী এবং কনজারভেশি লরী আছে ভারা হ বেলা কাজ কর ছ—গহরাঞ্লের পাইখানা এবং নর্দমা পরিকারের জন্ত। ভবে এটা সভা যে পুরো কাজ হলে যে রেটে পরিকার হয় তা হতে পারছে না। ত্বসাং পুনরায় আপনা দর সংযোগিত। প্রার্থনা করবে। যে অবৈধ ধর্মঘট বন্ধ করার জন্ত আপনারা যদি প্রচেটা করেন ভারলে আমরা সব সময় যাবো।

Shri Kashi Kanta Maitra: ভার, বিজয়বাবু তৃটো কথা বলুন না, উনি ভয় খাজেন কেন? কাওয়ার্ডের মত বিহেভ করভেন কেন? He is behaving like a coward.

Mr. Speaker: আমি ঘর থেকে চলে কোলে আপুনারা যা হয় করবেন।

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker: Honourable members, I have received 8 notices of Calling Attention on the following subjects, namely:

- (1) Dacoity in Jiagunj Station Road on 24th December, 1965—by Shri Sanat Kumar Raha;
- (2) Tehsildars of Beldanga and Bhagabangola circles under extreme pressure for further additional work—by Shri Sanat Kumar Raha:
- (3) Unsatisfactory situation with regard to procurement of paddy and rice in 24 Parganas—by Shri Gopal Banerjee;
- (4) Disposal of applications for Salt Lake plots—by Shri Kashi Kanta Maitra;
- (5) Irresistible smuggling of paddy and rice from Birbhum district—by Shri Abhoy Pada Saha;
- (6) Arrest of R.S.P. leaders in Jalpaiguri under D.I.R.—by Shri Nani Bhattacharjee and Shri A. H. Besterwitch;
- (7) Death of a person in police lock-up at Bharatpur—by Shri Abhoy Pada Saha; and
- (8) Inordinate distress among 'A' and 'B' class ration card holders for want of supply of rations—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Kashi Kanta Maitra on the subject of disposal of applications for Salt Lake Plots. The Hon'ble Minister-in-charge will please make a statement today, if possible, or give a date.

Shri Saila Kumar Mukherjee: On Tuesday.

Shri Nikhil Das: মাননীয় স্পীকার মহাশয়, আব্দকে আমরা দেখলাম বে মৃধ্যমন্ত্রী একটা নির্দেশ দিয়েছেন বে ল্যান্ডলেস বারা এ ক্যাটিগরীর কার্ড গোল্ডার ভারা ১৫০০ গ্রাম করে মডিফায়েড রেসন পাবে অনতিবিলম্বে এবং আর একটা কথা স্বীকার করেছেন যে ঐসব এলাকায় ১৬০ প্রসা কেন্দি থেকে ২ টাকা কেন্দ্রি দরে চাল বিক্রী হচ্ছে। আপনার মাধ্যমে আমার বক্তব্য এই বে মডিফায়েড রেসনিং এলাকার কোন রেসন সমস্ত আরগার ঠিক ঠিক গিয়ে পৌচল্ছে না—ওঁরা বলছেন ১০০০ গ্রাম করে দিভে—কিন্তু বহু আরগায় ১৩০০ গ্রাম করে পায় নি। নৃতনভাবে বলছেন ১৫০০ গ্রাম দেবেন।

Mr. Speaker: মি: দাস, আপনি কোন একটা পার্টিকুলার কারগার কথা বলুন—স্ব কারগার কথা বল্লে পার এটা একটা কেনারেল ডিসকাসবের মত হল্লে যায়। আমি আপনাকে এই আডেন্ডানটেজ দিতে পারি না।

Shri Nikhil Das: আমি প্রার আপনাকে উদাহরণ দিচ্ছি।

Mr. Speaker: উদাহরণ দেবার কোন দরকার নেই। আমি আপনাদের একটা স্পেশাল প্রিভিলিজ দিই—আপনার পার্টিকুলার নলেজ যদি কিছু থাকে বলুন—আপনাদের কোন একটা ইম্পর্টেন্ট ম্যাটাবের প্রতি আ্যাটেনসন ড করার আডভানটেজ আমি দিই—কিন্তু তাই বলে Instead of your taking the time of going to the Minister's Chamber. আমি আপনাদের স্পেশ্রাল কেদিলিটিজ দিই। কিন্তু কোন জেনারেল ডিস্কাসনের জন্ম দিই না। তারজন্ম রুল বই আছে।

Shri Nikhil Das: আপনি শুমুন স্থার, ষেমন ধক্ষন কালিকাটার স্ট্যাটুটারী রেসনিং এলাকার পালের এলাকা বাসদ্রোনী ইউনিয়নে ১৩০০ গ্রাম করে রেসন গভ কয়েক সপ্তাহ দেওয়া হয় নি এ খবর জানেন কি? দিভীয় কথা হচ্ছে এক সময় আমরা শুনেছিলাম যে মডিফায়েড রেসনিংয়ের যে কোয়ানটাম সেই কোয়ানটাম স্ট্যাটুটারী রেসনিংয়ের কোয়ানটামের সমান হবে। আপনারা সাড়ে ভিন ছটাক তুই বেলা দিলেন—সেধানে প্রাইভেট মার্কেট থাকছে না—কডনিং করে দিলেন—কি করে সেধানে সাড়ে ভিন ছটাকে চলতে পারে এটা একটু বিবেচনা করে দেখুন। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে এটা চলবে না। এটা পরিবর্ত্তন করতে হবে এবং নিয়মিত রেসনদেবার ব্যবস্থা করতে হবে—ভা নাহলে চালের দাম ছ টাকা পেকে আড়াই টাকা ভিন টাকা কেজিতে উঠবে।

Mr. Speaker: মি: দাস, আপনি আজ এ মেম্বার যদি এই রকম আডেভানটেজ নেন ভাহলে আপনাদের এই প্রিভিলেজ আমাকে রিফিউজ করতে হয়। আমি আপনাদের স্পোলাল আডেভানটেজ দিই কোন পার্টিকুলার জিনিসের প্রভিইম্পটেন্ট ম্যাটারের প্রভি আট টনসন ড করার জক্ত—কিন্তু আপনারা যদি এইভাবে জেনারেল ডিসকাসন হিসাবে লেকচার দেন You want to bring to the knowledge of particular Minister or particulars member of the House. I may say that it is nothing but a misure of the advantage that I am giving to the honourable member.

[2-30-2-40 p.m.]

Shri Nikhil Das: আমার বক্তবা ছিল যে একটা পলিসি ঘোষণা করেছিলেন যে M.R. এলাকা এবং এবং S. R. এলাকা সমান হবে কিন্তু তা হয় নি।

Mr. Speaker: মি: দাস আমি আপনাকে বলছি I have to say that if you go on in this way I will have to say no to you in future. This is not according to the rules. Please take your seat.

Shri Nikhil Das: আপনি কথাটা বৃদতে দেবেন ভো। লোকে থেভে পাছে না, কল মাত্রকে বাঁচাবার জন্ম নয়, লোকে বেধানে চাল পাছে না, দেধানে কল দিয়ে কি হবে।

Mr. Speaker: রুল যেমন আছে আমাদের সেভাবে চলতে হবে। Please try to amend the rules. মি: দাস, আমি আপনাকে বলছি I would request you for the last time not to interrupt.

Shri Phani Bhusan Mondal: মাননীয় অধ্যক মহাপর, আমি একটা বিশেষ অন্ধরী ব্যাপারে কয়েকটি ৰুধা বলতে চাই। এই যে ধান চালের আইন করা হয়েছে, কিছ বর্ডার দিয়ে চাল পাচার হয়ে যাচ্ছে। বর্ডার যভগুলি আছে সেখান দিয়ে প্রায় প্রভ্যেকদিন হাজার হাজ'র গাড়ী ধানচাল চলে বাচ্ছে। আমি একটা specific instance দিছি বীরভ্ম জেলার কথা বলছি। এখানকার কয়েকটা সেকটারের কথা আমরা D, S. P, S. P. কে বলেছি। এবানে প্রত্যেক্দিন ১৫-।২০-।২৫০ খানা করে গাড়ী ছবরাজপুর থানা দিয়ে বিহারের বড়ীর দিয়ে ওপারে চলে যাচছে। এবং ধারাশোল দিয়ে ১৫০ খানা করে গাড়ী যাচছে। আমি বলতে চাই যে কোকটাকে দেখানে engage কর। হয়েছে মি: র মান, D. B Inspector, তিনি লোকদের সংগে ৫ টাকা করে ঠিক করে নিয়েছেন। এইভাবে ২০০ খানা গাড়ী থেকে প্রায় ভাজার টাকা নিজেন। ওটা আমি point out করাতে ভার পরেরদিন ১৫০ খানা গাড়ী ধরা পড়ল, কিন্তু ঐ মি: রহমান ১০৯ খানী গাড়ীর কাছ থেকে টাকা নিয়ে ভাদের ছেড়ে দিলেন এবং বাকী ৩১টা গাড়ী ধরে রেখেছেন। ধান পাচার হচ্ছে আমরা D. S. P., S. P.কে বলেছি হয় তিনি Smuggling ধরছেন না। আমি নাম করে বলেছি এবং full responsibility নিয়ে ৰলছি। এই রকম ৩।৪টা জোন আছে সেধান থেকে প্রায় প্রত্যেকদিন বিহারে ২০০ খানা করে গাড়ী চলে যাচ্ছে। এখানে চাল ৪০ টাকা Quintal আর সেখানে ৬০ টাকা Quintal। ঐ মি: রহমানকে ধরাশনা, ত্বরাজপুর এবং রাজনগর এই ৩টা বর্ডার ধানায় D. B. Inspector করা হয়েছে। তিনি smuggler-দের সংগে মিলে প্রত্যেকটা গাড়ী পিছু ৫ টাকা করে নিচ্ছেন। এটার একটা ব্যবস্থা করুন। বীরভূমে এইরকম হচ্ছে এবং D. B. Inspector এর নাম হচ্ছে Mr. Rahaman । নলাপানা কুওরী থানা, সংক্রীপানা এপ্লের হ'চ্ছ বিহারের ডিপো।

Shri Sanat Kumar Raha: আমি কয়েকদিন ধরে আপনার সংগে পরামর্শ করছিলাম যে আমাদের পরিষদীয় দপ্তর থেকে বিগত ৪ বংসরে এই Assemblyতে আসবার পর আজ পর্যান্ত এক থানা Proceedings বই পেয়েছি, আর বই পাইনি। এ বিষয়ে আপনারা জানান যে যত Proceedings হয়ে গেছে এগুলি কভদিনে পাওরা যাবে এগুলি আমাদের জরুরী প্রয়োজন হয়ে পড়েছে। এটা প্রেসের ব্যাপার না কি সেটা পরিষদীয় দপ্তর বলুন। আশা করি এ বিষয় একটা স্পন্ন ব্যবহা অবলম্বন করবেন। Govt. publicationএর এ কিছু হয় নি, আজ dead-lock অবহা হয়ে রয়েছে। আশা করি এর একটা সমাধান করবেন।

Shri Hemanta Kumar Basu: তার, আমি সম্প্রতি পুরুলিয়া জেলা থেকে ঘ্রে এসেছি সেধান থেকে ধরর শুনলাম যে লেভির আওভায় পড়েনা, এরপ ছোট ছোট চাষীদের উপর অভাচার হছে। মিল মালিক এবং D. P. Agentরা ধান কিনছে। যে ধান জমিছে হয় সে জমির ধান রেধে এ ধান ভারা লেভী দিছে। আর একটা বাাপার আমাদের সংগে মুধামন্ত্রীর যে কথা হয়েছিল যে সেচ এলাকায় ৫ একর এবং আসেচ এলাকার উপর লেভী কয়া হবে ভিনি সেটা বিবেচনা করবেন বলেছিলেন। কিছু ভিনি D. M. এর কাছে যে লাকুলার দিয়েছিলেন ভাতে তাঁরা বলেছেন যে আমাদের কোটা বাছিয়ে দেওয়া হয়েছে আমরা কি কয়ে ৫।৭ একর করবো। আমরা ১ ওকর ২ একর করভে হবে। কারণ আমাদের যে কোটা বাধাহ্বে ভাতে আমরা হেয়লেস।

Shri Panchugopal Bhadury: মা: শীকার, তার, এবানে প্রমান্ত্রী মহাশারকে দেখতে পাছি না তবে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষন করছি। আমাদের হগলী জেলায় ১০০১টো স্থভাকল আছে সেগানে এক একটা মিলে নাইট সিপ্ট বন্ধ হয়ে বালে, ১ই হাজার লোক লে অফ হয়ে বালে। প্রীরামপুর অঞ্চলে ৬০০টা মিল বন্ধ হয়ে গেছে। কোন্নগরে প্রীত্র্গামিলে সি সিপটেলে অফ এর কথাবার্তা চলছে। এই যে তীবণ সংকট, এটা কভটা বাহুব এবং কভটা অবাত্তব এ সম্পর্কে প্রমিকদের কভটা রিলিক্ষ দেওয়া বার ভার জন্ম অনুরোধ করছি। প্রমান্ত্রী একটা উচ্চ পর্যায়ে tripartite বৈঠক আহ্বান করান—মিল মালিক শ্রমিকনেতা এবং সরকারী Office নিরে tripartite Conference ভেকে কি করে শ্রমিকদের কট লাঘ্র করা বার এবং শিল্পে সংকট পেটা কভটা Relief দেওয়া বার এ সম্পর্কে একটা tripartite বৈঠক ভাকলে ভাল হয়।

Shri Gour Chandra Kundu: স্থার, আপনার অনুমতি নিয়ে মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করিছি। নদীয়া জেলা একটা ঘাটতি জেলা আপনি জানেন যে জেলার অবস্থা হচ্ছে বাজারে কোন চাল নেই, শহরে রেশানে কিছু কিছু চাল দেওয়া হচ্ছে, কিন্তু গ্রামাঞ্চলে, কলোনী বা ক্যাম্পে চাল লেওয়া হচ্ছে না। সেধানে বাজারেও চাল নেই বা Ration এও চাল নেই। ভার কলে লোকেরা একটা ভীষণ ঘূর্দশার পড়েছে। এ বিষয়ে মন্ত্রীসভায় দৃষ্টি আকর্ষণ করিছি। কালকে নদীয়া জেলার অবস্থা সম্পর্কে একটা বিশেষ সিন্ধান্ত নেবেন। আমি বলবো সেধানে Ration 2 K. G. করে চাল গম দিন না হয় বর্জমান থেকে চাল আনবার বা হয়া করুন কর্ডন ভুলে দিয়ে না হলে Rationএও দেবেন না বাজারে ও পাওয়া যাবে না। 2 K. G. করে চাল নিয়ে এলে পুলিশ ধরবে জেলে ভত্তি করবে এই যে অবিচার চলছে আশা করি এটা বিবেচনা ক্রেবেন।

GOVERNMENT BILL

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, as reported by the Select Committee

[2-40-2-50 p. m.]

Shri Manoranjan Roy: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারকার অধিবেশনে এট ছিতাঁয় বিশ নিয়ে আমরা আলোচনা কর্চি। ইতিমধ্যে একটা বিশ ভোটের জোরে কংগ্রেসপক্ষ পাশ করিয়েচেন, সে হচ্চে ইউনিভারসিটি সংক্রাস্ত বিল। সেই বিলটি যারা পেছন থেকে টাকি ধরে টেনে তৈরী করিয়েছিলেন, তাঁরাই কিন্ত এই C.M.P.O. বিলটি তৈরী করে দিয়েছেন। তাঁৱা যথম অমুমোদিত করলো, তথমই আমাদের মন্ত্রীসভা দয়া করে বললেম আরু দেখতে টেখতে ছবে না-মুমাপ্রভরা যথন তৈরী করে দিয়েছেন, তথন আর দেখার প্রয়োজন নাই। সেই আমেরিকা আমাদের এই মহাপ্রভু। আমরা এখানে বাস করছি—চাল গমের জন চেয়ে ছিলাম আমেরিকার দিকে এডদিন, এখন আধার ভালের জন্ম আমাদের দেশের ময়লা পরিধারের জন্ম আমেরিকার প্ৰতি চেয়ে থাকতে হবে। এটা জাতি হিসেবে অভাস্থ লক্ষান্তনক। কিভাবে এই বিলকে আমালের প্রতিবাদ করতে হবে কানি না। এর সূত্র ধরে কেবল আমেরিকান বিশেষজ্ঞরা এবানে আালবেন, তা নয়, তাদেরই অভুমতি নিয়ে এই বিশ এই বিধানসভার আজ আলোচনা হচ্চে। এট বিল নিয়ে সিলেকট কমিটিভে কী হয়েছে তা নিয়ে আর এবানে আলোচনা করতে চাই না। ভিত্ত দেখা গেল বিলটাকে মন্ত্ৰীসভা সিলেকট কমিটিভে পাঠিরে দিলেন। বেছেত আমেরিকার বিখেষজ্ঞরা বিদেশ থেকে এই বিলটি তাঁরা অনুমোদন করে দিয়েছেন, কাজেই এই বিল নিয়ে আর আলোচনা করবার কোন প্রয়োজনীয়তা এই মন্ত্রীসভা বোধ করেন নাই। তাঁরা সোজাত্রজি এটাকে সিলেকট কমিটিকে পাঠিয়ে দিলেন। আমরা দেখেছি এমন কি-মন্ত্রীসভার পূর্ব সদক্তও এট বিলের বছ ধারায় আপত্তি লানিরেচেন সিপেকট কমিটিতে। এই আমেরিকার কাচে

আমানের টিকি পর্যন্ত ধার রাধতে হচ্ছে। আমরা দিনের পর দিন সমন্ত বাপারে ভাদের কাছে বাঁধা পড়ে বাছি। তার আর একটা নিদর্শন হচ্ছে এই Metropolitan Water and Sanitation Authority Billট। আমাদের কলকাতা বিশ্ববিভালর বেটা একদিন দেশের গোরব ছিল, লেটাও তাদের কাছে বাঁধা দিয়ে দিলাম। আর এবার কলকাতার জলের ব্যবস্থা, আন্থোর ব্যবস্থা তাদের কাছে বাঁধা দিয়ে দিলি। কারণ তাঁরা নাকি টাকা দেবেন। সামান্ত টাকা তাঁরা দিক্ষেন। বিশেষজ্ঞদের বা কিছু খরচ, আসা থেকে স্কুক্ক করে তাঁদের নিজেদের দৈনন্দিন খরচ বা পড়বে তাও আমাদের বহন করতে হবে, আমাদের দেশবাসী যাঁরা tax দেবেন তাদের। কাছেই এই বিলের ম্থা বিরোধিতার প্রাথমিক কারণ হচ্ছে কেন আমেরিকান বিশেষজ্ঞদের ডেকে এনে, তাঁদের কাছ থেকে টাকা ধার নিয়ে শেষ পর্যন্ত চাকা আমাদের ক্রম-payerদের দিতে হবে। কেন দিতে হবে? তার প্রতিবাদ আমি প্রথমে করতে চাই। এই বিল সম্পর্কে আমরা নীতিগতভাবে এই বিলের বিরোধী।

ষিতীয়তঃ হচ্ছে এই বিলটি যে তাঁর। অনুমোদন করে দিয়েছেন তা বোঝা যায় কি করে পু বোঝা যায় এই বিলটি দেখলে আপনি ব্যবেন এই বিলটিতে একটি bureaucratic control-এর ব্যবহা করা হরেছে। এই বিলের bureaucratic control সম্পূর্কে সামান্ত যে পরিবর্তন হরেছে সিলেকট কমিটিতে, ভাতে তার বিশেষ কিছু ভারতমা হয় নাই। তব্ যদি এই C.M.P.O. গণতাত্রিক পদ্ধতিতে পরিচালিত হতো, জনলাধারণের টাকার বারা প্রিচালিত হতো, তাহলে নিশ্বই আপত্তি করতাম না, ধারাগত ভাবে বলতাম এখানে পরিবর্তন করুন, ঐখানে পরিবর্তন করুন। এই বিলের পেছনে দেখা যাছে আমেরিকার উপর সম্পূর্ণ নির্ভর করে থাকতে হছে । ভাদের উপর ভরসা করে, ভাদের মনমত আমলাভান্ত্রিক কন্ট্রোল বা bureaucratic control সম্পূর্ণ হতে পারবে। এখন আমলাভান্ত্রিক যে কন্ট্রোল তার সম্পর্কে পরে আস্থি। এই বিলের আরো বিশেষত্ব যে অত্য আমরা তার বিরোধিতা করতে বাধ্য হচ্ছি তা হচ্ছে এর tax burden.

আমাদের দেশের জনসাধারণ, কলিকাভার যে মধাবিত ও নিয়মধাবিত এবং কলকাভার যে বস্তিৰাসী এবং তার আশপাশে ঐ ৰক্ষৰক্ষ থেকে আরম্ভ করে কাঁচরাপাড়া পর্যন্ত, সেৰানে যে হাজার, হাজার, লক্ষ, লক্ষ, বিফিউজি পূর্ববাংলা থেকে আসছেন, ভারা কোনর হুমে একটা কঁডেঘর তলে বাস করছেন, সরকারের কাছ থেকে লোন নিয়ে, ভালের উপরে কভ পরিমাণ ট্যাক্সের বোঝা ধার্য করা হবে, সেটা ভেবে, এখন থেকে আমরা আতদ্বিত হচ্চি। এর পরিনাম এট দাঁড় বে যে, কলকাতা শহর বলতে আমরা যা বুঝি, ক্যালকটা কর্পোরেশ্নের অধীনে যাঁৱা আছেন, শুধ তাঁৱাই নন, ঐ যে ২২টা মিউনিসিপালিটি ক্ষণ্ডিত করে দেওয়া হল, দেই মিউনিসিপালিটিঞ্ছলর যাঁরা অধিবাসী, যাঁরা ট্যাক্স দেন, যাঁরা একখানাই খুৰ ছোট-খাটো বাড়ী করে বাস করছেন, বা সেই সমস্ত পূর্ববঙ্গের অধিবাসী, যাঁরা বাছাগারা হয়ে এখানে এ স কোনরকমে একথানা কুঁড়েঘর তুলে আছেন, তাদের উপরে এমন ট্যাক্ষর বোঝা বসান হবে, যাতে ভারা আরও দরে চলে যেতে বাধ্য হবে। আমি আনি না, কৰে ভাদের সমস্তে গিয়ে বসবাস করতে হবে, কিনা? ট্যাক্সর বাবস্থা করা হলে, ঐ কর্পোরেশন এবং মিউনিদিপালিটি বিলে ভা বেশ পরিক্ষার করে, খুব ভালভাবে লেখা আছে। সেখানে বলা হচ্চে যে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটির ট্যাক্স যা আছে, সেটা কিছুটা কমবে। সেটা কভটা কমবে, ভা আমরা বঝি, ধব ভাল ভাবেই জানি। যারা বঠমানে কর্পোরেশনের কাউন্সিলার, ভারা এই বিলের ছতে, চাত্র বিরোধিতা করেছেন। কংগ্রেল দল, ভারা কর্পোরেশনে আছেন, ভারা বানেন যে কর্পোরেশন ও মিউনিসিপ্যাণিটিগুলি, ভারা water tax আলাদা ভাবে নেন না, sanitation এর উন্নতির অন্ত যে টাব্লে, সেটা তাঁর। আলাদা ভাবে নেন না। এই ওল ষদি তারা বাদ দেন, ভাহলে তাঁদের যে আৰু থাকবে, সেই আয়ে একটা কর্পোরেশন বা মিইনিদিগালেটি চলতে পারে না। কাজেই কর্পোরেশন এবং মিউনিসিপাালিটিগুলি ঝগড়া কয়বেন जि. अप. नि. e. किश्ता महकारबुद महक, य कछहा है। हो। का विवास क्यांतिन, कि क्यांरबन ना।

ভারা বে বেশী টাাল্প কমাতে পারবেন না, সেটা আমরা জানি। ষ্ডটকু ক্যাবেন সি, এম, পি, ও, ঠিক ভভটুকু বসাবেন ট্যাক্স, মোটেই ভা নয়। সি,এম,পি, ও, ট্যাক্সের হিসাব ধরে নিয়েছেন, বে এ অধিৰ valuation হিসাবে, ১৫ শতাংশের উপর ট্যাক্স ধার্য করা হবে। ভারা যদি garbage া বা মহলা অপ্লাল পরিকার করেন. ভাহলে ঐ valuation এর শতকরা পাঁচ ভাগের উপর ট্যাক্স ধাৰ্ব করা হবে। কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটিগুলি এখন বা ট্যাক্স নিচ্ছেন, সেই ট্যাক্স থেকে ১৫ ভাগ বাদ দিয়ে নিচ্ছেন। তাঁৱা বেটা নিডে পাছেন, সেটা তারা এই ভাবে নিচ্ছেন না। ভারা বেটা নিচ্ছেন, সেটার assessment তাঁরা করবেন। সেটার assessment এবং valuation আৰার নৃতন করে, হিসাব করে, সি, এম, পি, ও, পেকে করা ≥বে। ষদিও কর্পোরেশন এবং মিউনিসিপাাশিটিভলি একবার assessment করে দিয়েছেন এবং প্রতি বছর assessment করে যাচ্ছেন। এই assessment, যেটা কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটি করেছেন, সেই assessment এ হবে না। Assessment করবেন আবার সি, এম, পি, ও, নৃতন করে ভাদের উপর ট্যাক্স বসানর ক্ষন্তা। জমির ও বাড়ীর valuation এর উপর 15 per cent এবং ক্ষন্তান্ত বিষয়ের অভ্য 5 per cent, স্মর্থাৎ 20 per cent এর উপর, ট্যাক্স বসাবেন। ভাচাডা, এর উপর আবার water charges এবং water surcharge এবং sewerage charge আছে। ভাৰলে কয়টা charge বা ট্যাক্স হল ? একটা হল তাদের administration এর হুল ট্যাক্স, এবং অন্তান্ত capital expenditure এর জন্ম 15 per cent of the valuation এর উপর টাক্স। ভারণরে garbage পরিকার করবার অস্ত 5 per cent garbage tax, অর্থাৎ 20 per cent of the valuation এর উপর tax. এবং তারশরেও আবার water tax যাও নেবেন, তার কোন percentage valuation এর উপর দেওরা হয় নাই। এটা আমরা ধরে मिकि दश. (शमन अन अतर कतरवन, जात উপরে, সেইরকম ভাবে charge হবে, ট্যাকুর ≉বে। কিন্ত ঐ per gallon water এর জ্বন্স কত টাক্সি ধার্য করা হবে, সেটা যেতেত এই বিলের মধ্যে নেই. থেহেত ঐ আমলাদের হাতে এর ক্ষমতা চেতে দিছেন—লক্ষ্ লক্ষ জনসাধারণের ভাগা. ভালের হাতে ছেড়ে দিজেন, যে ভারা ঠিক করে দেবেন বে per gallon water এর ছব্য কত চার্জ দিতে হবে। ভারা বললেন ২০০ বছর যথন গিয়ে পৌচাবে, তথন তাঁরা কলকাতার জ্জা. কলকাতা কর্পোরেশন এলাকার জ্বল 60 gallon জ্বল, এবং কর্পোরেশন এলাকার বাইরে 50 gallon জ্ঞল দিতে পারবেন বলে, ভারা মনে করছেন, বা আশা করছেন।

[2.50-3 p. m.]

কলকাতা শহরের লোককে জল সরবরাহ করার জ্লাও আছকে তাঁদের আমেরিকার কাছে টাকা ধার করতে হছে, এবং একদিন আমেরিকা এই দেনার দারে ওঁদের টিকি কেটে নিয়ে যাবে। কিন্তু সৌটাও সামলাতে হবে আবার জনসাধারণকে। আমাদের দেশে engineer ছিলো না, তাঁদের উপর কেন ভরণা করতে পারছেন না । বিদেশ থেকে বিশেষজ্ঞদের এনে তাঁদের মাদের পর মাদের করে করে তালের মাদের পর মাদের করে। আজকে ধরুণ, Calcutta Corporation-এ assessment হছে, যারা tax-payer ভাষা Councillor-দের গিয়ে বলতে পারে এই টাাক্সটা অক্সায় হয়েছে, এটা সম্পর্কে পুনর্বিচেনা করা হোক। কিন্তু কাল যথন সম্পূর্ণ ভাবে আপনাদের হাতে চলে যাবে তথন ভাদের উপর যে water-charge ধরা হবে ভার বিরুদ্ধে বলি কিছু বলারও থাকে ভাহলেও জারা আপনাদের কাছে হেভে পারবে না। বড় বড় আমলাদের কথা ছেড়েই দিলাম, Assistant Secretary পর্যায়ের আমলাদের সংগে দেখাসাক্ষাং করতে গেলেও এ৪ দিন লেগে যায়। Councillor, Commissionerদের কাছে যথন ইচ্ছা সাধারণ মান্ত্র্য বেভে পারে, তাঁদের উপর চাপ দিতে পাগের, তাঁদের উপর demand করতে পারে, কিছু আপনাদের কাছে এউক হবার উপার নাই, তাঁদের কাছে গিয়ে ছুটো কথা সাহস করে বলবে এমন অবস্থা আমাদের দেশে এখন। হয়নি। মাননীয় অধ্যক্ত মহালয়, bureaucratic control

ু সঞ্চৰ্কে আমাদের তীব্ৰ বিৰোধিতা আছে। শৈলবাৰু বলেন এখন আর bureaucratic control নাই, কারণ General Council-কে majority করছেন। ৫০ খনের General Council-এ >७ चन महराही nominated अथवा जाएन appointed लाक. टीएन कान कमजा नाहे। কিব্ধ শেষ পর্যন্ত দেখা যাবে আরে। অধিক সংখ্যক সরকারী লোক গিয়ে পৌছাবেন-এবং ভার ব্য-ছাৰ তাঁর। করে রেখেছেন। ফুডরাং অক্সাক্সরা আপত্তি করলেও সেই আপত্তি টিকৰে না, bureaucratic control-धन लाक वांता डालन व वांता डालन वांता है वांत्क वांत्र वांत्र । ७ कन Board of Directors আমি আকৰ্ষ হয়ে গেলাম গ জন কেন করা গেল না। যাই হে।ক Select Committee বেভাবে এপেছে সেটা মেনে নিষেছেন, ভালই করেছেন। কিছু আমার প্রশ্ন হচ্ছে. এই Assembly বেকে কেন এক খন Board of Directors-এ ষেতে পারবেন না, পারবেন নাং Chairman সম্পর্কে বলা হয়েছে যে তিন জনকে সরকার appoint করবেন সেই appointed Directors-দেৱ খেকে একজনকৈ Chairman করতে হবে. এবং তাঁব निर्दिशान्त्राशी कोक करन। जारको सम्बन्धन माननीय जनाक मनावस, bureaucratic control-এর বিনি Chaiaman হবেন ভিনি এক ক্ষন আমলা, তাঁর অধীনে বারা Corporation থেকে. এখান থেকে, elected হবেন, তাঁর। কাজ করবেন। Chairman-এর আবার casting vote খাকৰে। এই Board of Directors একজন General Manager appoint করবেন, এবং সেই মামেজার এক হাজার টাকা পর্যন্ত মাইনের কর্মচারী নিরোগ করবেন, কেন ডাঁকে এত ক্ষমতা দেওয়া হচ্চে প তারপর, আর একটা ব্যাপার দেখন, এর মধ্যে বিরোধের বীজ বপন করা হয়েছে। একটা বড় বাড়ীর plan ঠিক হল, প্রথমে হয় তো Corporation-এর পক থেকে inspection-এর অন্ত লোক গোল, তাঁকে কিছু দিছে হবে, CMPO থেকে inspection করতে যাবেন আর একজন, তাঁকেও কিছু দিতে হবে নতুবা তিনি বলবেন water, sanitation ইতাাদি ঠিক হয় নি। এরপর আমি একটা কথা জিজ্ঞাসা করি, এই bureaucratic control-এ মিউনিসিপ্যালিটিগুলিকে এবং Corporation ভলিকে কেন নিয়ে আসা হচ্ছে। সমস্ত এলাকা নিয়ে একটা Co-ordinated Committee হোক আমরাও এটা চাই, কিছু এটা আমর। চাই না যে, একটা Co-ordinated Committee-র খতে সমস্ত ক্ষমতা দেওছা হোক। একটা democratic body, তার যত বদনামই খাকুক, তার উপর অনসাধারণ চাপ দিতে পারে। সেই জ্ঞান্ত কি এই স্বায়ন্ত্রশাসন্যূলক প্রতিষ্ঠানগুলির ক্ষমতা হরণ করা হচ্ছে? ওঁরা ষেতাৰে এই বিল নিয়ে এসেছেন তাতে আমাদের মনে আর বিন্দমাত্র সন্দেগ নাই যে, মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশান গুলির অবলপ্রি ঘটানোট ওঁদের উদ্দেশ্য। আত্তে আত্তে এভাবে আমলাদের চাতে ক্ষমতা চলে যাবে এবং এও গয়তো আমাদের দেশতে হবে যে, শৈলবান্দের স্থিয়ে দিয়ে একজন মিলিটারী এসে ক্ষমতা প্রিচালনা করছেন।

[3 - 3 - 10 p.m.]

Shri Panchu Gopal Bhaduri: মাননীর অধাক্ষ মহালয়, এই সম্পর্কে আমি একটা অবজারভেশন করতে চাই। আমি সতঃ স্তাই থব ঘাবড়ে গিয়েছি যে এতগানি ইমপটেন্ট বিল সম্বন্ধ হাউপের একটা মাইনোরিটি অংশ, একের তিন অংশেরও কিছু কম, পুণু আমরা বিরোধী সদস্তর। আলোচনা করছি, গভর্নমেনট পার্টির কোন সদস্ত আলোচনা করছেন না, আমার আশংকা হছেছে হয়ত কোথায় কোন রেজিমেনটেশন হয়েছে, ষ্টীম রোলারিং হয়েছে মুখ বন্ধ হয়েছে, ভাই একপক্ষের দিনায়েল অব সিভিল রাইটস করে যে বিলটার আলোচনার হচনা হয়েছে সেই বিল সম্পর্কে আমি খুব আশংকার সংগে বলতে হারু করেছি। কংগ্রেস্ পক্ষের সদস্তরা আমার বন্ধনার পরে মুখ গুললে আমি খুব খুলী হবো। আমি আমার বন্ধনার মুগ ভিনটি পয়েন্টের উপর রাখছি। প্রথম হচছে এই বিলের যে অরিজিন সে সম্পর্কে শৈলবাবু যে কথা বলছেন লে কথা অভ্যারতীন। এই বিলের অরিজিন যদি কলে ব্যাহার কেশে এই বিলের অরিজিন যদি কলে ব্যাহার কেশে এই বিলের অরিজিন যদি হলে যে আমালের দেশে এই যেটোপলিটন এরিয়া, এই সম্বন্ধ কর্পাবেশন

এবং মিউনিসিগ্যালিটির ওয়ার্কি সম্পর্কে ডেমোক্রাটিক ফাইন্ডিং কি সরকারের কোন এ্যাসেসমেন্ট ভার ভিত্তিভে যদি হতো ভাহলে উন্নতির জন্ম অন্ত বক্ষ বাবস্থা হতো। আমরাভ জানি ব্লদিন ধবে চেই। হচ্চিল আমি যে এলাকা থেকে এলেভি নেই এলাকায় একটা গ্রাপিং অব মিউ মিসি-भागिष्ठिन क्यात । **এই यে मध्छ यে**টোপণিটন এরিরা মিলিয়ে একটা অথরিটি করার ফলে कि একটা ডেনেজ সিসটেম হবে? ভার ফলে কিছতেই একটা ডেনেজ সিসটেম হভে পারবে না। ভার ফলেতে কোন সিংগিল অধরিটি করলেও ভার মধ্যে ডিস্প্যারিটি থাকরে. এও এও থাকরে। কাজে কাজেই আমরা যখন মনে করেছিলাম সংগার এপার ওপার, সংগার পশ্চিম পারের জমি স্লোপিং ঢাল হচ্ছে পূর্ব থেকে পশ্চিমে, আরু গংগার পূর্ব পারের জমি হচ্ছে পশ্চিম থেকে পূর্বে, সেধানে উত্তর দক্ষিণের যে টপগ্রাফি. জমির যে গঠন, ভার যে ঢাল ভাব মধ্যে অনেক ব্যক্তিক্রম আছে। তার জন্ম কোন ইউনিফারেড ডেনেজ দিসটেম, কোন ইউনিফায়েড ওয়াটার সাপ্লাই সম্ভব নয়, সেটা সম্ভব লোকালাইজড ভাবে, খণ্ড খণ্ড ভাবে। ভার জন্ম অনেকটা ব্যালানালি মিউনিসিণাালিটিকে, একাধিক মিউনিসিণাালিটিকে, একত করে ইকনমিক ইউনিট তৈরী করে ভার ষ্ণ্য নৃতন আধুনিক ব্যবস্থা করা যেতে পারতো যদি এর অরিজিন হতো ভেয়োক্রাটক। স্বদি এর অরিজিন হতো ডিমোক্র্যাটিক, আমাদের সরেলেভে ভারলে সেটা সেইভাবে হতো। ভালেকাটা কর্পোরেশনের ইমপ্রভ্যেন্ট-এর অন্ত ব্যবস্থা, অন্তভাবে অর্থ সংগ্রহ আরু এই সমস্ত মিউনিসিণ্যালিটিগুলিকে গ্রাপিং করে তাদের মোর ইকনমিক ইউনিট করে সেই ব্যবস্থা করার নিকে এটা প্রাসিভ করতো কিন্তু তা করেনি। শৈলবাবর নিজেরও একটা ডিমোক্র্যাটিক অভীত আছে, ব্যাকগ্রাউণ্ড আছে, ভিনি একটা বৃহৎ মিউনিসিপ্যালিটির বৃহদিন চেয়ারম্যান ছিলেন, তিনি মিউনিলিপালিটির ডিমোক্র্যাটক ওয়াকিং জানেন, ভিনি জানেন হাওডা মিউনিলিপালের যে সম্ভা তা সমাধান করতে গেলে হাওড়া হিসেবে দেখে করতে হবে, সমগ্র এরিয়া দেখে করতে লোলে হবে না। কাজে কাজেই সমস্ত মিউনিসিপ্যালিটির ভিতরে অনেকটা স্বাতম আছে, অনেক দ্বিস্পারিটি আছে, ভাকে সেপারেটলি, পুথকভাবে সলভ করতে হবে, ভা না করে এই রক্ম একটা ওভারত্মল অথরিটি থাড়া করার এই আইডিয়া শৈলবাব যা বলচেন তা নয়, এটা এসেচে বিদেশীদের ন্ধাচ থেকে. তাদের গোয়েন্দাগিরির তাগিদে। আমি আপনাকে ১৯৬১ সালের ৩১শে জুলাই, দোমবারের নিউ ইর্ক টাইমস্-এর একটা নিউজ বেরিয়েছে, দেটা আমার কাছে আছে, পডে শোনাচ্চি. তাতে এই কথা আছে বে কোর্ড ফ উণ্ডেশন এক্সপার্ট পাঠাবেন। আপনারা জানেন মাননীয় অধ্যক্ষ মহাশায়, আপনিও জ্বানেন যে আমেরিক। যথন এক্সপার্ট পাঠায় তাদের বিভিন্ন ক্ষীয়ের মার্ক্ত তথন আদলে তারা পাঠার গোয়েন্দা. গোয়েন্দা পাঠার ভাইটাল প্রেণ্ট দেখবার জ্ঞা। খৰ একটা হাসির কথা শৈলবাৰ বলেছিলেন যে ওয়ালভি ব্যাংকটা আমাদের ব্যাংক। আমার জেরোমকেজেরমএর 'থি মেন-ইন এ বোটের' গল্পটা মনে পড়ছে, স্থার, আপনারও নিশ্চয মনে আছে, সেই যখন নোকোতে সকর করার সময় হট পট তৈরী করার জন্ম ঐ তিন ব্যক্তি কিছ ক্রিচ ঞ্জিনিস আডি কর্লেন সেই হট পটে তথন একটা ককর ছিল, সেই হট পটে তারও ইচ্চা হল আহাবাৰ পৰ কিছু হাইট কমটিৰিউট কৰা উচিত, তাই সে হাৰ পশ্চাৎ দেশ থেকে কিছু কমটিনিটেট কৰলো। উনি বলচেন ওবাল'ড ব্যাংকে ভারতবর্ষও কনটিবিউট করে, আমেরিকাও কনটিবিউট করে, কাজে কাজেই আমাদের টাক। আমরা পাচ্ছি। এই লক্ষার কথা, হাস্তজনক কথা ভিনি না বললেও পারতেন, এটা চেলে মাত্রবি কথা। আসল কথা হচ্ছে আমেরিকা ভার গোৱেন্দা পাঠাতে ভারিত্ব দিচ্চে এবং তাগিদের জন্ম উইথ প্রিসিপিটেড হেই, নির্লক্ষ ব্যস্তভার সংগে ভাডাভাডি ভবতার চেস্টা এই বিলে হয়েছে। সেদিক থেকে এই বিলের অবিভিন সহদ্ধে যে কথা আমি প্রথম পরেণ্টে বলতে চাই সেটা হচ্ছে এটা মোটেই ডিমোক্র্যাটিক অভিজিন নয়, পপুলার অবিজিন নয়, আমাদের দেল্ফ গভর্মেণ্ট ইনিষ্টিটিউন্দু এর মধ্যে থেকেও নয়, আমাদের মন্ত্রী সভার মধ্যে ধেংকও নয়, তার বাইবে একটা এজেনী ভার নিজের পারপাস সিদ্ধ করার জন্ম এট বিলাটা অবিভিনেট করেছে। তাই এই সম্পর্কে প্রথমে বলভে চাই ১৯৬১ সালের ৩১লে জলাই

নিউ ইয়ৰ্ক টাইমস্ত্ৰ বে সংবাদ বেরিয়েছিল ভার থেকে ধারাবাহিকভা লক্ষ্য করা যেভে পারে আজ পর্যন্ত বে এই বিলের দারা কলকাভা শহরকে বে ফলর করা হচ্ছে সে কলকাভা শহর আমাদের নয়, কলকাতা, একটা ইনডিজিনাস পপলেশন যাবা কলকাতাকে ভাল বেসেছে, পডেছে, প্ৰথে জংগে কলকাভাতে গেকেছে, ভাগের ভাইভ আউট করে বড বাজার কিছা কোন এলাবেড কোষাটার ম্যালিগলাক ক্যানসারস গ্রোথের মত সমস্ত কলকাতা শহরে বড বড বিভিং, স্বাইন্দেশার দ্ধল করে ফেলবে সেই কলকাতা তৈরী করবার জন্ম এই বিলটা হয়েছে এবং এই ইনডিজিনাল প্রপ্রেশন ভারা সারাউন্ডি: এরিয়ায় স্লামে থাক্বে, তাদের স্লাম লাইকে পাশিচয়াল ব্যবস্থা হবে এবং কলকাভা শহরুকে সেইজম্ম বিউটিফাই করা এই সমস্ত লোকের আৰু হবে না. হবে স্পোশাল একটা ক্রাস লোকের অন্ত বালের এজেনী হিসাবে, বালের কেপ ট গভর্মেন্ট হিসাবে আমালের এই মন্ত্রীসভা হয়ত কাজ করচেন। সেদিক থেকে আমি বলবে। এই কাজটা আমাদের জনগণের কোন ৰাৰ্থসিদ্ধ করবে না। তভীয় কথা হচ্ছে যখন একটা মন্ত্ৰীসভাদেশের বৃহৎ ধনী শ্রেণীর জন্ম একটা বিউটিফুল নগরী করার কণা ভাবেন, দেশের লোকের কাচ থেকে ট্যাক্স স্বটক্ত আউট করে সেই नगर (थरक छाइस चाउँहे करत अकता नगरी कवाव कथा छारतन अर छात्र सम्र विसनी वर्ष সাহায্য নেন, বিদেশী সামাজ্যবাদী গোয়েন্দাপের গোয়েন্দাগির করার প্রবিধা করে দেন ভখন কি হর, তখন ডিমোক্র্যাসি বিকামসু এ ক্যান্তরেলিটি, ডিমোক্র্যাসি তখন মারা হায়। প্রথমে ডিমো-ক্র্যাসি মারা যায় সাধারণভাবে, ভারণর ডিমোক্র্যাসি মারা যায় কংগ্রেসের মধ্যে ইনার পার্টি ডিমোক্রাসি। সংগে সংগে দেখতে পাচ্ছি মিখনিসিপাালিটিতে বেশীর ভাগ কংগ্রেসের নির্বাচিত সদস্তরা মেজোরিটি, সেই মিউনিসিণ্যালিটিকে তাঁরা বিশ্বাস করেন না, এমন কি এই বিলের মধ্যে ষে জেনারেল কাউলিল হয়েছে যাকে বিখাস করে ক্ষমন্তা দেওৱা উচিত ছিল ভাতে যদিও মেলোরিটি হবে কংগ্রেসমেন আজকের খেতাবে, তব্ও ছালের হাতে সেধানে ক্ষমতা দেওৱা হরনি। কেননা ভাদের একটা ডিমোক্র্যাটিক ব্যাক্থাউণ্ড আছে, ভারা ইলেকটেড হয়ে আসছে, ভার জন্ম একটা অসম্ভব ভীতি এই বিলের মধ্যে দেখা যাছে। এই ভীতি কার? এই ভীতি আমার মনে হয় কংগ্রেসের পাকার কথা নয় আজকের সেট-আপে—কারণ কাউন্ধিলে কংগ্রেসের ধুৰ সিকিংয়ার্ড মেজোরিটি। কারণ কংগ্রেসের ভয় হচ্ছে অক্সরুকম ভয়, অস্ততঃ আমি একথা মক্রকণ্ঠে বলতে পারি ভয়ের পাঁচে কংগ্রেস পাটির সাবমিট করা উচিত ময়। আমরা বিরোধীপঞ্চ বতকালই আপত্তি কর্ছি কংগ্রেসপক্ষ সম্পূর্ণ সাইলেণ্ট, তাঁদের এই যে সাইলেন্স সেটাও একটা প্রতিবাদ বলে আমরা ধরে নিচ্ছি এবং সেই সাইলেন্স নীচের স্তরে, কর্পোরেশনের মেয়র, এক মেয়ব বিভিন্ন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ভাঁরা সাইলেন্ট নন, ভাঁরা ভোকাল, ভাঁরা ভোকালি প্রতিবাদ করেছেন। তাঁরা যেখানে লোকাল সেল্ফ গভর্নমেন্টের মধ্যে একটা ডিমোক্র্যাটিক বাইট এডদিন ভোগ করে আসচিলেন সেখানে ভার খেকে ডিপ্রাইভড হচ্ছেন বলে প্রতিবাদ জানিয়েছেন এবং সেই প্রতিবাদ আমরা কিভাবে জানাবো. না আমরা নিশ্চয়ই এই বিলটাকে গ্রহণ না করে রিজেট করবো, এই বিলকে গ্রহণ করার আটিচিউড কিছতেই ≥তে পারে না। আমি থব থদী হতাম যদি কংগ্রেস বেঞ্চ থেকে উঠে দাঁছিলে তাঁদের মনের কণা বলভেন যে মনের কথা কংগ্রেস চেয়ারমান, ক্যালকাটা কর্পোরেশনের মেয়র, এক্স-মেয়র বলেছেন, যে মনের কথা শ্রীরামপুর মিউনিসিপালিটির চেয়ারম্যান বলেছেন, লেই কথা বলবার ক্ষম্ম পার্মিশন দেওয়া উচিত ছিল। মি: স্পীকার, স্থার, আমি আপনাকে অমুরোধ করবো কোন পাটি তুইপ চাড়া, কোন পার্টি ম্যানডেট ছাড়া ভোটিংএর সময় যেন দেখা না যার কারা ভোট দিচ্ছে এইভাবে যেন ভোট নেওয়া হয়। কেননা আমি আশা করছি এবং এই বিশ্বাস রাখছি যে এই বিশ সম্পর্কে প্রতিবাদ আন্তো আনেম্বলীতে মুখর হয়ে উঠেনি বটে, বাইরে মুখর হয়ে উঠেছে। এই সম্পর্কে প্রতিবাদ মুখর হয়ে উঠা দরকার। কেন না এই বিদ তথুমাত্র আমাদের কলকাতার পিপলকে ড়াইভ আউট করছে না. তথুমাত্র ভিমোত্র্যাসিকে মারবার স্চনা করছে না. এটা একটা করেন ইম্নিবিষালি জিমের কাচে সেম্লেস ওপেন সাৰ্মিশন, যে সাৰ্মিশনের জন্ম তাঁরা ব্ছণিন আপেই ভিমাণ্ড রি-ইটারেট করেছেন '৬৫ সালের শেব দিকে বে এই সেসনের ভিভরে এই বিল সমাপ্ত না করলে টাকা দেবেন না। ভাই হাভ কচলাভে কচলাভে শৈলবাবু প্রেসিণিটেটলি বাঁণিরে পড়েছেন এই বিলকে রাসথ ুকরার জন্ম। এই বিলটি it deserves to be thrown out. কাজে কাজেই বিলের আমি সর্বভোভাবে বিরোধীভা করছি—করে যে সাকুলেশন মোসন আছে ভাকে আমি সাণোট করছি।

[3-10-3-20 p. m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Sir. I rise in support of my circulation motion. In the introductory speech the Hon'ble Minister repeatedly assured us that this Bill has not been brought due to failure and incompetence of the existing local bodies. It is not due to their inefficiency that water-supply and drainage of the Calcutta Metropolitan area had not improved during the last 18 years. The Government has also to share the responsibility for the same. Works of such magnitued could not have been carried out by these Municipalities with their fragmented efforts and technological shortcomings. This is very true. But is this the whole truth or is there something else? That is the question. Or there is something behind it, some hidden power manipulating from behind the curtain to create an absolute authority, over and above these municipalities to control things in Greater Calcutta. Is the Calcutta of nightmares, Calcutta of processions or of agitations? What is the use of this Bill that we are discussing when Howrah continues to stink and the Government is totally callous about it? While the Hon'ble Minister was indulging in platitudes on the floor of the Assembly, his spokesman the Statesman, the so-called friend of India, came out with a stinking editorial in which it described as "proved incompetents" the Councillors of Calcutta Corporation. the members of the municipalities and the zilla parishads. This has let the cat out of the bag which reminds me of Dr. Jekyll on the floor of the Assembly and Mr. Hyde in the columns of the Statesman two faces of the same force. I have seldom missed the editorial columns of this distinguished paper but I do not remember to have seen anything more stinking and insolent than this editorial during the post independence days. The Amrita Bazat Patrika of today has also hastened to join the same band wagon with a similar stinking editorial. I wish Shri Tarun Kanti Ghosh was here to note it. If the Hon'ble Minister was at all sincere about his platitudes for the self-governing institutions he could establish the same which he did not do. He could have formed the C.M.P.O. authorities with the representations of these local bodies. the municipalities or the local bodies concerned, and nominated a few engineers and experts. Instead he chose to do the command performance at the dictates of the World Health Organisation, Ford Foundation and the World Bank. He proudly declared that India was also a member of the World Health Organisation. True, but at what end? Who calls the tune and who pays the piper—although only a pittance. This World Bank showed its insolence in financing the Haldia Port, which even our pro-American Government found it difficult to swallow. World Bank has recently examined the workings of our Third Five-Year Plan and handed over a scathing criticism to the Government of India specially in the field of agriculture. They are tremulously examining this criticism. They have to explain to the satisfaction of the World Bank soon, otherwise the meeting of the Aid India Club with respect to the aid for the Fourth Five-Year Plan will be delayed indefinitely. This is blackmail. This is not aid with mere strings, but with hanging ropes which will go on strangling all our efforts to independent growth. These are the forces that have dictated this Bill, and bave demanded that this absolute authority must be created with full legal safeguards, before any money can be sanctioned, granted or advanced. Already lakhs of rupees have gone down the drain before the preliminary CMPO survey report has seen the light of the day. Foreigners have pried into many of our vital sectors. Aerial photographs are in their possession for the use of our enemies perhaps when required, and now they demand to be retained in the Project itself as various sorts of Consultants perhaps for sabotaging the whole thing in the long run. All this is dangerous high-handedness, specially in the present circumstances. The angry and hasty rush in pushing this Bill through the Legislature is meaningful. Any delay is resented as was faithfully voiced by the same 'Statesman' editorial which ruefully says "On November 12 the Bill went to Select Committee. On December 8 it was denounced by a special meeting of the Calcutta Corporation and on December 13 by the Congress Municipal Association. Two days later the West Bengal Municipal Association was deciding to hold an anti-Bill Convention. Some Councillors talked of mass resignation or even a march on Delhi. But instead of welcoming all this as a sign that it was at last doing its job, the Ministry seemed to quail before their puny thunder." This is the audacious comment of the 'Statesman'. I wonder how the Ministry cherishes this wanton insult. But this was the blatant way to put to the public that the Ministry was doing some unique, democratic feat by processing this Bill into its present form through the Select Committee. Nothing of the sort. The Board with the Chairman's casting vote remains all powerful. The General Council with the elected majority now remains an ineffective advisory body only. The World Health Organization, the Ford Foundation and the World

Bank will have their show and not the sewerage, not the Metropolitan Authority, but the poor people of the metropolitan area will go down the drain. That is way I propose that this heinous conspiracy should face the bar of public opinion.

Sm. Ila Mitra: মাননীয় স্পীকার মহাপয়, যুক্ত কমিটি পার হরে যে বিলটি আমাদের সামনে এ সহে এই বিলের বিরোধিতা করবার জন্ম আমি উঠেছি। প্রথমত শৈলবার তার প্রাথমিক বক্তৃতায় বলেছেন যে এই বিল সম্বন্ধে আমি বিশেষভাবে আ্যানিওরেন্স দিলি যে ভবল ট্যাক্ষেসন হবে না, অটনমিকে কার্টেল করা হবে না এবং গণ্ডম্ম সম্পূর্ণভাবে বজায় রয়েছে এবং কলকাভাকে একটা স্পার নগরীয়াপে রচনা করবার জন্ম একটি পরিকল্পনা নিয়ে এই বিল উপস্থিত করা হয়েছে। আমি তাঁর সমস্ত যুক্তিগুলিকে বঙ্জন করে আমার বক্তব্য রাধতে চাই। প্রথম কথা হছেছে তিনি যে কথা বলছেন যে ট্যাক্সেসন হছে না—সমস্ত বিল পড়ে আমার কংছে যা মান হয়েছে, যে মেট্রোপলিটন এরিরায় অধিবাসীরা ২০০১ সালে মাবাপিছু ২০ স্যালন করে জল হয়ভো পেতে পারে—কিন্তু এই বিল পাল হবার পরে কি জ্বল সরবরাহ ব্যবস্থা, কি মন্ত্রলা নিষকাসনের ব্যবস্থা, কি পরিবহন ব্যবস্থা, কি বাসস্থানের ব্যবস্থা, কি শিক্ষা ব্যব্দা এই সমস্তের যে কতথানি উন্নতি হবে এই বিল পড়ে ভা কিছুই আমরা আশা করতে পারছি না। কিন্তু ঐ উন্নতির পরিবর্তে শহরের মান্ত্রের উপর অনেক পরিমাণে ট্যাক্সের বোঝা বেড়ে যাবে এটাই আমাদের মনে প্রথম আঘাত করেছে এবং ওখান ধেকে শেলবাবু যে আ্যাসিওরেন্স দিলেন তাঁরকথার কোন যুক্তি আমরা বুলৈ পাঞ্চি না।

[3-20-3-30 p.m.]

এবং আর একটা জিনিস আমার মনে হক্তে যেভাবে সাধারণ ভাবে কর্পোরেসান এবং Municipality অধীনে সাধারণ মাহুব পথ, শিক্ষা, জল ইত্যাদির জন্ম tax দিয়ে থাকে এ আটন শাল হলে আরো মনেক বেশী করে ভাদের tax দিতে হবে কোন কোন বিষয়ে Double taxation হয়ে যাবে। অথচ কতটা যে উন্নতি হবে তাকে জানে। এই কল্কাতা নগৱী সঞ্চাকে স্বৰ্গীয় প্ৰধানমন্ত্ৰী অন্তর্গলাল নেকেক এবং আরো অনেকে ভারতবর্ষের গণতন্ত্রের বিপদ বলে অভ্যকাতা শহরকে যে ইক্সিত করেছিলেন সে কলকাতা শহরের কতটা উন্নতি হতে পারে ভার কোন আশা এ বিশের মধ্যে নেই। উপরস্ক জনসাধারণকে আছো taxএর বোঝায় জর্জুরিত ক্ষা হৰে এটাই বেশ ব্ৰতে পাছি। হয়তো শৈলবাবু বলেছেন যে বুরোক্রেটিক কন্টল যাই থাক না আমি দেখছি সামাত্ত যে গণ্ডর এদেশে আছে দে গণ্ডরতে কিভাবে চাপা দেওয়। যায় ভার একটা পরিণতি এইভাবে এ বিলকে উপস্থিত করা ৹য়েছে। যেখানে স্বয়ত্ব শাসন্মূলক ষে প্রতিষ্ঠান রয়ে:ছ সেখানে যে স্বায়ত্বশাধনমূলক প্রতিষ্ঠান এবং ক্ষমতাকে স্বোভোভাবে সংক্ষচিত করে কার্টেল করে একটা বুরোক্রেটিকের হাতে এ সমস্ত স্বায়ত্ব শাসনমূলক প্রতিষ্ঠানকে সোঁপে চেডে দেওয়া হচ্ছে। সেদিক পেকে বিশ্বত আলোচনা না করে বলতে চাই এই বোর্ড অফ ডায়রেকটাস যেটা হচ্ছে সেটাই এই প্রতিষ্ঠানের সর্বে স্বা জিনিস এই Board of Directors সাধারণ মানুবের প্রতিনিধি থারা নির্বাচিত হচ্ছে না। সেধানে গভ:এর ৩ জন মনোনীত Board of Directors এ বাচ্ছেন এবং বাকি ও ক্সন কোনাল কাউলিল থেকে আসছেন তাঁরাও পরোক্ষভাবে নির্বাচিত হরে আসছেন এবং ৩ জন Board of Directorsএর মধা থেকে Govt. একজনকে মনোনীত করবেন Chairman ছিলাবে। বে Chairman এব জ্ঞধীনে Board of Directors এবং General পরিবদ কাল করবে অর্থাৎ Government ৰিশেষ একজন মনোনীভ ব্যক্তির জ্বীনে সমস্ত Corporation এবং Municipality নির্বাচিত প্রতিনিধি এবং General Councilএর বে সমস্ত ব্যক্তি নির্বাচিত হয়ে আস্তবেন তারা এবং Board of Directors বে সমস্ত প্রতিনিধি আসবেম ভারা সকলেই কাব্য করবেন।

ুঞ্জে যদি Bureaucratic Control না বলি ভাছলে কাকে বলবো জানা নেই। এর কথা হরে ররেচে অর্থাৎ मत्या त्य General Manager Chief Executive Officer ভিনি Board of Directors খেকে নিধাচিত ছবেন बालिएक General Council क्लान कथा बनएक চाहरव নিৰ্বাচ'নৱ Board-এর আমরা বিরুদ্ধে নই কিছ সেই Board যদি সেইভাবে হস্ত Corporation এর ধ্যেন Standing Committee ইত্যাদি বিভিন্ন কমিটি গঠিত হয় সেইভাবে যদি বোর্ড গঠিত হত ভাছদে গণভন্ত প্ৰভিত্তিত থাকভো। কিন্তু এইভাবে সবকারী মনোনীত বাক্তি মাখায় বসিরে দিয়ে সমস্ত Municiple প্রতিনিধিদের তার অধীনে রেংখ শৈলবাবু কি ধরনের গণহন্ত উপস্থিত করেছেন তা বুকতে পার্ছি না। তারপর সাধারণ পরিষদে যে ৫০ জন প্রতিনিধির কথা বলেছেন ভারমধ্যে ১৬ জন ংবেন Govt. মনোনীত। কিন্তু Govt. এর ১৬ জন মনোনীত প্রতিনিধি তারা কি রকমের expert ধে ভারা Govt. মনোনয়ন নিম্নে আসছেন। Corporation এবং Municipality- এর যে নিব' চিত প্রতিনিধি তার: পোর প্রযোগ প্রথা দেবার জন্ম জন সাধারণের ভোটে নির্বাচিত হল্লে আসছেন। ভাদের উপর ১৬ জনের কি বিশেষ গুণ ধাক্ষে ভারা Govt. মনোনীত হয়ে আস্চেন, নিৰ্বাচিত না করে যে General Council এ। ভিন অন Board of Directors এর মধ্যে Govt. কর্ত্তক মনোনীত Board তার কথা অনুযায়ী কাজ করবে। এইভাবে ভারা অনুসাধারণ প্রতিনিধিত্বের বিষয়টকে ক্ষতিগ্রন্থ কর ছন। এদিক পেকে এটা একবার ভেবে দেখুন। বিভীয়ত: ২০ জন Corporation এবং Municipal প্রতিনিধির ব্যবস্থা করে: চন। সেধানে আমরা দেখচি যে সর্বসমেত Corporation এবং Municipality মিলে এটা ৩ংটা। এই ৩ংটা যদি হয় তা হলে সেধানে ২০ জন—এখন যেটা ভনছি ২৫ জন করেছেন এই ২০টি Municipality থেকে ১২ জন প্রতিনিধি আনবেন। তাগলে প্রায় ৩২টা Municipality এর ১২ জন প্রতিনিধি আসছেন এবং ভাছলে ২০টা Municipality এর unrepresented অর্থাৎ সেধানকার কোন প্রতিনিধি General Council এ যাবার ক্রবোপ পাচেছ না। কলকাতা এবং হাওড়া থেকে যথাক্রমে ৬ অনে এবং ২ জন প্রতিনিধি আসেবেন। যে কারণে এবানে proportional election ব্যবস্থা নেই কারণ বিরোধীতা সত্তেও যে সমস্ত Corporation এবং Municipality রয়েছে তালের এই General Councila আসবার ক্রযোগ দিচ্ছেন না এই বিলের মধা দিয়ে অন্তদিক থেকে আমরা দেখছি যে পুঁজিপণিদের পক্ষ থেকে Chamber of Commerce এর একম্বন প্রতিনিধি General Council এ নেওয়া হকে। অধাৎ পুঁ বিপতিদের বক্তব্য যাতে ভাল ভাবে Represented হয় Capitalist দেৱ বক্তব্য যাতে Represented एव मिछारे प्राथकिन। नाशांवण मासूच जात्मव स्थ-स्विधात कथा (विहा, मिहा সেধানে represented হোক এটা Govt. চান না। সেজ্জ Trade Union এর কোন প্রতিনিধি General Council এ নেই। আমাদের শৈলবাব বলেছেন যে এ বিষয়ে আন্তরিকভার লবুকার। ভিনি ভার গদগদ কঠে বলেছেন যে আমরা চাই গণভদ্মের মধ্য দিয়ে দেশের উল্লভি ছোক। ভা যদি হত তা হলে নিশ্চই এটা অন্তভাবে চিস্তা করতেন, অক্ত ব্যবহা করতেন। আমরা দেখেতি যে Bombay Corporation যে রয়েছে সেই Corporation এ সাধারণ পৌর স্থ্যবিধা ছাড়াও ধানবাধন, বিতাৎ ইত্যাদির ভারা ব্যবস্থা করে থাকেন। সমস্ত Municipal এবং Corporation এর প্রতিনিধিদের নিয়ে একটা co-ordination কমিটি করে ভালের পক্ষ খেকে একটা Board নিৰ্বাচিত হলে সেই Board অন্তান্ত বিভিন্ন বিভাগ ভাতে সৃষ্টি হতে পারে এবং এইভাবে যদি করতেন ভাহদে বুঝভাম যে খানিকটা গণভৱের প্রভি আন্ধা রেখেছেন। প্রথম কথা হচ্ছে বে World Bank নিয়ে এত কথা হচ্ছে বৎসর ধরে লক্ষ লক্ষ টাকা ধরচ করে যে মাকিন বিশেষজ্ঞ কলকাভায় আনা হচ্ছে সেটা না করে কলকাভার উরভি যদি করার ইঞ্টি থাকত Govt. এর তাহলে সাধারণ মাসুষের কাছে তারা সেইভাবে আন্তরিক্তার পরিচর ছিতে পারতেন এবং সাধারণ মা**দু**য় সে অর্থ দিজেন এবং যা বাকী **ধাকভো সেটা** কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে নিয়ে এবং আমাদের দেশের expert নিয়ে এটা क्या (यछ। किन्न छ। ना करत विश्वनी expert अत क्या एएत्व । एमी expert नित्य ৰ্দি আমাদের ক্লকাভা শহরের উল্লয়নের ব্যবস্থা করতেন, বিদেশী expert বেটার কথা বলছেন সেটা কেন নিতে হবে জানি না সেটা না নিয়ে করলেই ভাল হত। World Health Organisation. विश्व वाहित अत C. M. P. O .- এর নামে, মার্কিন विश्वचारम्य नात्य, प्राक्ति मान्द्र-तम्य सात्क, तम्म गैर्ण तम्बाद बावका यनि ना कवरणन, यनि সামাস্তভম আন্তরিকতা থাকত, বদি সুধস্থবিধা Metropolitan সংস্থার নামে যে আমলাভাত্তিক সংস্থা গঠিত হবে এই বিলের মাধ্যমে ভার অধীনে গিয়ে দেখা যাবে যে করপোরেশান এবং মিউনিসিণ্যালিটি ভার নির্বাচিত প্রতিনিধির সংক বারা আমলাভাত্তিক প্রতিনিধি তাদের সংক লৰ সময় একটা ঝগড়া লেগে থাকৰে যার ফলে জনসাধারণ কোন স্বযোগস্বিধা পাৰে না। তাঁরা ষ্থন সরকারের কাছে নালিশ করতে যাবেন তখন সরকার कি করবেন ভার ঠিক নেই। সেদিক থেকে দেখলে দেখা যাবে যে সমস্ত দিক থেকে একটা বিশৃত্যল অবস্থার সৃষ্টি হবে। কাজেই পৌর জন জীবনের স্থপ্পবিধা দেবাধ ব্যবস্থা না করে আরও বেশী Tax ধার্য করবার ব্যবস্থা अहे बिल क्रम्बर्ट । कांट्यके अन्न मित्क Municipal अवर Corporation केनामित्क विल्लान কৰে দেবার পদকেপ, ভার ক্ষমভাকে ধর্ব করবার চেষ্টা এই বিলে দেখা যাছে। ভতীয়তঃ বিদেশী সাহাব্যের নামে ব্রিটিশ এবং মার্কিনের সাহায্য নেওয়া অথচ তাদের যেরপ আমরা ভারত-পাক যুক্তের সময় দেখেছি ভাচে আমরা ব্রতে পেরেছি যে মার্কিন এবং ব্রিটিশ আমাদের কি রকম বন্ধ কাজেই আলকে যে বন্ধরা আসছে কলকাভার উন্নতি করতে হবে এই বলে তার জন্ম কলকাভার expert. কলকাভার মাতুষ না নিয়েই ভারা কলকাভা শংরের উন্নতি করবেন কারা না লাকিন ব্যার নাকিন বিশেষ্ক্রর। বাঁথা পাকিস্তান এবং ভারভের যুদ্ধের সময় আমাদের শক্তর হাতে পাটর্ণ ট্যাছ এবং সাবারজেট দিয়েছিল সেই বন্ধদেরই আমন্ত্রণ করে ভেকে আনচেন।

[3-30-3-40p.m.]

তারাই এসে আমাদের এই কলকাভার ভাগ্য নিয়ন্ত্রণ করবেন। এই ভাবে, শৈলবাবু আমাদের দেশকে মান্তিন যুক্তরাষ্ট্রের হাভে তুলে দিছেন। মার্কিনীদের এত দিনের যে চক্রান্ত, সেই চক্রান্তকে লক্ষল করবার দিকে নিয়ে যাছেন এই বিলের মাধামে। সেদিক থেকে সমস্ত মিলিয়ে দেখা যাছে বে—একদিকে জনগণের উপর ট্যাক্সের বোঝা অত্যধিক বাড়বে। দ্বিতায়তঃ হচ্ছে গণভারকে একেবারে বলি দিয়ে, এখানে bureaucratic control-এর রীভিমত ব্যবদা হবে। তৃতীয়তঃ বিদেশী সাহায়ের নামে, মার্কিন বিশেষজ্ঞদের নিয়ে আসার নামে, যারা আমাদের প্রচন্ত্রতম শক্তরে শক্তর হাতে আমাদের দেশকে তুলে দেবার জন্ত প্রথম পদক্ষেপ হিসাবে এই বিল আমাদের সামনে উপস্থিত করা হরেছে। সেইজন্ত আমি স্বাস্তঃকরণে এই বিলের বিরোধিতা করছি।

Shri Aswini Roy: মাননীয় অধ্যক মনালয়, আমি কলিকাতার অধিবাসী নই, অথচ কো এই বিলের উপর বলতে উঠনাম? কারণ, এই বিলটি হচ্ছে একটা model. যে model-এ ভবিশ্বতে যে কোন অঞ্চলর উন্নন হবে, একট ধাঁচে সেগুলি করা নবে। কাজেই এই মডেলের মধ্যে ঘুট উদ্দেশ্য স্বয়েছে। একটা হচ্ছে যে, কলিকাতার ৬০ লক্ষ লোকের জল সরবরাহ, স্বাস্থ্য স্থকায় জল, এবং বিভীয় উদ্দেশ্য হচ্ছে, এই যে ৬০ লক্ষ লোককে কি পরিষাণ ট্যাক্স বহন করডে ছবে।

এখন এই model বখন ভৈরী হবে এবং ভা পাশ হবে, ভখন এই model-এ অক্ত ভারগান্তেও উর্বন করা সম্ভব হবে, অদূর ভবিশ্বতে, এই পরিক্রনা আমাদের রয়েছে। বেণী দূর নত্ত্ব, নর্থ বেল্লা, আধার এই স্বক্ষ একটা Metropolitan Planning Organisation হবে। ভাসানসোলে, তুর্গাপুর Metropolitan Planning Organisation হরেছে, এবং সেইসব

